পানি সম্পদ মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১।	পানি সম্পদ মন্ত্রণালয়	১৭	১৫	০২	--	০৪	০৬	৩৩.৩৩ % - ৩০০%	০৫	০.২৭% - ২৭৭.১০

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৭ টি

০২। ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

নিম্নলিখিত কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়:

বাস্তবায়ন মেয়াদে বর্তমানে সমাপ্ত প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণসমূহ হচ্ছে যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা ব্যতীত প্রকল্প প্রণয়ন ও ঠিকাদার নিয়োগে বিলম্ব, ক্রয় কার্য প্রক্রিয়াকরণে সময়ক্ষেপন, ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী ইত্যাদি। তাছাড়া সমাপ্ত প্রকল্পসমূহের ব্যয় মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা বৃদ্ধি না পেলেও প্রকল্প প্রণয়নকালে বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় কার্যক্রম প্রকল্প প্রস্তাবে অন্তর্ভুক্ত না করা, বারবার ভৌত কাজের ডিজাইন পরিবর্তন ও সিডিউল রেট/নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি হেতু ভৌত কাজের ব্যয় বৃদ্ধি পাওয়ায় কাজের পরিমাণ হ্রাস করে প্রকল্প সংশোধন, সঠিক পরিকল্পনার অভাব, দুর্বল প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি কারণে অনেক প্রকল্প মূল পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

ক্র: নং:	সমস্যা	সুপারিশ
০১।	অধিকাংশ ক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা Feasibility study ব্যতীত জিওবি প্রকল্প গ্রহণ করা;	সম্ভাব্যতা সমীক্ষার নিরিখে প্রকল্প গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে;
০২।	DPP/TPPতে উল্লিখিত কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা	DPP/TPP-তে উল্লিখিত কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য

ক্র: নং:	সমস্যা	সুপারিশ
	অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন না করা;	প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
৩।	বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি, ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী করা;	ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীর বিষয়টি পরিহার করতে হবে। ভবিষ্যতে কোন প্রকল্পে পরিচালকের বদলীর প্রয়োজনীয়তা দেখা দিলে প্রকল্প পরিচালক বদলী সংক্রান্ত কমিটির সুপারিশ/অনুমোদন ক্রমে বদলী করতে হবে;
৪।	পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ না দেওয়া;	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসন মোতাবেক প্রতিটি প্রকল্পের জন্য একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৫।	প্রকল্প বাস্তবায়নের জন্য সার্বিক কোন কর্মপরিকল্পনা না থাকা;	ডিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা রাখতে হবে;
৬।	মাঠ পর্যায়ে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহের মধ্যে সমন্বয়হীনতা;	প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করতে হবে;
৭।	কোন কোন প্রকল্পের আওতায় স্থাপিত সিসি ব্লকের কিছু কিছু স্থানে ফাঁকা থাকা, ব্লক সরে যাওয়া , অব্যবহৃত ব্লক ছড়িয়ে ছিটিয়ে পড়ে থাকতে দেখা যায়।	প্রকল্পের আওতায় স্থাপিত সিসি ব্লকের সকল ফাঁকা স্থান কংক্রিট দিয়ে বন্ধ করা প্রয়োজন তা না হলে নদীর পানিতে সিসি ব্লক ক্ষতিগ্রস্ত হবে এবং যে উদ্দেশ্যে সিসি ব্লক স্থাপন করা হয়েছে তা পুরোপুরি ব্যর্থ হবে। এছাড়া সরে যাওয়া ব্লক ডিপিপি অনুমোদিত কাঠামো অনুযায়ী স্থাপন করতে হবে এবং অব্যবহৃত ব্লকসমূহ স্তুপ আকারে জমা রাখতে হবে যেন আপদকালীন সময়ে তা জরুরি ভিত্তিতে ব্যবহার করা যায়;
৮।	ভূমি অধিগ্রহণে সময়মত উদ্যোগ গ্রহণের অভাব এবং সময়ক্ষেপণ করা ;	যথাসময়ে ভূমি অধিগ্রহণে র প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং তা নিশ্চিত করা;
৯।	প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম প্রকল্প শেষে পরিচালনা করার জন্য রাজস্ব বাজেটের অপ্রতুলতা;	প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম প্রকল্প শেষে পরিচালনা করার জন্য রাজস্ব বাজেটে সংস্থান রাখতে হবে;
১০।	সমাপ্ত প্রকল্পের Internal ও External অডিট দ্রুত সম্পাদন না করা;	বছরভিত্তিক এক্সটার্নাল অডিট করে তা প্রকল্প মেয়াদেই নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করা;
১১	প্রকল্প বাস্তবায়নকালে স্টিয়ারিং কমিটি ও পিআইসি কমিটির সভা যথাসময়ে অনুষ্ঠিত না হওয়া;	প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী স্টিয়ারিং কমিটি ও পিআইসি কমিটির

ক্র: নং:	সমস্যা	সুপারিশ
		সভা আয়োজন করতে হবে;
১২।	আইএমইডি'র বিদ্যমান পরিপত্র অনুযায়ী উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ না করা;	উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ করতে হবে।

বান্দরবান আলীকদম সেনানিবাসের নিকট মাতামুহুরী নদীর ডানতীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত-জুন, ২০১৮)

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১. **প্রকল্পের নামঃ** বান্দরবান আলীকদম সেনানিবাসের নিকট মাতামুহুরী নদীর ডানতীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)

২. **প্রকল্প পরিচালকের নামঃ** জনাব মোঃ রুহুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কক্সবাজার পওর সার্কেল, বাপাউবো,কক্সবাজার।

৩. **প্রকল্পের ধরনঃ** বিনিয়োগ প্রকল্প।

৪. **উন্নয়ন সহযোগীঃ** প্রযোজ্য নয়।

৫. **বাস্তবায়নকাল ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় টাকা প্রঃ সাঃ	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট জিওবি প্রঃ সাঃ	সংশোধিত (সর্বশেষ) মোট জিওবি প্রঃ সাঃ		মূল	সংশোধিত (সর্বশেষ)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২১৭.০৫ ২২১৭.০৫ --	১৮৯০.০০ ১৮৯০.০০ --	১৭৮৫.৭৭ ১৭৮৫.৭৭ --	জুলাই,২০১৬ থেকে জুন , ২০১৮	জুলাই,২০১৬ থেকে জুন, ২০১৮	জুলাই,২০১৬ থেকে জুন, ২০১৮	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৬.বাস্তবায়নকারী সংস্থাঃ

মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রনালয়	প্রকল্প এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড		চট্টগ্রাম	বান্দরবান	আলীকদম

৭. অনুমোদনের তারিখ, মেয়াদ বৃদ্ধিঃ

মূল	২৭-০৯-২০১৬ খ্রিঃ
সংশোধিত	৩০-০৬-২০১৮ খ্রিঃ

৮. প্রকল্পের উদ্দেশ্যঃ

- আলীকদম সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা করার মাধ্যমে জাতীয় নিরাপত্তা নির্বিঘ্ন করা।
- পাহাড়ী ঢল জনিত ক্ষতি প্রতিরোধ করা।
- ভূমি ধ্বস প্রতিরোধ করা।
- নদী ভাঙ্গানের ফলে উদ্ভুত সমস্যা রোধ করা।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৯. অঙ্গ ভিত্তিক অগ্রগতিঃ (লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্জন	
			আর্থিক (লাখ)	বাস্তব	আর্থিক (লাখ)	বাস্তব (%)
ক)	**রাজস্ব খাতঃ**					
৪৮২৭	**সরবরাহ ও সেবাঃ**					
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	দফা	৩.০০	১০০%	৩.০০	১০০%
৪৮২৮	স্টেশনারী	দফা	২.০০	১০০%	২.০০	১০০%
৪৮২৭	প্রিন্টিং ও পাবলিকেশন	দফা	২.০০	১০০%	২.০০	১০০%
৪৮৮৩	বিভিন্ন কমিটির সম্মানী	দফা	৩.০০	১০০%	৩.০০	১০০%
৪৮৮৬	জরিপ ও অনুসন্ধান	দফা	৩.০০	১০০%	৩.০০	১০০%
৪৯০০	**সংরক্ষণ, মেরামত ও পুনর্বাসনঃ**					
৪৯০১	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	টি	৩.০০	১০০%	৩.০০	১০০%
	রাজস্ব খাতের উপমোটঃ	**-**	**১৬.০০**	**১০০%**	**১৬.০০**	১০০%
খ)	**মূলধন খাতঃ**					
৬৮০০	সম্পদ সংগ্রহ ও ক্রয়					
৬৮১৪	স্টান্ডসহ লেভেলিং যন্ত্রপাতি ক্রয়।	সেট	২.০০	১০০%	২.০০	১০০%
৬৮১৫	কম্পিউটার (লেজার প্রিন্টার, ইউপিএসসহ)	সেট	৩.০০	১০০%	৩.০০	১০০%
৭০০০	নির্মাণ ও পূর্ত					
৭০৮১	মাতামুহুরী নদীর ডানতীর সংরক্ষণ কাজ (৭০০	কিঃমিঃ	১৭৭৩.৩০	১০০%	১৭৬৪.৭৭	১০০%
৭০৮১	নদী খনন/ড্রেজিং (চেইনেজ কিমিঃ ০.০০০ হতে কিমিঃ ৫.০০০)	কিঃমিঃ	৩৫.৭৮	১০০%	-	-
	মূলধন খাতের উপমোটঃ	**-**	**১৮১৪.০৮**	**১০০%**	**১৭৬৯.৭৭**	**১০০%**
গ)	**ফিজিক্যাল কন্টিনজেন্সি**	**থোক**	**৩০.০০**		**-**	-
ঘ)	**প্রাইজ কন্টিনজেন্সি**	**থোক**	**২৯.৯২**		**-**	-
	সর্বমোটঃ (ক+খ+গ+ঘ)	**-**	**১৮৯০.০০**	১০০%	**১৭৮৫.৭৭**	১০০%

(মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর অনুযায়ী)

১০. বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্ক্ষিত অগ্রগতি না হলে তার কারণ ও প্রকল্প পরিচালকের ব্যাখ্যা): বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ নিম্নরূপঃ-

ক্রঃ নং	অর্থ বছর	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী			প্রকৃত ব্যয়	অর্জিত অগ্রগতি
		বরাদ্দ		লক্ষমাত্রা		
		টাকা	প্রকল্প সাহায্য			
১	২	৩	৪	৫	৬	৭
১	২০১৬-১৭	৩০০.০০	-	১৪.০০%	৩০০.০০	১৪.০০%
২	২০১৭-১৮	১৫৩০.০০	-	৮৬.০০%	১৪৮৫.৭৭	৮৬.০০%
সর্বমোট =		**১৮৩০.০০**		**১০০%**	**১৭৮৫.৭৭**	**১০০%**

১১. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন কাজ অসমাপ্ত নেই।

১২. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা
- মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

১৩. প্রকল্পের মূল কার্যক্রমঃ

১৩ (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: প্রকল্পটি অর্পিত ক্রয়কার্য পদ্ধতিতে ১৬ইসিবি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
জি-০১ কম্পিউটার (লেজার প্রিন্টার, ইউপিএস সহ) ক্রয়।	২৯-০৬-২০১৭ ও ৩.০০	৩০-০৬-২০১৭ ও ৩.০০	৩০-০৬-২০১৭	৩০-০৬-২০১৭	-
জি-০২ স্টান্ডসহ লেভেলিং যন্ত্রপাতি ক্রয়।	২৯-০৬-২০১৭ ও ২.০০	৩০-০৬-২০১৭ ও ২.০০	৩০-০৬-২০১৭	৩০-০৬-২০১৭	-
ডাব্লিউপি-০১ Bank Protection work on the Right bank of Matamuhuri River from km. ০.০০০ to km. ০.৪০০ (= ০.৪০০ km.) at Alikadam Sena Nibash in Upazila-Alikadam, Dist: Bandarban under the project " Bank Protection work on the Right bank of Matamuhuri River near Alikadam Sena Nibash,Bandarban".	২৯-০৬-২০১৭ ও ৯১৮.৩৪	৩০-০৬-২০১৭ ও ৯৮১.২০	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৮	-
ডাব্লিওপি-০২ Bank Protection work on the Right bank of Matamuhuri River from km. ০.৪০০ to km. ০.৭০০ (= ০.৩০০ km.) at Alikadam Sena Nibash in Upazila-Alikadam, Dist: Bandarban under the project " Bank Protection work on the Right bank of Matamuhuri River near Alikadam Sena Nibash,Bandarban".	২৯-০৬-২০১৭ ও ৭৩৫.১২	৩০-০৬-২০১৭ ও ৭৯২.১০	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৮	-

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী ও মূল দপ্তর	দায়িত্ব কাল	দায়িত্বের ধরন (অতিরিক্ত/মূল)
১.	জনাব আজিজ মোহাম্মদ চৌধুরী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী কক্সবাজার পওর সার্কেল	২৯/১১/২০১৬ খ্রিঃ হতে ২৪/০৭/২০১৭ খ্রিঃ	মূল
২.	জনাব মোঃ রুহুল আমিন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী কক্সবাজার পওর সার্কেল	১৯/১১/২০১৭ খ্রিঃ হতে বর্তমান	মূল

১৫. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

প্রযোজ্য.নয়।

১৬. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: পূর্ত অডিট পরিদপ্তর হতে Entity Wide অডিটের লক্ষ্যে সম্প্রতি তথ্যাদি সংগ্রহ করা হয়েছে বলে জানা যায়।

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৭. পরিদর্শনকৃত এলাকা: বান্দরবান জেলার আলীকদম উপজেলার আলকিদম সেনানিবাস এলাকা।

১৮. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ: গত ১৫.১১.২০১৮ তারিখে আইএমইডির সহাকারী পরিচালক লসমী চাকমা কর্তৃক প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বান্দরবান পওর সার্কেলের নির্বাহী প্রকৌশলী জনাব রাকিবুল হাসান, বাংলাদেশ সেনাবাহিনী ১৬ ইসিবি'র কর্মকর্তা মেজর রিজওয়ান রহমান ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৮.১। পরিদর্শনে জানা যায়, বান্দরবান জেলার আলীকদম সেনানিবাস মাতামুহুরী নদীর ডান তীরে অবস্থিত। মাতামুহুরী নদীর উৎপত্তিস্থল মায়ানমারের আরাকান পর্বতমালায়। নদীটি আরাকান হয়ে বান্দরবান জেলার বিস্তীর্ণ পাহাড়ি এলাকা ও কক্সবাজার জেলার চকরিয়া উপজেলায় প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরের মহেশখালী চ্যানেলে পতিত হয়েছে। মাতামুহুরী নদীতে পাহাড়ি ঢলের প্রভাবে নদীর তলদেশ দ্রুত ক্ষয় প্রাপ্ত হয়ে যায় ফলে নদীর ডানতীরে আলকিদম সেনানিবাস ও অন্যান্য সরকারি/বেসরকারি বিভিন্ন স্থাপনা ভাঙ্গন কবলিত হয়ে পড়ে। নদীভাঙ্গন রোধে মাতামুহুরী নদীর ডানতীরে প্রতিরক্ষামূলক কাজসহ নাব্যতা বৃদ্ধির জন্য আলোচিত প্রকল্পটি গত ২৭/০৯/২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পটির মোট ব্যয় ২২১৭.০৫ লক্ষ টাকা (জিওবি) এবং মেয়াদকাল ০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। অর্পিত কাজ (Delegated Work) পদ্ধতিতে বাংলাদেশ সেনাবাহিনী ১৬ ইসিবি, ঝাউতলা, কক্সবাজার কর্তৃক প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রম মূল মাতামুহুরী নদীর ডানতীর সংরক্ষণ ৭০০ মিটার ও ৫ কি.মি. নদী ড্রেজিং। পরবর্তীতে শুধুমাত্র ৫ কি.মি. নদীতে ড্রেজিং কাজ ফলপ্রসু হবে না বলে প্রতীয়মান হওয়ায় এবং বৃহৎ আকারে মাতামুহুরী নদীতে ড্রেজিং কাজের পরিকল্পনা করা হয়। এক্ষেত্রে আলোচ্য প্রকল্প হতে ৫ কি.মি. ড্রেজিং কাজ বাদ দিয়ে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১ম বার সংশোধন করা হয়।

১৮.২। পরিদর্শনে দেখা যায়, মাতামুহুরী নদীর ডানতীরে ৭০০ মি. নদী তীর সংরক্ষণ কাজ করা হয়েছে। প্রকল্প অনুমোদনের পর রিভার মরফোলজী পরিবর্তন-এর কারণে নদী তীর সংরক্ষণ কাজের আংশি ক পরিবর্তন হয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। ডিপিপির ডিজাইন ও স্পেশিফিকেশনে তীর সংরক্ষণ কাজটি সম্পাদন করা হয়েছে। টাস্কফোর্স কর্তৃক ব্লক গণনা এবং গুণগতমান পরীক্ষার পরে ব্লক প্লেসিং সম্পাদন করা হয়েছে (চিত্র-১) ।



চিত্র ১: প্রকল্পের আওতায় সম্পাদিত তীর সংরক্ষণ কাজ

১৮.৩। তবে তীর সংরক্ষণ কাজের কিছু অংশে ব্লকের ফিনিশিং মানসম্মত প্রতীয়মান হয়নি(চিত্র ২)। প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত সেনা কর্মকর্তা জানান, মার্চ, ২০১৮ এর শেষ দিকে তাঁরা ডিজাইন হাতে পান। প্রকল্পটির কাজ নির্ধারিত সময়ে সমাপ্তকরণে দ্রুত ব্লক নির্মাণ কাজ করতে হয়। ডিজাইন সময় অনুযায়ী পাওয়া গেলে ব্লকসমূহের ফিনিশং আরো ভালো করা সম্ভব হত।



চিত্র ২: কিছু ব্লকের ফিনিশিং মানসম্মত প্রতীয়মান হয়নি ।

১৮.৪। মাতামুহুরী নদীর ডানতীরে ৭০০ মিটার তীর সংরক্ষিত অংশে নদীতে যাতায়াতের জন্য ৩টি ড্রেনেজ আউটলেট নির্মাণ করা হয়েছে। ডিজাইন অনুযায়ী কাজগুলো সম্পাদন করা হয়েছে জানা যায়। পরিদর্শনে ড্রেনেজ আউটলেট সিড়ি নির্মাণকাজ সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

১৯. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন: আরডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল অঙ্গের কাজ বাস্তবায়ন করা হয়েছে।

২০. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণ করা হয়েছে।

২১. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- সম্পাদিত কাজ: প্রকল্পের আওতায় ১০০% সিসি ব্লক ব্যবহার করে ৭০০ মি. নদীতীর সংরক্ষণ করা হয়েছে।
- ব্যবহৃত পণ্য / উপকরণ: ব্যবহৃত সিমেন্ট, বালু,স্টোন চিপ্স বুয়েটে টেস্ট করা হয়েছে এবং নির্মাণের পর টাস্কফোর্স কর্তৃক টেস্ট করা হয়েছে।

২২. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): সাইট বই সংরক্ষণ করা হয়েছে।

২৩. প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ আর্থিক অগ্রগতিঃ ১৭৮৫.৭৭ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতিঃ ১০০%।

২৪. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন (উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ):

Objectives as per DPP	Actual achievement	Reasons for shortfall, if any
আলীকদম সেনানিবাস ও অন্যান্য সরকারি, বেসরকারি স্থাপনা, বাড়িঘর, ভু-সম্পত্তি ইত্যাদি মাতামুহুরী নদীর ভাঙ্গনের কবল থেকে রক্ষা করা।	প্রকল্প বাস্তবায়নের ফলে আলীকদম সেনানিবাস ও অন্যান্য সরকারি, বেসরকারি স্থাপনা, বাড়িঘর, ভু-সম্পত্তি ইত্যাদি মাতামুহুরী নদীর ভাঙ্গনের কবল থেকে রক্ষা পেয়েছে।	প্রযোজ্য নয়

২৫. প্রকল্প বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত: প্রকল্পটি বাস্তবায়নের ফলে সেনানিবাস এবং এর স্থাপনাসমূহ নদীভাঙ্গন হতে রক্ষা পেয়েছে ব লে উপস্থিত সেনা কর্মকর্তা জানান। এছাড়া তীর সংরক্ষণের পাশাপাশি বেসামরিক লোকজনের নদী ব্যবহারের জন্য সিড়ি নির্মাণ করায় উপস্থিত স্থানীয় জনগণ সন্তোষ প্রকাশ করেন।

২৬. সার্বিক পর্যবেক্ষণ:

২৬.১. আলোচ্য প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়নকাল জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করা হয়েছে। ফলে প্রকল্পের Cost over run এবং Time over run হয়নি।

২৬.২. টাস্কফোর্স কর্তৃক ব্লক গণনা এবং টেস্টিং সম্পাদনের পর ব্লক প্লেসিং করা হয়েছে।

২৬.৩ মাতামুহুরী নদীর ডান তীর প্রতিরক্ষা কাজ সন্তোষজনক প্রতীয়মান হয়েছে এবং

২৬.৪ প্রকল্পের Internal এবং External Audit সম্পন্ন করা হয়নি।

২৭. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



চিত্র ৩ : প্রকল্পের আওতায় নির্মাণকৃত সিড়ি



চিত্র ৪: প্রকল্পের আওতায় নির্মিত ড্রেইনেজ আউটলেট



চিত্র ৫: প্রকল্পের আওতায় সম্পাদিত তীর সংরক্ষণ কাজ

২৮. বাস্তবায়ন সমস্যা: প্রকল্পের অনুমোদিত ডিপিপি -তে চেইনেজ কি.মি. ০.০০ হতে কি.মি. ১৯.০০-এর মধ্যে ৫ কি.মি. ড্রেজিংসংস্থান ছিল । মাতামুহুরী নদীর দৈর্ঘ্য ১২ কি.মি.। পাহাড়ি নদী হওয়ায় এটি অত্যন্ত খরস্রোতা এবং প্রচুর পরিমাণে পলি /সিল্ট বহন করে। এ পর্যায়ে শুধুমাত্র ৫ কি.মি. দৈর্ঘ্যে ১মি. গভীরতায় নদী খনন করলে তা পলি পড়ি দ্রুত ভরাটের আশংকা রয়েছে। এতে ড্রেজিং-এর প্রকৃত সুফল পাওয়া সম্ভব হবে না। প্রকল্প হতে ড্রেজিং কাজ বাদ দেওয়ার বিষয়ে বাংলদেশ সেনাবাহিনীর পক্ষ হতে বাপাউবো-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়া মাতামুহুরী নদীর ভাটিতে ৩৯কি.মি. ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য একটি প্রকল্প ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং মাতামুহুরী নদীর উজানের বাকি সম্পূর্ন দৈর্ঘ্যে ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য একটি স্বতন্ত্র প্রকল্প প্রণয়ন করা হয়েছে। বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। এ প্রেক্ষিতে ২৯০.৮৬ লক্ষ টাকা হ্রাস করে ৩৫.৭৮ লক্ষ টাকা ব্যয়ে ০.০৫০কি.মি. ড্রেজিং-এর সংস্থান রেখে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটি ১ম বার সংশোধন করা হয়েছে ।

২৯. সুপারিশ/মতামতঃ

২৯.১। প্রকল্পের আওতায় সম্পাদিত কাজসমূহ টেকসইকরণে এবংএকইসাথে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী Outcome অর্জনে সম্পাদিত কাজসমূহের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে;

২৯.২। আলোচ্য প্রকল্পটিকে উদাহরণ হিসেবে নিয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য বাস্তবায়নাধীন প্রকল্পসমূহকে Time over run এবং Cost over run ছাড়া বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৯.৩। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্পিত ক্রয়কার্য পদ্ধতিতে প্রদত্ত সংস্থার মধ্যে সমন্বয় আরো বৃদ্ধি করতে হবে;

২৯.৪। ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ড চলাকালে তীর সংরক্ষণ কাজের ফিনিশিং কাজসমুহ নতুনভাবে কোন অংশ ক্ষতিগ্রস্ত হয়ে গেলে মেরামত করতে নিতে হবে।

২৯.৫। প্রকল্পটির External ও Internal Audit সম্পন্ন করতে হবে;

২৯.৬। আইএমইডি কর্তৃক পরিদর্শনের আলোকে প্রণীত প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে;

২৯.৭। অনুচ্ছেদ ২৯.১ হতে ২৯.৬ -এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ২ মাসের মধ্যে আইএ ইডিতে অবহিত করতে হবে।

সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন,২০১৩ কার্যকরকরণ শীর্ষক প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

০১। প্রকল্প নাম : সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন ২০১৩ কার্যকরকরণ শীর্ষক প্রকল্প।

০২। বাস্তবায়নকারী সংস্থা : পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)।

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

০৪। প্রকল্পের এলাকা : সমগ্র বাংলাদেশ।

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৭১.০৭	৩৭১.০৭	৩৫০.১২	নভেম্বর ২০১৩ হতে অক্টোবর ২০১৬	নভেম্বর ২০১৩ হতে জুন ২০১৮	নভেম্বর ২০১৩ হতে জুন ২০১৮	-	-

০৬। অংগভিত্তিক অগ্রগতিঃ পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

৮.১ প্রকল্পের পটভূমিঃ

" পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, আহরণ, বিতরণ, ব্যবহার, সুরক্ষা ও সংরক্ষণের" লক্ষ্যে বাংলাদেশ পানি আইন, ২০১৩ প্রণীত হয়। আইনটি ০২ মে ২০১৩ সরকার কর্তৃক অনুমোদিত হয় এবং গেজেট আকারে প্রকাশিত হয়। যা ৩০ জুন ২০১৩ তারিখে সারাদেশে বলবৎ করা হয়েছে। আইনটি বাস্তবায়নের জন্য সরকার জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটিকে দায়িত্ব প্রদান করেছে। পানি সম্পদ পরিকল্পনা সংস্থাকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির প্রশাসনিক ও সাচিবিক দায়িত্ব প্রদান করা হয়েছে। আইনটি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে গাইডলাইন্স প্রণয়ন সচেতনতা বৃদ্ধি , এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ ইত্যাদির লক্ষ্যে Swiss Agency for Development and Cooperation (SDC) এর আর্থিক সহায়তায় সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন, ২০১৩ কার্যকরকরণ শীর্ষক একটি কারিগরী সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর যথাযথ বাস্তবায়ন/ প্রয়োগে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রাতিষ্ঠানিক কাঠামো প্রতিষ্ঠা করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় পানি বিধিমালা প্রণয়ন;

- পানি আইন বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে ইউনিয়ন ও উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স প্রণয়ন;
- পানি আইন বাস্তবায়নে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করণ;
- সমন্বিত উপকূলীয় অঞ্চল গাইডলাইন্স প্রণয়ন;
- পানি আইন বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য উপাত্ত ভান্ডারের সংযোগ সংক্রান্ত টুল প্রণয়ন;
- বাংলাদেশ পানি আইন, ২০১৩ অবহিতকরণ এবং বাংলাদেশ পানি বিধিমালা প্রণয়নে স্থানীয় পর্যায়ে মত বিনিময় কর্মশালা।

০৯। প্রকল্প অনুমোদন ও সংশোধন

সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন , ২০১৩ কার্যকরকরণ শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পটি ৩৭১.০৭ লক্ষ টাকা ব্যয়ে নভেম্বর ২০১৩ হতে অক্টোবর ২০১৬ মেয়াদে ২৯-০১-২০১৪ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

উন্নয়ন সহযোগী এসডিসি এর সাথে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চুক্তি ১৪ মাস বিলম্বে সম্পাদিত হয় বিধায় প্রকল্পটির সময় বৃদ্ধির প্রয়োজন হয়। প্রয়োজনীয়তার আলোকে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম সংশোধনী ০২-০৪-২০১৭ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। সংশোধিত টিপিপি মোতাবেক প্রকল্পের মেয়াদ নভেম্বর ২০১৩ হতে জুন ২০১৮।

১০। টিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়			
			মোট	টাকা	প্রঃসাঃ	বাস্তব (%)
২০১৭-২০১৮	১১৫.০০	১১৫.০০	১১৫.০০	১২.০০	১০৩.০০	৩২%
২০১৬-২০১৭	১৪০.০০	১২৫.০০	১২৫.০০	১৫.০০	১১০.০০	৩৫%
২০১৫-২০১৬	১২০.০০	৮০.০০	৮০.০০	৫.১২	৭৪.৮৮	২৫%
২০১৪-২০১৫	৮০.০০	৩০.১২	৩০.১২	৩.০০	২৭.১২	৮%
মোট =		৩৫০.১২	৩৫০.১২	৩৫.১২	৩১৫.০০	

১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
১.	প্রকৌশলী মোঃ রেজাউল করিম মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	-	অতিরিক্ত দায়িত্ব	২০-০২-২০১৫	৩০-০৬-২০১৮

১২। প্রকল্প পরিদর্শনঃ

নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	সমস্যা চিহ্নিতকরণ/ পর্যবেক্ষণ	সুপারিশ/প্রতিপালন
১। (ক) মন্ত্রণালয় (১) ড. মোহাম্মদ আলী খান, এনডিসি অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	১২-০৪-২০১৬	খসড়া বাংলাদেশ পানি বিধিমালার উপর বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার প্রাপ্ত	পর্যালোচনায় প্রাপ্ত সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ

নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	সমস্যা চিহ্নিতকরণ/ পর্যবেক্ষণ	সুপারিশ/প্রতিপালন
(২) হোসনে আরা বেগম উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়		মতামত পর্যালোচনা করা হয়।	পানি বিধিমালা পুনর্গঠন করা হয়।
(খ) মন্ত্রণালয় (১) ড. মোহাম্মদ আলী খান, এনডিসি অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (২) জনাব হাওলাদার জাকির হোসেন উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	২৪-০৭-২০১৬, ২৪-১০-২০১৬ এবং ২০-০৫-২০১৭	পুনর্গঠিত খসড়া বাংলাদেশ পানি বিধিমালা এবং ইউনিয়ন ও উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স এবং উপাত্ত টুলস সংক্রান্ত প্রতিবেদনের উপর বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার প্রাপ্ত মতামত পর্যালোচনা করা হয়।	পর্যালোচনায় প্রাপ্ত সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পানি বিধিমালা এবং ইউনিয়ন ও উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স পুনর্গঠন করা হয়।
(গ) মন্ত্রণালয় (১) ড. মোহাম্মদ আলী খান, এনডিসি অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (২) আফসানা বিলকিস সিনিয়র সহকারী সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	২৭-০৯-২০১৭ ও ০৩-১০-২০১৭	ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ সংক্রান্ত রিপোর্ট পর্যালোচনা।	পর্যালোচনায় প্রাপ্ত সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক রিপোর্টটি পুনর্গঠন করা হয়।
২। বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (১) শেখ মোঃ আবদুর রহমান উপপরিচালক	২২-০২-২০১৮	প্রকল্পটি বাস্তবায়নে পরামর্শমূলক ৫টি পর্যবেক্ষণ প্রণয়ন।	পর্যবেক্ষণসমূহ প্রতিপালন করে ১০-০৫-১৮ তারিখে প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয় ও আইএমইডিতে প্রেরণ করা হয়।
৩। অন্যান্য (১) ড. আইনুন নিশাত প্রফেসর এ্যামিরিটাস, ব্রাক বিশ্ববিদ্যালয় ও আহবায়ক, বিশেষজ্ঞ কমিটি (২) প্রফেসর সরোয়ার জাহান চৌধুরী উপ-উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও সদস্য, পিওই (৩) জনাব ম. ইনামুল হক পানি বিশেষজ্ঞ ও সদস্য পিওই (৪) জনাব মোঃ সেলিম ভূঞা সাবেক মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য, পিওই	ফেব্রুয়ারি ২০১৭ হতে জুন ২০১৭ পর্যন্ত সময়ে সময়ে	পূনর্গঠিত খসড়া বাংলাদেশ পানি বিধিমালা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা ও পর্যালোচনান্তে খসড়া বাংলাদেশ পানি বিধিমালা পুনর্গঠনের সুপারিশ করা হয়।	সুপারিশ মোতাবেক বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ চূড়ান্ত করা হয়।

১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

ক্রমিক নং	কাংক্ষিত ফলাফল	ভৌত অগ্রগতি	মন্তব্য
১.	প্রকল্পের ইনসেপশন রিপোর্ট	১০০% (চূড়ান্ত)	মে ২০১৫ তারিখে চূড়ান্ত করা হয়েছে।
২.	(ক) বাংলাদেশ পানি বিধিমালা	(১০০%) (চূড়ান্ত)	বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগ কর্তৃক ভেটিং সম্পন্ন হয়ে বিগত ১৬ আগষ্ট ২০১৮ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

ক্রমিক নং	কাংক্ষিত ফলাফল	ভৌত অগ্রগতি	মন্তব্য
	(খ) ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স	(১০০%) (চূড়ান্ত)	স্থানীয় জনপ্রতিনিধি, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামত এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এবং কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে বাংলাদেশ পানি আইন বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারি প্রক্রিয়াধীন আছে।
	(গ) উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স	(১০০%) (চূড়ান্ত)	স্থানীয় জনপ্রতিনিধি, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামত এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এবং কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে বাংলাদেশ পানি আইন বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারি প্রক্রিয়াধীন আছে।
	(ঘ) সমন্বিত উপকূলীয় অঞ্চল গাইডলাইন্স	(১০০%) (চূড়ান্ত)	প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে সমন্বিত উপকূলীয় অঞ্চল গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভা অনুমোদন করা হয়।
৩.	ওয়ারপোকে প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ সংক্রান্ত খসড়া রিপোর্ট প্রণয়ন	(১০০%) (চূড়ান্ত)	ওয়ারপোর কর্মকর্তা, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর স্থানীয় ও বৈদেশিক বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ সংক্রান্ত খসড়া রিপোর্টটির উপর বিভিন্ন পর্যায়ে প্রাপ্ত মতামত প্যানেল অব এক্সপার্ট এর সভায় পর্যালোচনা করা হয়। কমিটির সুপারিশ মোতাবেক রিপোর্টটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। অনুমোদিত রিপোর্ট অনুযায়ী জনবলের প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ের সুপারিশসহ ০১ জুলাই ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য উপাত্ত ভান্ডার সংক্রান্ত টুলস প্রণয়ন	(১০০%) (চূড়ান্ত)	ওয়ারপোর কর্মকর্তা, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর স্থানীয় ও বৈদেশিক বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য উপাত্ত ভান্ডার সংক্রান্ত টুলসটি চূড়ান্ত করা

ক্রমিক নং	কাংক্ষিত ফলাফল	ভৌত অগ্রগতি	মন্তব্য
			হয়, যা ৩০ এপ্রিল ২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
৫.	(ক) মত বিনিময় সভা (ইন হাউজ)	১০০%	ইনসেপশন রিপোর্ট, খসড়া বাংলাদেশ পানি বিধিমালা, খসড়া ইউনিয়ন ও উপজেলা এবং উপকূলীয় সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স, ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ রিপোর্ট এবং ডাটাবেজ সংক্রান্ত খসড়া রিপোর্ট এর ওপর স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর আন্তর্জাতিক ও স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপোর কর্মকর্তা, পিআইসির সদস্য ইত্যাদির সাথে ২০ টির অধিক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
	(খ) বাংলাদেশ পানি আইন, ২০১৩ অবহিতকরণ এবং বাংলাদেশ পানি বিধিমালা মত বিনিময় কর্মশালা (জেলা ও বিভাগীয় পর্যায়ে)	১০০%	স্থানীয় জনপ্রতিনিধি, সুশীল সমাজ, প্রশাসন ও বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধিদের সাথে জেলা পর্যায়ে বাংলাদেশ পানি বিধিমালা (খসড়া) এর উপর মত বিনিময়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ১৬টি জেলা এবং ৭টি বিভাগীয় শহরে বাংলাদেশ পানি আইন, ২০১৩ অবহিতকরণ এবং বাংলাদেশ পানি বিধিমালা মত বিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়।

১৩.১ পরামর্শক সেবাঃ টিপিপিতে প্রকল্পের আওতায় বিভিন্ন রিপোর্ট প্রণয়নের জন্য স্থানীয় ৫ জন (Individual Consultants) পরামর্শক বাবদ ৬৪,১৫,০০০/- টাকা টিপিপিতে সংস্থান ছিল। পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা মোতাবেক উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকল্প মেয়াদকালীন সময়ে আউটপুট ভিত্তিক নিম্নোক্ত ৫ জন পরামর্শক নির্বাচন পূর্বক মার্চ ২০১৫ খ্রিঃ চুক্তি স্বাক্ষরিত হয়।

- স্থানীয় আইন বিশেষজ্ঞ
- পানি শাসন বিশেষজ্ঞ
- প্রাতিষ্ঠানিক বিশেষজ্ঞ
- উপাত্ত বিশেষজ্ঞ এবং
- সহকারী উপাত্ত বিশেষজ্ঞ

১৩.২. সভা/সেমিনার/কর্মশালাঃ

প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নকারী কমিটির ৫টি সভা, প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২টি সভা, জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১টি সভা, প্রকল্পের আওতায় প্রণীত বিভিন্ন খসড়া রিপোর্ট এর উপর প্যানেল অব এক্সপার্ট এর ৭টি সভা, বিশেষজ্ঞ কমিটির ২২টি সভা, জেলা পর্যায়ে ১৬টি কর্মশালা, বিভাগীয় পর্যায়ে ৭টি এবং জাতীয় পর্যায়ে ১টি কর্মশালা অনুষ্ঠিত হয়।

১৩.২.১ জেলা পর্যায়ে কর্মশালা/সেমিনারঃ

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও খসড়া বাংলাদেশ পানি বিধিমালার উপর জেলা পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ১৬টি জেলায় পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, সুশিল সমাজের প্রতিনিধি, প্রিন্ট মিডিয়ার প্রতিনিধি এবং পানি খাতে জেলা পর্যায়ের বিভিন্ন সংস্থার প্রতিনিধির সমন্বয়ে সেমিনার/কর্মশালা সম্পাদনের জন্য সংশোধিত টিপিপিতে ৮০.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৬৯.৩৫ লক্ষ টাকা।

১৩.২.২ বিভাগীয় পর্যায়ে কর্মশালা/সেমিনারঃ

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও খসড়া বাংলাদেশ পানি বিধিমালার উপর বিভাগীয় পর্যায়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ৭টি বিভাগে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, সুশিল সমাজের প্রতিনিধি, প্রিন্ট মিডিয়ার প্রতিনিধি এবং পানি খাতে জেলা পর্যায়ের বিভিন্ন সংস্থার প্রতিনিধির সমন্বয়ে সেমিনার/কর্মশালা সম্পাদনের জন্য সংশোধিত টিপিপিতে ৪৯.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৪১.৪৯ লক্ষ টাকা।

১৩.২.৩ জাতীয় পর্যায়ে কর্মশালা/সেমিনারঃ

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও খসড়া বাংলাদেশ পানি বিধিমালার উপর জাতীয় পর্যায়ে ১৬টি মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং পানি খাতে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, সুশিল সমাজের প্রতিনিধি, প্রিন্ট মিডিয়ার প্রতিনিধি এবং স্থানীয় পানি বিশেষজ্ঞদের উপস্থিতিতে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর উপর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে একটি জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় কর্মশালা সম্পাদনের জন্য সংশোধিত টিপিপিতে ১৮.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ১৭.২৮ লক্ষ টাকা।

১৩.২.৪ ইন-হাউজ মত বিনিময় সভাঃ

ইনসেপশন রিপোর্ট, খসড়া বাংলাদেশ পানি বিধিমালা, খসড়া ইউনিয়ন ও উপজেলা এবং উপকূলীয় সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স, ওয়ারপোর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ রিপোর্ট এবং ডাটাবেজ সংক্রান্ত খসড়া রিপোর্ট এর ওপর স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর আন্তর্জাতিক ও স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপোর কর্মকর্তা, পিআইসির সদস্য ইত্যাদির সাথে ২০টি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সংশোধিত টিপিপিতে ৮.৮০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৮.৫০ লক্ষ টাকা।

প্রকল্পের আওতায় অনুষ্ঠিত বিভিন্ন সভা/সেমিনার/কর্মশালার কিছু স্থির চিত্র নিম্নে প্রদর্শন করা হলো:



চিত্র-১: প্রকল্পর আওতায় প্রণীত বিভিন্ন রির্পোট এর উপর মাননীয় পানি সম্পদ মন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি এর সভাপতিত্বে নির্বাহী কমিটির ১৬তম সভা



চিত্র-২ : প্রকল্পের আওতায় গঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভাপতিত্ব করেছেন পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান



চিত্র-৩: জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত পানি বিধিমালা, ২০১৮ ডেসিমিনিশন কর্মশালায় প্রধান অতিথি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব কবির বিন আনোয়ার



চিত্র-৪: বিভাগীয় পর্যায়ে চট্টগ্রাম বিভাগে অনুষ্ঠিত বাংলাদেশ পানি বিধিমালার উপর মত বিনিময় কর্মশালায় প্রধান অতিথি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব কবির বিন আনোয়ার



চিত্র-৫: প্রকল্পের আওতায় প্যানেল অব এক্সপার্ট এর সভাপতি পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোহাম্মদ আলী খাঁন এনডিসি, মহোদয়ের অনুষ্ঠত ৫ম সভা।

চিত্র-৬: বাংলাদেশ পানি বিধিমালার উপর জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা পর্যায়ে মত বিনিময় কর্মশালায় প্রধান অতিথি পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোহাম্মদ আলী খাঁন এনডিসি।





চিত্র-৭: বাংলাদেশ পানি বিধিমালা পুনগঠনে বিশেষজ্ঞ কমিটির সদস্যদের সমাপনী সভা শেষে কমিটির সদস্যবৃন্দ

১৩.৩ **কম্পিউটার, সফটওয়্যার ও ডিজিটাল ক্যামেরা সরবরাহ:** সংশ্লিষ্ট খাতে সংশোধিত টিপিপিতে ৩.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ২.৯৮ লক্ষ টাকা। এ সকল ইকিউইপমেন্ট সরবরাহের ক্ষেত্রে sholoana.com, SR # ১৩৮, IDB Bhaban (১st floor), Agargaon, Dhaka নামক প্রতিষ্ঠান কে ০৬- ০৩-২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ মোতাবেক ১৪-০৩-২০১৭ খ্রিঃ কাজটি সম্পন্ন হয়। এ ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৮ ও বিধিমালা ২০১৬ এর বিধি ৭৬ (ট) অনুসরণ করা হয়।

১৩.৪ **আসবাবপত্র:** প্রকল্প পরিচালক কার্যালয় আসবাবপত্র সরবরাহ, সংস্থাপন এবং কমিশনিং বাবদ সংশোধিত টিপিপিতে ২.৭৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল । প্রকৃত ব্যয় হয় ২.৭৭ লক্ষ টাকা। এ সকল সরবরাহের ক্ষেত্রে "মেসার্স আরিফ ফার্নিচার" বাড়ী নং-০১, রোড নং-৩, তুরাগ থানা রোড, উত্তরা, ঢাকা নামক প্রতিষ্ঠান কে ১২-০৬-২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ মোতাবেক কাজটি ১৮-০৬-২০১৮ খ্রিঃ সম্পন্ন হয়। এ ক্ষে ত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৮ ও বিধিমালা ২০১৬ এর বিধি ৭৬ (ট) অনুসরণ করা হয়।

১৩.৫ **ষ্টেশনারী:** প্রকল্প সার্বিক কার্যক্রম পরিচালনা করার জন্য ষ্টেশনারী বাবদ সংশোধিত টিপিপিতে ৮.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৮.০০ লক্ষ টাকা।

১৩.৬ **প্রিন্টিং:** প্রকল্প সার্বিক কার্যক্রম পরিচালনা করার জন্য প্রিন্টিং বাবদ সংশোধিত টিপিপিতে ৭ .০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৭.০০ লক্ষ টাকা।

১৩.৭ **সম্মানী:** বিভিন্ন সময়ে প্রকল্পের বিভিন্ন কমিটির সভায় উপস্থিত সদস্যগণের সম্মানী বাবদ সংশোধিত টিপিপিতে ৩.৪০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৩.৪০ লক্ষ টাকা।

১৩.৮ **কার হায়ারিং:** প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনা করার জন্য প্রকল্প পরিচালকের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ১টি কার হায়ারিং বাবদ সংশোধিত টিপিপিতে ২১ .৬০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। পাবলিক প্র কিউরমেন্ট আইন ২০০৮ অনুসরণপূর্বক গাড়ী রক্ষণাবেক্ষন ও গাড়ীচালকসহ গাড়ী সরবরাহের জন্য মাসিক ৬০,০০০/- (ষাট হাজার)

টাকা হিসাবে মেসার্স আনিয়া এন্টারপ্রাইজ, আগারগাঁও, ঢাকা এর সাথে মার্চ ২০১৫ খ্রিঃ চুক্তি সম্পাদন করা হয়। প্রকল্প মেয়াদে ৩৬ মাসে প্রকৃত ব্যয় হয় ২১.৬০ লক্ষ টাকা।

১৩.৯ **তেল ও জ্বালানী ব্যয়:** প্রকল্প সার্বিক কার্যক্রম পরিচালনা করার জন্য তেল ও জ্বালানী ব্যয় নির্বাহের জন্য সংশোধিত টিপিপিতে ১০.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকৃত ব্যয় হয় ৮.৬৬ লক্ষ টাকা।

১৩.১০ **বিদেশ ভ্রমণ:** ওয়ারপো, পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণ/স্টাডি ট্যুর এর জন্য সংশোধেত টিপিপিতে ৭৮.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। প্রকল্পের আওতায় ওয়ারপো, পানি সম্পদ মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের সদস্যদের সমন্বয়ে গঠিত টিমের বিপরীতে ২টি বৈদেশিক প্রশিক্ষণে প্রকৃত ব্যয় হয় ৭৭.৫৫ লক্ষ টাকা।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

ক্রমিক নং	পরিকল্পিত	অর্জিত
১.	(ক) বাংলাদেশ পানি বিধিমালা	বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগ কর্তৃক ভেটিং সম্পন্ন হয়ে বিগত ১৬ আগষ্ট ২০১৮ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।
	(খ) ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স	স্থানীয় জনপ্রতিনিধি, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামত এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এবং কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে বাংলাদেশ পানি আইন বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারি প্রক্রিয়াধীন আছে।
	(গ) উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্স	স্থানীয় জনপ্রতিনিধি, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামত এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এবং কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে বাংলাদেশ পানি আইন বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারি প্রক্রিয়াধীন আছে।
	(ঘ) সমন্বিত উপকূলীয় অঞ্চল গাইডলাইন্স	প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ এবং উন্নয়ন সহযোগীর অন্তর্জাতিক/ স্থানীয় বিশেষজ্ঞ, ওয়ারপো ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে স্থানীয় পর্যায়ে সমন্বিত উপকূলীয় অঞ্চল গাইডলাইন্সটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভা অনুমোদন করা হয়।
২.	ওয়ারপোকে প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ সংক্রান্ত খসড়া রিপোর্ট প্রণয়ন	ওয়ারপোর কর্মকর্তা, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর স্থানীয় ও বৈদেশিক বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ সংক্রান্ত খসড়া রিপোর্টটির উপর বিভিন্ন পর্যায়ে প্রাপ্ত মতামত প্যানেল অব এক্সপার্ট এর সভায় পর্যালোচনা করা

ক্রমিক নং	পরিকল্পিত	অর্জিত
		হয়। কমিটির সুপারিশ মোতাবেক রিপোর্টটি চূড়ান্ত করা হয়, যা ০৪ অক্টোবর ২০১৭ তারিখে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৬তম সভায় অনুমোদন করা হয়। অনুমোদিত রিপোর্ট অনুযায়ী জনবলের প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ের সুপারিশসহ ০১ জুলাই ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত উপাত্ত টুলস প্রণয়ন	ওয়ারপোর কর্মকর্তা, প্রকল্পের স্থানীয় বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগীর স্থানীয় ও বৈদেশিক বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য উপাত্ত ভান্ডার সংক্রান্ত টুলসটি চূড়ান্ত করা হয়, যা ৩০ এপ্রিল ২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

১৫। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারন: প্রযোজ্য নয়।

১৬। বাস্তবায়ন সমস্যা:

প্রকল্পটি ২৯ জানুয়ারি ২০১৪ খ্রিঃ অনুমোদিত হয়। উন্নয়ন সহযোগী Swiss Agency for Development and Cooperation (SDC) এর সাথে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চুক্তি ০৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সম্পন্ন হওয়ায় প্রকল্প শুরু বিলম্ব হয়। প্রকল্প চলাকালীন সময়ে কোন সমস্যা হয়নি।

১৭। আইএমইডি'র মতামত/ সুপারিশমালা:

১৭.১ প্রকল্পের দ্বারা প্রাপ্ত ফলাফল অর্থ্যাৎ চুরান্ত প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় , বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি WARPO নিশ্চিত করতে পারে;

১৭.২ প্রতিবেদনে উল্লেখিত সুপারিহসমুহ প্রতিপালনের বিষয়ে একটি নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন (Monitoring and Evaluation) কার্যক্রম রাখতে হবে;

১৭.৩ ভবিষ্যতে গৃহীতব্য এ জাতীয় প্রকল্পের জন্য প্রকল্প ব্যবস্থাপনায় প্রশিক্ষিত প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জনবল নিয়োগের ব্যবস্থা রাখতে হবে তা বাস্তবায়নের বিষয়ে তৎপর থাকা সমীচীন হবে এবং প্রকল্পের প্রনীত উদ্দেশ্যাবলী অনুযায়ী সকল কাজ বস্তবায়ন নিশ্চিতপূর্বক প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা প্রদর্শন করতে হবে;

১৭.৪ সমাপ্ত প্রকল্প হতে প্রাপ্ত ফলাফল তথা প্রতিবেদনসমূহে উল্লেখিত সুপ্রিশসমূহ পরিকল্পনা মাফিক বাস্তবায়ন করার বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশিষ্ট –"ক"

অংগভিত্তিক অগ্রগতির ছক

ক্রঃ নং	অঙ্গের নাম	অনুমোদিত টিপিপি (১ম সংশোধিত) অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক
	১	৩	৪	৫	৬
	(ক) রাজস্ব ব্যয়ঃ				
১.	ভাতাদি	থোক	৩.৬৫	থোক	৩.৬৫০
২.	কর্মচারীদের বেতন	থোক	১.২০	থোক	১.২০০
৩.	মুদ্রণ ও প্রকাশনা	থোক	৭.০০	থোক	৭.০০০
৪.	স্টেশনারী	থোক	৮.০০	থোক	৮.০০০
৫.	পরামর্শক সেবা	৬ জন	৭১.৬৫	৬ জন	৭১.৬৫০
৬.	ওয়ার্কশপ/সভা (জেলা পর্যায়ে)	১৬টি	৮০.০০	১৬টি	৬৯.৩৫৪
৭.	ওয়ার্কশপ/সভা (বিভাগীয় পর্যায়ে)	৭টি	৪৯.০০	৭টি	৪১.৪৯৮
৮.	ওয়ার্কশপ/সভা (জাতীয় পর্যায়ে)	১টি	১৮.০০	১টি	১৭.২৮৬
৯.	ওয়ার্কশপ/সভা (ইন-হাইজ)	১৬টি	৮.৮০	১৬টি	৮.৫০১
১০.	সম্মানী	থোক	৩.৪০	থোক	৩.৪০০
১১.	বৈদেশিক প্রশিক্ষণ/ শিক্ষা সফর	২টি	৭৮.০০	২টি	৭৭.৫৫২
১২.	যানবাহন ভাড়া	১টি	২১.৬০	১টি	২১.৬০০
১৩.	জ্বালানী	থোক	১০.০০	থোক	৮.৬৬৭
১৪.	অনিয়মিত শ্রমিক/কর্মচারী	থোক	৫.০০	থোক	৫.০০০
	উপ মোট রাজস্ব ব্যয় =		**৩৬৫.৩০**		**৩৪৪.৩৬**
	(খ) মূলধন ব্যয়ঃ				
১৫.	আসবাবপত্র	থোক	২.৭৭	থোক	২.৭৭
১৬.	ল্যাপটপ কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী	২টি	২.০০	২টি	২.০০
১৭.	ডিজিটাল ক্যামেরা	১টি	১.০০	১টি	০.৯৮১
	উপ মোট মূলধন =		**৫.৭৭**		**৫.৭৫**
১৮.	**(গ) প্রাইস কন্টিনজেন্সীঃ**	-	-		-
১৯.	**(ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সীঃ**	-	-		-
	সর্বমোট=		**৩৭১.০৭**		**৩৫০.১২**

ব্রাহ্মনবাড়িয়া জেলার নবীনগর উপজেলার মানিকনগরে মেঘনা নদীর বামতীর প্রতিরক্ষামূলক কাজ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত-জুন, ২০১৮)

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১. **প্রকল্পের নামঃ** ব্রাহ্মনবাড়িয়া জেলার নবীনগর উপজেলার মানিকনগরে মেঘনা নদীর বামতীর প্রতিরক্ষামূলক কাজ।

২. **প্রকল্প পরিচালকের নামঃ** জনাব মোঃ জহিরুল ইসলাম।

৩. **প্রকল্পের ধরনঃ** উন্নয়ন প্রকল্প।

৪. **উন্নয়ন সহযোগীঃ** প্রযোজ্য নয়।

৫. **বাস্তবায়নকাল ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় টাকা প্রঃ সাঃ	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট জিওবি প্রঃ সাঃ	সংশোধিত (সর্বশেষ) মোট জিওবি প্রঃ সাঃ		মূল	সংশোধিত (সর্বশেষ)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৬৪৯.৩৮ ৩৬৩৬.৩২	-- -- --	৩৩৩২.৮৬ ৩৩৩২.৮৬ --	এপ্রিল ২০১৫ থেকে জুন ২০১৭	এপ্রিল ২০১৫ থেকে জুন ২০১৮	এপ্রিল ২০১৫ থেকে জুন ২০১৮	----	৩৩.৩%

৬.বাস্তবায়নকারী সংস্থাঃ

মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রনালয়	প্রকল্প এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
পানি সম্পদ মন্ত্রনালয়			চট্টগ্রাম	ব্রাহ্মনবাড়িয়া	নবীনগর

৭. অনুমোদনের তারিখ, মেয়াদ বৃদ্ধিঃ

মূল	১৩/০৫/ ২০১৫
সংশোধিত	প্রযোজ্য নয়

৮. প্রকল্পের উদ্দেশ্যঃ

- নদী ভাংগনের হাত হতে মূল্যবান ফসলী জমি, গ্রাম, স্কুল-কলেজ, মসজিদ -মাদ্রাসা, বাজার, লঞ্চ ঘাট, কাচাঁ-পাকা রাস্তা, মূল্যবান রাস্তা, বিভিন্ন সরকারী বেসরকাররী স্থাপনা রক্ষাকরণ ।
- বন্যার প্রভাব হতে ফসলে ক্ষয়ক্ষতি ও মানুষের জীবন ও সম্পদ রক্ষা করা।
- সর্বোপরি দারিদ্র বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক অবস্থার উন্নতি করা।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৯. অঙ্গ ভিত্তিক অগ্রগতিঃ

ক্রঃ নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্জন	
			আর্থিক (লাখ)	বাস্তব	আর্থিক (লাখ)	বাস্তব (%)
ক)	**রাজস্ব খাতঃ**					
	পেট্রোল ও লুব্রিকেন্ট		২.৫০	১টি	২.৫০	
	মুদ্রণ ও প্রচার		১.৫০	১টি	১.৪৩	
	ষ্টেশনারী, সীল,ষ্ট্যাম্প		২.৫০	১টি	২.৫০	
	সম্মানী ভাতা		৩.০০	১টি	১.২৩	
	সম্মানী ভাতা		৩.০০	১টি	০.০০	
	জরিপ ও অনুসন্ধান		৩.০০	১টি	২.৯৯	
	বিদ্যমান যানবাহন মেরামত (জীপ-২টি, মটর		৪.০০	১টি	৪.০০	
	রাজস্ব খাতের উপমোটঃ	**-**	**১৯.৫০**		**১৪.৬৫**	
খ)	**মূলধন খাতঃ**					
	জীপ (প্রগতির তৈরী) ২৪৪৪ সিসি ১টি		৭৫.০০	১টি	৭১.৮৭	১টি
	লেভেলিং মেশিন-১টি		১.৫০	১টি	১.৩৬	১টি
	লেজার প্রিন্টার সহ ব্রান্ড কম্পিউটার-২টি		১.৫০	১টি	০.৪১	১টি
	নবীনগর উপজেলার মানিকনগরে মেঘনা নদীর বামতীরে প্রতিরক্ষামূলক কাজ		৩৪৮২.৩৮	১২৭৫	৩২৪৩.৯৯	১২৭৫
	মূলধন খাতের উপমোটঃ	**-**	**৩৫৯৯.৩৮**	**১২৭৫**	**৩৫৯৯.৩৮**	**১২৭৫**
গ)	**ফিজিক্যাল কন্টিনজেন্সি**	**থোক**	**--**	**--**	**--**	--
ঘ)	**প্রাইজ কন্টিনজেন্সি**	**থোক**	**--**	**--**	**--**	--
	সর্বমোটঃ (ক+খ+গ+ঘ)	**-**	**৩৫৭৯.৩৮**	**১০০%**	**৩৩৩২.৮৬**	৯৬%

(পিসিআর অনুযায়ী)

১০. বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্ক্ষিত অগ্রগতি না হলে তার কারণ ও প্রকল্প পরিচালকের ব্যাখ্যা): বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ নিম্নরূপঃ-

ক্রঃ নং	অর্থ বছর	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী			প্রকৃত ব্যয়	অর্জিত অগ্রগতি
		বরাদ্দ		লক্ষমাত্রা		
		টাকা	প্রকল্প সাহায্য			
১	২	৩	৪	৫	৬	৭
১	২০১৪-১৫	১০০.০০	----	১০০.০০	----	----
২	২০১৫-১৬	২০৮৩.৫০	----	১০০০.০০	২৭৬.৪৪	৭.৫৭%
৩	২০১৬-১৭	১৪৬৫.৮৮	----	২৬০০.০০	২৫৭৭.২২	৭০.৬২%
৪	২০১৭-১৮	----	----	৫৫৩.০০	৪৭৯.২৩	১৩.১৩%
সর্বমোট =		**৩৬৪৯.৩৮**			**৩৩৩২.৮৬**	**৯৮.১০% (চুক্তিমূল্য অনুযায়ী) চুক্তি মূল্য: ৩৩৯৭.২৩**

১১. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন কাজ অসমাপ্ত নেই।

১২. **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা
- মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

১৩. প্রকল্পের মূল কার্যক্রমঃ

১৩ (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৩টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: (লক্ষ টাকায়)

প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Bank Revetment work along the Left Bank of from Km.০.০৯০ (D/S) to Km. ০.৩০৫ (U/s) = ৩৯৫m. with End termination at Manik-nagar in Upazilla-Nabi-nagar,Dist.-Brahman-baria under Brahmanbaria W.D. Division, BWDB, Brahmanbaria during the year ২০১৫-১৬ & ২০১৬-১৭, (Package No.Works-০১).	দরপত্র আহ্বানের তারিখ : ০৪/১১/২০১৫ প্রাক্কলিত মূল্য: ১১১৮.২১	চুক্তির তারিখ : ০৩/০২/২০১৬ চুক্তি মূল্য: ১১০৫.৫৫	৩০/০৪/২০১৭	৩০/০৬/২০১৮	২০১৬-১৭ অর্থবছরে আগাম বর্ষা ও বন্যাজনিত কারণে কাজ বাধাগ্রস্থ হওয়ায় ০৪/১০/২০১৭ খ্রি: হতে ১০/১২/২০১৭ খ্রি: পর্যন্ত সময় বর্ধিত করা হয়েছিল।
Bank Revetment Work along the Left Bank of Meghna River from Km.০.৩০৫ (U/s) to Km. ০.৭৯০(U/s) = ৪৮৫m at Maniknagar in Upazilla-Nabinagar, Dist.-Brahman-baria under Brahmanbaria W.D. Division, BWDB, Brahmanbaria during the year ২০১৫-১৬ & ২০১৬-১৭, (Package No.Works-০২).	দরপত্র আহ্বানের তারিখ : ০৪/১১/২০১৫ প্রাক্কলিত মূল্য: ১১৫১.৮৫	চুক্তির তারিখ : ০৩/০২/২০১৬ চুক্তি মূল্য: ১১৩৮.৯৫	৩০/০৪/২০১৭	৩০/০৬/২০১৮	
Bank Revetment Work along the Left Bank of from Km. ০.৭৯০ (U/s) to Km.১.১৮৫ at (U/s) = ৩৯৫m with End Termination at Maniknagar in Upazilla-Nabinagar, Dist.-Brahman-baria under Brahmanbaria W.D. Divn. BWDB, Brahman-baria during the year ২০১৫-১৬ & ২০১৬-১৭. (Package No Works-০৩).	দরপত্র আহ্বানের তারিখ : ০৪/১১/২০১৫ প্রাক্কলিত মূল্য: ১১৬৫.৩৭	চুক্তির তারিখ : ০৩/০২/২০১৬ চুক্তি মূল্য: ১১৫১.৭২	৩০/০৪/২০১৭	৩০/০৬/২০১৮	

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী ও মূল দপ্তর	দায়িত্ব কাল	দায়িত্বের ধরন (অতিরিক্ত/মূল)
১।	মোঃ নুরুল আমিন	তত্ত্বধায়ক প্রকৌশলী, কুমিল্লা পওর সার্কেল, বাপাউবো, কুমিল্লা	০৪-১১-২০১৫ খ্রিঃ হতে ০৪-১০-২০১৭খ্রিঃ	অতিরিক্ত দায়িত্ব
২।	মোঃ জহিরুল ইসলাম	তত্ত্বধায়ক প্রকৌশলী, কুমিল্লা পওর সার্কেল, বাপাউবো, কুমিল্লা	০৫-১০-২০১৭ খ্রিঃ হতে	অতিরিক্ত দায়িত্ব

১৫. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য : আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়নে জমি অধিগ্রহণের প্রয়োজন হয়নি।

১৬. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: অডিট সম্পন্ন হয়নি।

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৭. পরিদর্শনকৃত এলাকা: ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলা।

১৮. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ: গত ০৩/০১/২০১৯ তারিখে আইএমইডির সহাকারী পরিচালক লসমী চাকমা কর্তৃক প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ জহিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শামসুজ্জামান এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৮.১। পরিদর্শনে জানা যায়, আলোচ্য প্রকল্পের কার্যক্রম মূলত ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলায়। নবীনগর উপজেলার মানিকনগর এলাকায় ১২৭৫ মিটার মেঘনা নদীর বাম তীর সংরক্ষণ আলোচ্য প্রকল্পের মূল কাজ। মেঘনা নদীর ভয়াবহ ভাঙ্গনে ব্রাহ্মবাড়িয়া জেলার নবীনগর উপজেলায় মূল্যবান ফসলী জমি, গ্রাম, স্কুল, কলেজ, বাজার, ঘাট পাকা/আধাপাকা রাস্তা, গাছপালা, বিভিন্ন সরকারি ও বেসরকারি স্থাপনা নদী গর্ভে বিলীন হওয়া শুরু করলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গঠিত কারিগরি কমিটি মেঘনা নদীর বাম তীরে তিনটি স্থানে নদী তীর সংরক্ষণ কাজের সুপারিশ করে। এগুলো হলো শান্তিপুরে ৩৯০ মিটার, বড়িকান্দিতে ৫১০ মিটার এবং মানিকনগরে ১২৭৫ মিটার। এর মধ্যে শান্তিপুর ও বড়িকান্দির প্রতিরক্ষা কাজ অন্য প্রকল্পের আওতায় বাস্তবায়ন হয়ে যায় এবং মানিকনগর অংশের প্রতিরক্ষা কাজ সম্পাদনের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। শুরুতে ৩৬৪৯.৩৮ লক্ষ টাকা ব্যয়ে ০১ এপ্রিল, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়। পরবর্তীতে বর্ষার সময় নদীর পানি বৃদ্ধি পাওয়ার কাজ সম্পূর্ণ রাখতে হয়। এছাড়া ব্লক তৈরির জন্য ১৪৩১৪.০০ ঘন মিটার Stone chips দুষ্প্রাপ্য হওয়ায় ব্লক নির্মাণ কাজ ধীরগতি দেখা যায়। এসব কারণ বিবেচনায় আলোচ্য প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বার মেয়াদ ১ বছর বৃদ্ধি করা হয়। এতে প্রকল্পটির বাস্তবায়নকাল দাড়ায় ১ এপ্রিল, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৮ ।
১৮.২। পরিদর্শনে জানা যায়, মোট ৩টি প্যাকেজের আওতায় মেঘনা নদীর বামতীরে ১২৭৫ মিটার তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে।

Package No. Work-০১: আলোচ্য প্যাকেজের আওতায় মেঘনা নদীর বামতীর চেইনেজ ০.০৯০ কি:মি: হতে ০.৩০৫ কি:মি: পর্যন্ত ৩৯৫ মিটার এন্ড টার্মিনেশনসহ তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১১১৮.২১ লক্ষ টাকা। এ কাজে দরপত্র আহবান করা হয় ০৪/১১/২০১৫ তারিখে ই-জিপি তে Open Tendering Method এর মাধ্যমে দরপত্র কার্যক্রম সম্পাদন করা হয়। ১১০৫.৫৫ চুক্তি মূল্যে এ কাজের চুক্তি করা হয় ০৩/০২/২০১৬ তারিখে। চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের তারিখ ৩০/০৪/২০১৭। তবে ২০১৬-১৭ অর্থবছরে আগাম বর্ষা ও বন্যাজনিত কারণে তীর প্রতিরক্ষা কাজ বাধাগ্রস্ত হওয়ায় এতে প্রকৃত সময় লাগে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত। ডিপিপিতে নির্ধারিত ডিজাইন অনুযায়ী জিও ব্যাগ ডাম্পিং, ব্লক ডাম্পিং ও প্লেসিং করে তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে বলে জানা যায়। তবে এ প্যাকেজের তীর সংরক্ষণ কাজের প্লেসিং ব্লকগুলোর মাঝে ফাঁক বেশি রয়েছে মর্মে প্রতীয়মান হয়। এ সময় ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ড এর মধ্যে প্লেসিং ব্লকসমূহ পুনরায় প্রতিস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়।

Package No. Work-০২: আলোচ্য প্যাকেজের আওতায় মেঘনা নদীর বামতীর চেইনেজ ০.৩০৫ কি:মি: হতে ০.৭৯০ কি:মি: পর্যন্ত ৪৮৫ মিটার এন্ড টার্মিনেশনসহ তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১১.৫২ লক্ষ টাকা। এ কাজে দরপত্র আহবান করা হয় ০৪/১১/২০১৫ তারিখে। ই-জিপি তে Open Tendering Method এর মাধ্যমে দরপত্র কার্যক্রম সম্পাদন করা হয়। ১১.৩৯ লক্ষ টাকা চুক্তি মূল্যে এ কাজের চুক্তি করা হয় ০৩/০২/২০১৬ তারিখে। চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের তারিখ ৩০/০৪/২০১৭। তবে ২০১৬-১৭ অর্থবছরে আগাম বর্ষা ও বন্যাজনিত কারণে তীর প্রতিরক্ষা কাজ বাধাগ্রস্ত হওয়ায় এতে প্রকৃত সময় লাগে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত। ডিপিপিতে নির্ধারিত ডিজাইন অনুযায়ী জিও ব্যাগ ডাম্পিং, ব্লক ডাম্পিং ও প্লেসিং করে তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে বলে জানা যায়। আলোচ্য প্যাকেজের তীর প্রতিরক্ষা কাজের গুণগতমান আপাতদৃষ্টি সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

Package No. Work-০৩: আলোচ্য প্যাকেজের আওতায় মেঘনা নদীর বামতীর চেইনেজ ০.৭৯০ কি:মি: হতে ১.১৮৫ কি:মি: পর্যন্ত ৩৯৫ মিটার এন্ড টার্মিনেশনসহ তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী এ প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১১.৬৫ লক্ষ টাকা। এ কাজে দরপত্র আহবান করা হয় ০৪/১১/২০১৫ তারিখে। ই-জিপি তে Open Tendering Method এর মাধ্যমে দরপত্র কার্যক্রম সম্পাদন করা হয়। ১১.৫২ লক্ষ টাকা চুক্তি মূল্যে এ কাজের চুক্তি করা হয় ০৩/০২/২০১৬ তারিখে। চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের তারিখ ৩০/০৪/২০১৭। তবে ২০১৬-১৭ অর্থবছরে আগাম বর্ষা ও বন্যাজনিত কারণে তীর প্রতিরক্ষা কাজ বাধাগ্রস্ত হওয়ায় এতে প্রকৃত সময় লাগে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত। এ প্যাকেজের আওতায় ডিপিপিতে নির্ধারিত ডিজাইন অনুযায়ী জিও ব্যাগ ডাম্পিং, ব্লক ডাম্পিং ও প্লেসিং করে তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কমৃকর্তা জানান। আলোচ্য প্যাকেজের তীর প্রতিরক্ষা কাজের গুণগতমান আপাতদৃষ্টি সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

১৯. ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন: আরডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: প্রকল্পের ক্রয়কার্যক্রমে পিপি আর ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণ করা হচ্ছে। প্রতিটি প্যাকেজে e-GP এর মাধ্যমে টেন্ডার কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- সম্পাদিত কাজ: টাস্ক ফোর্স সদস্য দ্বারা গুনগতমান নিশ্চিত করা হয়েছে এবং জোনা ল টেস্টিং ল্যাবে সিসি ব্লক টেষ্ট করা হয়েছে।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: বালি, সিমেন্ট, পাথর, সিসি সিলিন্ডার, জিও-ফিল্টার ও জিও -ব্যাগ। উপকরণ সমূহ রুয়েট থেকে পরীক্ষার মাধ্যমে গুনগতমান যাচাই করা হয়েছে।

ঘ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা: প্রকল্পের কাজ বাস্তবায়নকালে দেখা যায় , বর্ষার সময় নদীর পানি বৃদ্ধি পাওয়ায় বর্ষাকালে সম্পূর্ণ কাজ বন্ধ করতে হয়। এছাড়া প্রকল্পের জন্য সিসি ব্লক কাস্টিং করতে অনেক জায়গার প্রয়োজন হয়। ব্লক তৈরির জন্য নিজস্ব হুকুম দখলকৃত জমি না থাকায় জনসাধারণের জমিতে Plat form তৈরি করে ব্লক কাস্টিং করতে গিয়ে ঠিকাদারের সময় নষ্ট জনিত কারণে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক বছর অর্থাৎ জুন , ২০১৮ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়।

২০. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): সাইট বই সংরক্ষণ করা হয়েছে।

২১. প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ আলোচ্য প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৩৩২.৮৬ (৯৩%) এবং বাস্তব অগ্রগতি ৯৬%।

২২. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

Objectives as per DPP	Actual achievement
১। নদী ভাংগনের হাত হতে মূল্যবান ফসলী জমি, গ্রাম,	১। নদী ভাংগনের হাত হতে মূল্যবান ফসলী জমি, গ্রাম, স্কুল-

Objectives as per DPP	Actual achievement
স্কুল-কলেজ, মসজিদ -মাদ্রাসা, বাজার, লঞ্চ ঘাট, কাচাঁ-পাকা রাস্তা, মূল্যবান রাস্তা, বিভিন্ন সরকারী বেসরকাররী স্থাপনা রক্ষাকরণ। ২। বন্যার প্রভাব হতে ফসলে ক্ষয়ক্ষতি ও মানুষের জীবন ও সম্পদ রক্ষা করা ৩। সর্বোপরি দরিদ্র বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক অবস্থার উন্নতি করা।	কলেজ, মসজিদ -মাদ্রাসা, বাজার, লঞ্চ ঘাট, কাচাঁ-পাকা রাস্তা, মূল্যবান রাস্তা, বিভিন্ন সরকারী বেসরকাররী স্থাপনা রক্ষা হয়েছে। ২। বন্যার প্রভাব হতে ফসলে ক্ষয়ক্ষতি ও মানুষের জীবন ও সম্পদ রক্ষা পেয়েছে। ৩। সর্বোপরি দরিদ্র বিমোচন ও নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং এ এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নতি হয়েছে।

২৩. প্রকল্প বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত

প্রকল্পটি বাস্তবায়নের ফলে নবীনগর উপজেলার মানিকনগর এলাকার স্থানীয় জনগণ সন্তোষ প্রকাশ করেন। তারা জানান, মেঘনা নদীর ভাঙ্গন তাদের জীবন ও জীবিকা হুমকির সম্মুখীন হয়ে পড়েছিল। তীর সংরক্ষণের ফলে তাদের বাড়িঘর, ফসলী জমি, মসজিদ, মাদ্রাসা নদীভাঙ্গন হতে রক্ষা পেয়েছে। এছাড়া বন্যার প্রভাব হতে ফসলের ক্ষয়ক্ষতি রক্ষা পেয়েছে।

২৪. সার্বিক পর্যবেক্ষণ:

২৪.১ আলোচ্য প্রকল্পের মূল বাস্তবায়নকাল ০১ এপ্রিল ২০১৫ হতে ৩০ জুন ২০১৭। প্রকল্পটির একবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ফলে প্রকল্পটির মেয়াদ দাড়ায় ০১ এপ্রিল, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৮। পরবর্তীতে নির্ধারিত সময়ে প্রকল্পটির সকল কাজ সমাপ্ত করা হয়েছে। তবে এতে ৪৪.৪৪% টাইম ওভার রান রয়েছে।

২৪.২ ডিপিপির সংস্থান ও ডিজাইন অনুযায়ী নির্ধারিত ব্যয়ের মধ্যে ৩টি প্যাকেজে প্রকল্পের তীর সংরক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে।

২৪.৩ টাস্কফোর্স কর্তৃক ব্লক গণনা ও টেস্টিং সম্পাদনের পর ৩২৮০৭৪টি জিও ব্যাগ, ৪৫×৪৫×৪৫ সে:মি: সাইজের ৬৪৪১০টি ব্লক, ৪৫×৪৫×৩০ সে:মি: সাইজের ১০৬৩৮৬টি ব্লক এবং ৪০×৪০×৪০ সে:মি: সাইজের ৬১৫০২টি ব্লক ব্যবহার করে তীর সংরক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে।

২৪.৪ আলোচ্য প্রকল্পের বাস্তব কাজের ক্ষেত্রে ৩টি প্যাকেজের মধ্যে প্যাকেজ-২ এবং প্যাকেজ-৩ এর কাজ সন্তোষজনক। তবে ১ নং প্যাকেজের তীর সংরক্ষণ কাজে ব্যবহৃত প্লেসিং ব্লকের মাঝে অত্যাধিক ফাঁক পরিলক্ষিত হয়েছে।

২৪.৫ প্রকল্পটির Internal audit সম্পন্ন করা হয়নি। Internal audit এ ২টি আপত্তি ছিল, তবে ত্রিপক্ষীয় সভায় আপত্তিটি প্রত্যাহারের বিষয়ে ঐকমত্য হয়েছে।

২৫. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



চিত্রঃ ১ : প্রকল্পের আওতায় সম্পাদিত তীর সংরক্ষণ কাজের একাংশ।



চিত্রঃ ২ : প্রকল্পের আওতায় সম্পাদিত প্যাকেজ-২ এর কাজের একাংশ।



চিত্রঃ ৩ : প্রকল্পের সুবিধাভোগী জনগণ প্রকল্প বাস্তবায়নে সন্তোষ প্রকাশ করেন।



চিত্রঃ ৪ : পরিদর্শনরত আইএমইডি'র প্রতিনিধি।



চিত্রঃ ৫ : প্রকল্প পরিদর্শনকালে উপস্থিত আইএমইডির প্রতিনিধি, প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

২৬. সুপারিশ/মতামতঃ

২৬.১ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজসমূহ টেকসইকরণ এবং একই সাথে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী Outcome অর্জনে সম্পাদিত কাজসমূহের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

২৬.২ ভবিষ্যতে মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িতব্য প্রকল্পসমূহ Time Over Run এবং Cost Over Run ছাড়া বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

২৬.৩ ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ড চলাকালে তীর সংরক্ষণ কাজে প্যাকেজ-১ এর ব্লকসমূহের গ্যাপসমূহ সহ ফিনিশিং কাজ মেরামত করে নিতে হবে।

২৬.৪ প্রকল্পটির Internal audit সম্পন্ন করতে হবে।

২৬.৫ আইএমইডি কর্তৃক পরিদর্শনের আলোকে প্রণীত প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২৬.৬ অনুচ্ছেদ ২৬.১ - ২৬.৫ পর্যন্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

"Impact Assessement of Structural Interventions in Haor Ecosystem and Innovation for Solution" শীর্ষক সমীক্ষা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৭)

০১। প্রকল্প নাম : "Impact Assessement of Structural Interventions in Haor Ecosystem and Innovation for Solution" শীর্ষক সমীক্ষা প্রকল্প।

০২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদফতর।

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

০৪। প্রকল্পের এলাকা : নেত্রকোনা, কিশোরগঞ্জ এবং সিলেট ও সুনামগঞ্জসহ সমগ্র হাওর এলাকা।

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩০৮.০৩	-	২৩৪.৯৬৮১	জানুয়ারী/২০১৬-জুন/২০১৭	জানুয়ারী/২০১৬-ডিসেম্বর/২০১৭	এপ্রিল /২০১৬-ডিসেম্বর/২০১৭	-	-

০৬। অংগভিত্তিক অগ্রগতিঃ পরিশিষ্ঠ "ক" তে সংযুক্ত।

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

৮.১ প্রকল্পের পটভূমিঃ বাংলাদেশে বন্যা ও পানি ব্যবস্থাপনা উন্নয়ন কার্যক্রম ষাটের দশক থেকে শুরু হয়। তদানীন্তন ইপিওয়াপদা ও স্বাধীনতা পরবর্তীতে বঙ্গবন্ধু সরকার কর্তৃক পুন:গঠিত Bangladesh Water Development Board (BWDB) এবং অন্যান্য সংস্থা যথা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, বিভিন্ন এনজিও সমগ্র হাওর এলাকাসহ সারা দেশে ছোট-বড় বিভিন্ন আকারের ব্রীজ কালভার্ট, স্লুইচ গেইট, রেগুলেটর, ফিস-পাস, বোটপাস, বন্যা নিয়ন্ত্রণকারী বাঁধ, পোল্ডার ইত্যাদি তৈয়ার করে আসছে।

বাংলাদেশের উত্তর পূর্বাঞ্চলের ০৭টি জেলা জুড়ে হাওর অঞ্চল বিস্তৃত। টেকটনিক কারণে হাওর সৃষ্ট এ অঞ্চলের ভৌগলিক বিশেষত্ব হলো বৎসরের ৬-৭ মাস অধিকাংশ জমি/এলাকা পানিতে নিমজ্জিত থাকে। শুষ্ক মৌসুমে প্রায় সমস্ত এলাকা শুকিয়ে যায়। শুধু মাত্র নদী, খাল এবং বিল গুলোতে কিছু পরিমান পানি থাকে। এ পানিতে প্রচুর মাছ থাকে। আর শীতকালে নীচু ভিজা জমিতে বিস্তৃত এলাকায় প্রচুর বোর ধানের আবাদ হয় এবং এ অঞ্চল খাদ্য উদ্বৃত্ত।

অন্যদিকে হাওর অঞ্চলের জলবায়ুগত বৈশিষ্ট হলো উজান থেকে প্রায় প্রতি বৎসর বৃষ্টির/বন্যার পানি এ অঞ্চলের উপর দিয়ে গড়িয়ে নদীর মাধ্যমে সাগরে পতিত হয়। এমতাবস্থায়, মার্চ-এপ্রিল মাসে প্রায়শ: হঠ্যাৎ করে "Flash Flood" সংগঠিত হয়। তাতে অনেক সময় আধা পাকা ধান পানিতে তলিয়ে যায়। ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়। তাছাড়া সাধারণ বন্যা ও প্রায় প্রতি বৎসেরর নিয়মিত ঘটনা।

হঠৎ বন্যা, সাধারণ বন্যা থেকে হাওর অঞ্চলের ফসল, গবাদি পশু ও জনগণের জান মাল রক্ষায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এ অঞ্চলের বিভিন্ন হাওরকে ঘিরে নদীর পাড়ে অস্থায়ী মাটির বাঁধ, ছোট-বড় কালভার্ট, স্লুইচ গেইট ইত্যাদি তৈয়ার করা হয়েছে। উল্লেখ্য যে, অতীতে এ ধরনের অবকাঠামো তৈরীর ক্ষেত্রে কোন পরিবেশ গত প্রভাব যাচাই

Ervironmental Impact Assessment (EIA) করার বিধান ছিল না। এমতাবস্থায়, বিভিন্ন সময়ে হাওর অঞ্চলে নির্মিত অবকাঠামো গুলোর প্রভাব নির্নয়ে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

১) হাওর ইকোসিস্টেমে বিদ্যমান অবকাঠামোর প্রভাব মূল্যায়ন/নির্ণয়।

২) পরিবেশগত ব্যবস্থাপনার নির্ণয়ে পরিবেশগত অডিটিং পরিচালিত করা।

৩) পরিবেশ বান্ধব প্রকল্প বাস্তবায়নে সুপারিশ প্রনয়ন।

৪) হাওর ইকোসিস্টেম এর উপযোগী অবকাঠামো উন্নয়নে গাইডলাইন প্রস্তুত/সুপারিশ করা।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রম :

১) হাওর অঞ্চলে নির্মিত অবকাঠামোর তালিকা তৈরী করণ।

২) যে সকল গুরুত্বপূর্ন হাওরে এ ধরণের অবকাঠামো প্রস্তুত করা হয়েছে সে ক্ষেত্রে পরিবেশে এদের প্রভাব নিরুপন।

৩) পরিবেশগত ব্যবস্থাপনার আলোকে যেসব ব্যবস্থা নেয়ার কথা ছিল তার কতটুকু প্রতিপালন করা হয়েছে তা যাচাই।

৪) হাওর অঞ্চলের পরিবেশ উপযোগী অবকাঠামোর ধরণ ও ডিজাইন সুপারিশ করা।

৫) জলবায়ুগত পরিবর্তনের প্রভাব বিবেচনা করে জলাভূমি ব্যবস্থাপনার উপযুক্ত অবকাঠামো তৈরীর গাইডলাইন প্রস্তাব করা।

৬) স্থানীয়/জাতীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠানের মাধ্যমে গবেষণার মাধ্যমে উদ্ভুত জ্ঞানের যথার্থতা যাচাই।

৭) হাওর অঞ্চলে নির্মিত অবকাঠামো ও হাওর ইকোসিস্টেমের ওপর এদের প্রভাব এবং জলবায়ুগত প্রভাব উল্লেখ করে একটি ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত করা ।

০৯। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ

"Impact Assessement of Structural Interventions in Haor Ecosystem and Innovation for Solution শীর্ষক প্রকল্পের জন্য ৩০৮.০৩ লক্ষ টাকা অনুমোদিত বরাদ্দের অনুকূলে জানুয়ারী ২০১৬ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৩ এপ্রিল ২০১৬ তারিখে মন্ত্রণালয়ের অনুমোদন জারি করা হয়। পরবর্তীতে ১৮ জানুয়ারী, ২০১৭ তারিখে প্রকল্পের মেয়াদ আরও ০৬ (ছয়) মাস বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৭ নির্ধারন করা হয়।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়			
			মোট	টাকা	প্রঃসাঃ	বাস্তব (%)
২০১৬-২০১৭	১০০.০	১০০.০০	৯১.৭৬৯৫	৯১.৭৬৯৫	-	৯১.৭৬৯৫%
২০১৭-২০১৮	১৪৬.০	১৪৫.২৬	১৪৩.১৯৮৬	১৪৩.১৯৮৬	-	৯৮.৫৮%
মোট =	২৪৬.০	২৪৫.২৬	২৩৪.৯৬৮১	২৩৪.৯৬৮১	-	৯৫.৮০৩৬%

*অবমুক্তকৃত অব্যয়ীত অর্থ যথাযথভাবে ফেরত প্রদান করা হয়েছে।

১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
১.	ড. মো.রুহুল আমিন পরিচালক (যুগ্ম সচিব) ও প্রকল্প পরিচালক	-	অতিরিক্ত দায়িত্ব	১১-৪-২০১৬	৩১-১২-২০১৭

১২। প্রকল্প পরিদর্শনঃ প্রকল্পটি ১৪-১৭ নভেম্বর ২০১৭ তারিখে এ বিভাগের উপ -পরিচালক জনাব শেখ মো : আবদুর রহমান সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শ নকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

১৩.১ **পরামর্শক ও অন্যান্য সেবাঃ** সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য Center For Environmental Geographic Information Services (CEGIS) নামক পরামর্শক ফার্ম প্রকল্পের মূল কাজ (পেকেজ-এস-০১) বাস্তবায়নে নিয়োজিত ছিল। এ সমীক্ষা কজের জন্য পিএসপিতে নির্ধারিত/উল্লিখিত পরামর্শক সেবা বাবদ ১২০ কর্মদিবস এর অনুকূলে ১৫৪.৭৫ লক্ষ টাকা বরাদ্ধ ছিল। এ পরামর্শক সেবা বাবদ ১৫৪.৭৪৭৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। Direct Cost বাবদ ১০৬.২ লক্ষ টাকা বরাদ্দের অনুকূলে ৬৭.১৯২ লক্ষ টাকা চুক্তি মূল্য নির্ধারণ করা হয়। চুক্তি স্বাক্ষরের তারিখ ১৫ নভেম্বর ২০১৬। তাছাড়া প্রকল্পের Output এর ওপর একটি ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত করার জন্য (পেকেজ এস-০২) রেঁনেসা টেলি হাউজ নামক সংস্থাকে নিয়োজিত করা হয় । এ কাজের জন্য ১০.০ লক্ষ টাকা বরাদ্দ ছিল তবে ৯.৮৬২৫ লক্ষ টাকা চুক্তিতে (চুক্তি স্বাক্ষরের তারিখ ১৮ এপ্রিল ২০১৭) কাজটি সম্পন্ন করা হয়েছে। । চুক্তি অনুযায়ী উভয় ক্ষেত্রে প্রকল্প কাজ শেষ হওয়ার তারিখ ৩১/১২/২০১৭। পরামর্শক ফার্ম ও ভিডিও ডকুমেন্টারী প্রস্তুতের জন্য বিশেষায়িত সংস্থা নিয়োগের ক্ষেত্রে পাবলিক পিপিআর ২০০৮ অনুসরণে সকল কাজ সম্পাদন করা হয়।

১৩.২ **মাঠ জরিপ ও গবেষণাঃ** প্রকল্পের সমীক্ষার বিষয় বস্তুর আলোকে সরেজমিনে মাঠ পরিদর্শন, জরিপ এবং গবেষণা তথা PCM, PRA, RRA, FGD এর মাধ্যমে অধিকাংশ তথ্য সংগ্রহ করা হয়েছে। এজন্য প্রকল্পের পরামর্শক ও সহায়ক কর্মীগণ সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেন। প্রকল্প পরিচালক তাদের কাজ মনিটরিং করেন। এসব কাজে বরাদ্দ ছিল ৫৯.২০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে =৪৪.১৫১৪৯২ লক্ষ টাকা।







চিত্রঃ প্রকল্প পরিচালক এবং সমীক্ষা দলের টিম লিডার কর্তৃক মাঠ পরিদর্শন।

১৩.৩ **ষ্টেশনারী:** ষ্টেশনারী মালামাল ক্রয়ের জন্য মূল পিএসপিতে ৪.০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ব্যয় হয়েছে ১.৩৬৯৯ লক্ষ টাকা।

১৩.৪ **প্রিন্টিং:** প্রকল্প প্রতিবেদনসহ অন্যান্য বিষয়ে মুদ্রনের জন্য ৪.০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ব্যয় হয়েছে ২.৭৩৯৮ লক্ষ টাকা।



চিত্রঃ চূড়ান্ত প্রতিবেদন কপি

১৩.৫ **ফোন, ফ্যাক্স, ইন্টারনেট কস্টঃ** এ খাতে ৩.০ লক্ষ টাকা বরাদ্দ থেকে ০.০৪৬৬৮ টাকা খরচ করা হয়েছে।

১৩.৬ **স্থানীয় কর্মশালা:** হাওর অঞ্চলের জেলা পর্যায়ের স্টেক হোল্ডার সচেতন জনগণের সমবায় স্থানীয় কর্মশালা অনুষ্ঠিত হয় এবং খসড়া চুড়ান্ত প্রতিবেদন তৈয়ার করা হয়। এ খাতে বরাদ্দ ছিল ৩০.০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৪.৩৮৩৯৫ লক্ষ টাকা।




চিত্র: বিভিন্ন উপজেলায় অনুষ্ঠিত স্থানীয় কর্মশালা উপস্থিত মহাপরিচালক, বাহাজউঅ, প্রশাসনের স্থানীয় কর্মকর্তা ও অংশগ্রহনকারীগণ

১৩.৭ **জাতীয় কর্মশালা:** খসড়া চুড়ান্ত প্রতিবেদন নিয়ে বিশেষ পর্যায়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার প্রতিনিধির সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। এবং চুড়ান্ত প্রতিবেদন তৈরীতে অংশগ্রহণকারীদের মতামত গ্রহণ করা হয় অনুমোদিত ব্যয় ছিল ৫.০ লক্ষ টাকা। প্রকৃত ব্যয় ৪.১০৯৭ লক্ষ টাকা।



চিত্র: সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত জাতীয় কর্মশালায় মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিব পানিসম্পদ মন্ত্রণালয় এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ

১৩.৮ **ভিডিও ডকুমেন্টারী** : সমীক্ষা প্রকল্পের প্রতিবেদনের তথ্যের ওপর ভিডিও করে একটি ডকুমেন্টারী (৮মিনিট) তৈরী করা হয় পিএসপিতে বরাদ্দ ছিল ১০.০ লক্ষ টাকা ব্যয় হয়েছে ৯.৮৬২৫ লক্ষ টাকা।



চিত্র: ভিডিও ডকুমেন্টারী

১৩.৯ **সম্মানীঃ** পরামর্শক ফার্ম নিয়োগ/নির্ধারনের কাজ থেকে শুরু করে প্রকল্প বাস্তবায়ন পর্যন্ত বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী বাবদ ১.১৭৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দ ছিল ৫.০ লক্ষ টাকা।

১৩.১০ **আনুসঙ্গিক/বিবিধ ব্যয়:** এ খাতে ২.০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, ব্যয় হয়েছে ১.৯৯৬১৫ লক্ষ টাকা প্রধানত: দৈনিক খবরের কাগজে বিজ্ঞাপন প্রচার বাবদ অধিকাংশ টাকা খরচ হয়েছে। বিভিন্ন কমিটির সভায় আপ্যায়ন বাবদ সমান্য টাকা খরচ হয়েছে।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত
১. বিদ্যমান নির্মিত অবকাঠামোর প্রভাব নিরুপন	**১.** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ষাটের দশক থেকে হাওর অঞ্চলে ১১৮টি FC/FCD/FCDI/DR/IRR প্রকল্প বাস্তবায়ন করছে। এ প্রকল্পগুলোর প্রধান উদ্দে শ্য হলো হাওরের আগাম হঠাৎ বন্যা থেকে বোর ফসল রক্ষা করা । এ প্রকল্পের সমীক্ষার মাধ্যমে এ অঞ্চলের (a) Water Resources & Navigation, (b) Land, Agriculture and livestock Resources, (c) Fisheries Resources, (d) Ecological Resources, (e) Socio-Economic Resources এ

উদ্দেশ্য	অর্জিত
	পাঁচটি ক্ষেত্রে এসব অবকাঠামোর প্রভাব নির্ণয় করা হয়েছে।
২. পরিবেশগত Auditing: Environmental Management Plan (EMP) এর ফলাফল /প্রভাব নির্ণয়ে পরিবেশগত নীরিক্ষা (Auditing)	২. দেশের পরিবেশগত পলিসি ও নির্দেশনার আলোকে বিভিন্ন অবকাঠামো নির্মান করা হয়েছে কিনা তা যাচাই করার উদ্দেশ্য পরিবেশত নীরিক্ষা করা হয়েছে। এ উদ্দেশ্য ৩০টি উল্লেখ্যযোগ্য হাওর নির্বাচন করা হয়েছে যাতে বন্যা ব্যবস্থাপনার জন্য বিভিন্ন ধরনের অবকাঠামো নির্মান করা হয়েছে। এই ৩০টি হাওরের মধ্যে ২১ টি হাওরে এ ধরনের কাজ শুরু ও শেষ হয়েছে ১৯৯১ সালের মাগে। পানি নীতি, পানি আইন ইত্যাদি বাস্তবায়ন হয়েছে তার ও পরে। সুতরাং উক্ত নির্মিত অধিকাংশ অবকাঠামো সরকারী নির্দেশনা পালনের বাধ্যবাধকতার অন্তর্ভুক্ত হয় নাই। যে সব প্রকল্পের ক্ষেত্রে পরিবেশের ওপর বিরুপ প্রতিক্রিয়া লক্ষ করা গেছে তাতে ১০ ধরনের মিটিগেশন ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। সুপারিশগুলো হলো : (ক) হাওরের ভিতরের খাল ও বিল গুলো পুন:খনন করা (খ) ড্রেজিংকৃত স্থানে নিয়মিত রক্ষণাবেক্ষণ কাজ করা (গ) হাওরের আন্ত:হাড্রোলজিক্যাল যোগাযোগ রক্ষণাবেক্ষণ করা (ঘ) পরিবেশ বান্ধব পানি নিয়ন্ত্রণ কাঠামো , খাল খনন , ড্রেনেজ ও নেভিগেশন (ঙ) স্থানীয় সুবিধাভোগীদের জন্য হাওর ব্যবস্থাপনায় নিশ্চিত করা ইত্যাদি।
৩. নির্মিত অবকাঠামোর তালিকা তৈরী ও করা এর প্রভাব নির্ণয়।	৩. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রায় ২০০০ কিমি ডুবন্ত বাঁধ , ১১৮টি রেগুলেটর, ৬৫টি স্লুইচ গেট , ১৫৭টি ইনলেট , ২১টি আউটলে ট ২৪টি ক্লোজর এবং ৩টি আড়িবাধ নির্মান করেছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ২৪,৯৪৮টি গ্রামীন রাস্তা , ৮টি রাবার ড্যাম , ১২৩টি রেগুলেটর, ১৭টি স্লুইচ গেট , ২৩টি ইনলেট -আউটলেট এবং সড়ক ও জনপথ অধিদপ্তর ৪৩০ কিমি জাতীয় মহাসড়ক , ৫৭৮ কিমি আঞ্চলিক মহাসড়ক, ৯৩৭ কিমি জেলা রো ড, ১০০৫ টি ব্রীজ এবং ২০৭৪টি কালভার্ট তৈয়ার করেছে। এসব অবকাঠামোর একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হয়েছে (Volume II)।
৪. পরিবেশ বান্ধব অবকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তা ও ভবিষ্যতে এরুপ অবকাঠামো নির্মাণে উন্নত প্রযুক্তি /পদ্ধতির ব্যবহার	হাওর অঞ্চলে নির্মিত অবকাঠামোর উপযোগিতা পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, সকল স্কীমেই আগাম স্বাভাবিক বন্যার পানি প্রবেশের ঝুঁকি হ্রাস পেয়েছে এবং ফসল আবাদের অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে। তবে কোথাও পলি জমেছে, জলাবদ্ধতা বৃদ্ধি ও নিস্কাশন ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। এ ধরনের আরও অন্যান্য সমস্যা সমাধানে পরিবেশ পরিবান্ধব বন্যা প্রতিরোধী অবকাঠামো , অস্থায়ী ডুবন্ত বাঁধ , ডুবন্ত রাস্তা , মাছের অবাধ চলাচলের উপযোগী অবকাঠামো নির্মান ইত্যাদি বিশদভাবে প্রতিবেদনে বর্ণনা করা হয়েছে। তাছাড়া প্রতিবেশ ও পরিবেশ বান্ধব কিছু ব্যবস্থা গুরুত্বারোপ করা হয়েছে:

উদ্দেশ্য	অর্জিত
	(১) পরিকল্পিত ভূমির ব্যবহার (২) হাওরের বিলের পানি একটি নিদিষ্ট লেভেল পর্যন্ত রাখা (৩) হাওরে মাছ ধরার সময় নির্ধারন করা (৪) নদীর তীর ও বাঁধের ঢাল রক্ষায় সবুজ ঘাসের ব্যবহার (৫) মাঠের ফসল রক্ষায় সমন্বিত বালাই ব্যবস্থাপনা নীতি অনুসরণ করা। তাছাড়া ভবিষ্যতে প্রকল্প গ্র হণে Stratcgic Environmental Assessment (SEA) সম্পন্ন করার বিষয়ে বিশেষ ব্যাখ্যা ও গুরুত্বারোপ করা হয়েছে।

১৫। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ প্রযোজ্য নয়।

১৬। বাস্তবায়ন সমস্যাঃ প্রযোজ্য নয়।

১৭। **আইএমইডি'র মতামত/ সুপারিশমালাঃ**

১৭.১ এ প্রকল্পের অধীনে হাওর অঞ্চলে নির্মিত বিভিন্ন রকমের অবকাঠামো অর্জিত ব্রীজ , কালভার্ট, স্লুইচ গেট, ফসল রক্ষা ও আগাম বন্যা প্রতিরোধী বাঁধ , কাঁচা-পাকা রাস্তা, সেচ নিস্কাশনের জন্য বিভিন্ন ধরনের অবকাঠামোর তালিকা প্রস্তুত করা হয়েছে। ভবিষ্যতে আরও সমীক্ষা প্রকল্পের মাধ্যমে হাওরের সম্ভাব্য পরিবেশ বিনষ্টকারী বা অকজো অবকাঠামো সনাক্ত করে তা মেরামত বা পুনর্নির্মাণ-এর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.২ এ প্রকল্পের মাধ্যমে প্রনীত প্রতিবেদনে পরিবেশ বান্ধব অবকাঠামো তৈরীর সুপারিশনামা হাওর অঞ্চলের উন্নয়নে নিয়োজিত সংস্থা কর্তৃক অনুসরণ করার বিষয়ে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

১৭.৩ প্রকল্পের সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফল সম্বলিত চুড়ান্ত প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় , বিশ্ববিদ্যালয়, ও গবেষণা প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর নিশ্চিত করতে পারে;

১৭.৪ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহ প্রতিপালনের বিষয়ে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর একটি নিবীড় পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম গ্রহণ করতে পারে।

পরিশিষ্ট –"ক"

অংগভিত্তিক অগ্রগতির ছক

ক্রঃনং	অঙ্গের নাম	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক
	১	৩	৪	৫	৬
	(ক) রাজস্ব ব্যয়ঃ				
২০.	কনসালটেন্টস সার্ভিস	১২০	১৫৪.৭৫	১২০	১৫৪.৭৪৭৫
২১.	মাঠ জরিপ	-	৪৩.০	-	২৮.৭৬৭৯
২২.	গবেষণা	-	১৬.২০	-	১৫.৭৪৭০২
২৩.	স্থানীয় কর্মশালা	৫০	৩০.০	১৪	১৪.৩৮৩৯৫
২৪.	জাতীয় কর্মশালা	০২	৬.০	০১	৪.১০৯৭
২৫.	স্টেশনারীজ	-	৪.০	-	১.৩৬৯৯
২৬.	প্রিন্টিং	-	৪.০	-	২.৭৩৯৮
২৭.	ফোন, ফ্যাক্স, কস্ট	-	৩.০	-	০.০৪৬৬৮
২৮.	সম্মানী	-	৫.০	-	১.১৭৭
২৯.	ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত	০১	১০.০	০১	৯.৮৬২৫
৩০.	অন্যান্য	-	২.০	-	১.৯৯৬১৫
	উপ মোট রাজস্ব ব্যয় =				
১২	ভ্যাট ও ট্যাক্স	-	৩০.০৮	-	-
	সর্বমোট		**৩০৮.০৩**		**২৩৪.৯৬৮১**

মনু নদী সেচ প্রকল্পের আওতাধীন কাশিমপুর পাম্প হাউজ পুনর্বাসন **(আন্তঃঅঙ্গ** ব্যয় **সমন্বয়)** শীর্ষক **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত-জুন, ২০১৮)

১. **প্রকল্পের নামঃ** মনু নদী সেচ প্রকল্পের আওতাধীন কাশিমপুর পাম্প হাউজ পুনর্বাসন (আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়)।
Rehabilitation of Kashimpur Pump House under Manu River Irrigation Project (Inter-item Cost Adjustment).

২. **প্রকল্প পরিচালকের নামঃ** মোঃ আব্দুস শহীদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপাউবো, মৌলভীবাজার।

৩. **প্রকল্পের ধরনঃ** বিনিয়োগ প্রকল্প ।

৪. **উন্নয়ন সহযোগীঃ** প্রযোজ্য নয়।

৫. **বাস্তবায়নকাল ও ব্যয়ঃ** মে'২০১৬ হতে জুন'২০১৮ ও ৮৪১৬.০০ লক্ষ টাকা।

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় টাকা প্রঃ সাঃ	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট জিওবি প্রঃ সাঃ	সংশোধিত (সর্বশেষ) মোট জিওবি প্রঃ সাঃ		মূল	সংশোধিত (সর্বশেষ)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮৪১৬.০০	৮৪১৬.০০	৮২৯৫.৬৩	১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮	১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮	১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮	----	----

৬.বাস্তবায়নকারী সংস্থাঃ

মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রনালয়	প্রকল্প এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড		সিলেট	মৌলভীবাজার	রাজনগর

৭. অনুমোদনের তারিখ, মেয়াদ বৃদ্ধিঃ

মূল	১৬/০৫/২০১৬ খ্রিঃ, ১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮
আন্তঃখাত সমন্বয়	০৩/০৪/২০১৮ খ্রিঃ, ১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮

৮. প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) কাওয়াদীঘি হাওড় এলাকায় আগাম বন্যা হতে বোরো ফসল রক্ষা;

(খ) পাকা বোরো ধান রক্ষাকল্পে হাওড় এলাকার অতিরিক্ত পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন;

(গ) ফসল ও অন্যান্য সম্পদ রক্ষার্থে বন্যার প্রভাব প্রশমিতকরণ এবং

(ঘ) ফসল ও মাছের উৎপাদন বৃদ্ধিসহ আয় সংশ্লিষ্ট কার্যক্রমসমূহকে ত্বরান্বিতকরণ।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৯. অঙ্গ ভিত্তিক অগ্রগতিঃ

ক্রঃ নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্জন	
			আর্থিক (লাখ)	বাস্তব	আর্থিক (লাখ)	বাস্তব
০১	টেলেক্স/ফ্যক্স/ইন্টারনেট	১	০.৯০	১০০%	০.৮২	১০০%
০২	ফুয়েল ও গ্যাস	১	৩.০০	১০০%	২.৩৪	১০০%
০৩	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্টস	১	৯.০০	১০০%	৬.৯০	১০০%
০৪	মূদ্রণ ও প্রকাশনা	১	১.০০	১০০%	০.৯৯	১০০%
০৫	স্টেশনারী , সীল ও ষ্ট্যাম্পস	১	৬.০০	১০০%	৫.৯৮	১০০%
০৬	পুস্তক ও সাময়িকী	১	০.৬০	১০০%	০.৫০	১০০%
০৭	বিজ্ঞাপন ও প্রচার	১	৩.০০	১০০%	২.৯৬	১০০%
০৮	শ্রম মজুরী	১	৫.০০	১০০%	৫.০০	১০০%
০৯	মধ্যবর্তী মূল্যায়ন	১	১০.০০	১০০%	১৪.৭২	১০০%
১০	বিভিন্ন কমিটির প্রনোদনা সম্মানী	১	৫.০০	১০০%		১০০%
১১	কম্পিউটার কনজুমাবেল	১	১.০০	১০০%	০.৯৮	১০০%
১২	কাশিমপুর পাম্পহাউজের মটর ইউনিট মেরামত ও রক্ষণাবেক্ষন।	১	৮২.০৬	১০০%	৮২.০৫	১০০%
১৩	মৌলভীবাজার কাশিমপুর পাম্পহাউজ ভবন, সাব-স্টেশন , স্টোর ভবন, ওয়ার্কশপ ভবন, সীমানা প্রাচীর, নিরাপত্তা বেষ্টনী, দপ্তর/ আবাসিক ভবন, আনসার ব্যারাক ও বিশ্রামঘর মেরামত ও রক্ষণাবেক্ষন।	১	১৭৫.০০	১০০%	১৫৪.০৮	১০০%
১৪	বৈদ্যুৎতিক সঞ্চালন লাইন ও তার মেরামত ও রক্ষণাবেক্ষন।	১	৫.০০	১০০%	৪.৪৯	১০০%
১৫	বৈদ্যুৎতিক খুটি ও এরিয়ালস মেরামত ও রক্ষণাবেক্ষন।	১	০৯.০০	১০০%	৮.৮৯	১০০%
১৬	সাব-স্টেশন মেরামত ও রক্ষনাবেক্ষন	১	৭০.০০	১০০%	৫৭.২৫	১০০%
১৭	৪ হুইল জীপ (প্রগতির তৈরী , ৫ দরজা বিশিষ্ট ২৫০০ সিসির উর্দ্ধে নয়)	১	৭২.০০	১০০%	০.০০	-
১৮	মোটর সাইকেল ১৫০ সিসি (বিভাগীয় কর্মকর্তাদের জন্য)	৩	৫.০০	১০০%	৪.৯৯	১০০%
১৯	কাশিমপুর পাম্পহাউজে পাম্প ইউনিট পরিবর্তন এবং	৮	৬৯৬৭.৪৪			
২০	পিএফআই এবং অন্যান্য নিয়ন্ত্রণ ও সুরক্ষা ডিভাইসের সাথে আধুনিক , অল্পতে চালু হওয়া ডিজিটাল সিস্টেম রিমোটসেন্সিং প্রযুক্তির প্যানেল বোর্ডপ্রতিস্থাপন।	১	+ ৯৪৭.০০ = ৭৯১৪.৪৪	১০০%	৭৯০৬.২৭	১০০%
২১	ডেস্কটপ কম্পিউটার , ল্যাপটপ , বিভিন্ন সুবিধা সম্পন্ন লেজার প্রিন্টার।	৩	২.১০	১০০%	২.০০	১০০%

ক্রঃ নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্জন	
			আর্থিক (লাখ)	বাস্তব	আর্থিক (লাখ)	বাস্তব
২২	ব্রান্ড স্কেনার (৩টি)।	১	০.৪০	১০০%	০.৩৯	১০০%
২৩	এক্সেসরিজসহ ডিজিটাল মাল্টিমিডিয়া এলসিডি এইসিডি প্রজেক্টর	১	১.০০	১০০%	০.৭৫	১০০%
২৪	আনুষঙ্গিকসহ মাল্টিফাংশন ডিজিটাল ফটোকপিয়ার।	১	১.৫০	১০০%	১.৪৪	১০০%
২৫	দাপ্তরিক আসবাবপত্র	১	৫.০০	১০০%	৪.৯৯	১০০%
২৬	ফ্যাক্স যন্ত্র	৩	১.৫০	১০০%	১.৪৯	১০০%
২৭	বৈদ্যুতিক সরঞ্জাম (আইপিএস, ফ্যান, লাইট ইত্যাদি)	১	৫.০০	১০০%	৪.৯৯	১০০%
২৮	কমপ্রেসার ও ইনভারটারসহ ২ টনের স্প্লিট টাইপ এয়ারকুলার।	৩	৪.৫০	১০০%	৪.৫০	১০০%
২৯	নির্মাণকালীনপওর	১	১৬.০০	১০০%	১৫.৮৭	১০০%
	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	০.০০	-	-	-
	প্রাইজ কন্টিনজেন্সি	-	০২.০০	১০০%	০.০০	-
	মোট =		৮৪১৬.০০	১০০%	৮২৯৫.৬৩	১০০%

১০. বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্ক্ষিত অগ্রগতি না হলে তার কারণ ও প্রকল্প পরিচালকের ব্যাখ্যা): বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ নিম্নরূপঃ-

ক্রঃ নং	অর্থ বছর	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী			প্রকৃত ব্যয়	অর্জিত অগ্রগতি
		বরাদ্দ		লক্ষমাত্রা		
		টাকা (লাখ)	প্রকল্প সাহায্য			
১	২	৩	৪	৫	৬	৭
০১	২০১৫-১৬	০.০০	-	০.০০	০.০০	০.০০%
০২	২০১৬-১৭	৩৭৪.৮৫	-	৩৭৪.৮৫	৩৭৪.৮৫	১০০%
০৩	২০১৭-১৮	৮০৪১.১৫	-	৮০৪১.১৫	৭৯২০.৭৮	৯৮.৫০%
	সর্বমোট =	৮৪১৬.০০	-	৮৪১৬.০০	৮২৯৫.৬৩	৯৮.৫৭%

১১. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল কাজ সমাপ্ত করা হয়েছে।

১২. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে।

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর);
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

১৩. প্রকল্পের মূল কার্যক্রমঃ

(ক) ৮টি পাম্প ইউনিট প্রতিস্থাপন কাজ।
(খ) পাম্প হাউজের ডিজিটাল প্যানেল বোর্ড প্রতিস্থাপন কাজ।
(গ) পাম্প হাউজের মোটর ইউনিট মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ।
(ঘ) পাম্প হাউজ, ষ্টোর, ওয়ার্কশপ, গোডাউন, রেষ্টহাউজ, অফিস ভবন ইত্যাদি মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ।
(ঙ) বৈদ্যুতিক সাব-ষ্টেশন মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ।

১৪. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ১৯ টি।

(খ) পণ্য, **কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:**

প্যাকেজ (১,২,৩...)	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১) শ্রম মজুরী।	০৫/০৪/২০১৭ইং ৫.০০	১০/০৪/২০১৭ইং ৫.০০	২৭/০৬/২০১৮ইং	২৭/০৬/২০১৮ইং	
২) কাশিমপুর পাম্প হাউজের মটর ইউনিট মেরামত ও রক্ষণাবেক্ষন।	২৭/১১/২০১৭ইং ৮২.০৬	২৮/১২/২০১৭ইং ৮২.০৬	২৯/০৩/২০১৮ইং	২৯/০৩/২০১৮ইং	
৩) মৌলভীবাজার কাশিমপুর পাম্পহাউজ ভবন, সাব-স্টেশন ,স্টোরভবন, ওয়ার্কশপ ভবন, সীমানা প্রাচীর, নিরাপত্তা বেষ্টনী, দপ্তর/ আবাসিক ভবন, আনসার ব্যারাক ও বিশ্রামঘর মেরামত ও রক্ষণাবেক্ষন।	২০/১১/২০১৬ইং ১৭৫.০০	২৩/০২/২০১৭ইং ১৭৫.০০	২৮/০২/২০১৮ইং	২৮/০২/২০১৮ইং	
৪) বৈদ্যুৎতিক সঞ্চালন লাইন ও তার মেরামত ও রক্ষণাবেক্ষন।	১৯/০২/২০১৭ইং ৫.০০	১১/০৫/২০১৭ইং ৫.০০	১৫/০৬/২০১৭ইং	১৫/০৬/২০১৭ইং	
৫) বৈদ্যুৎতিক খুটি ও এরিয়ালস মেরামত ও রক্ষণাবেক্ষন।	১৯/০২/২০১৭ইং ৯.০০	২৪/০৪/২০১৭ইং ৯.০০	২০/০৬/২০১৭ইং	২০/০৬/২০১৭ইং	
৬) সাব-স্টেশন মেরামত ও রক্ষনাবেক্ষন।	০৮/০২/২০১৭ইং ৭০.০০	০৯/০৪/২০১৭ইং ৭০.০০	৩১/০৩/২০১৮ইং	৩১/০৩/২০১৮ইং	
৭) কাশিমপুর পাম্পহাউজে পাম্প ইউনিট পরিবর্তন এবং ৮) পিএফআই এবং অন্যান্য নিয়ন্ত্রণ ও সুরক্ষা ডিভাইসের সাথে আধুনিক , অল্পতে চালু হওয়া ডিজিটাল সিস্টেম রিমোটসেন্সিং প্রযুক্তির প্যানেল বোর্ডপ্রতিস্থাপন।	২৯/১২/২০১৬ইং ৭৯১৪.৪৪	৩০/০১/২০১৭ইং ৭৯১১.৪৪	২৫/০৬/২০১৮ইং	২৫/০৬/২০১৮ইং	
৯) নির্মাণকালীনপওর	১৩/০৫/২০১৮ইং ১৬.০০	২৭/০৫/২০১৮ইং ১৫.৮৭	০৯/০৬/২০১৮ইং	০৯/০৬/২০১৮ইং	
১০) ব্রান্ড স্কেনার (৩টি) সরবরাহ।	২১/০৩/২০১৭ইং ০.৪০	১৩/০৪/২০১৭ইং ০.৩৯	২০/০৪/২০১৭ইং	২০/০৪/২০১৭ইং	
১১) ডেস্কটপ কম্পিউটার , ল্যাপটপ , বিভিন্ন সুবিধা সম্পন্ন লেজার প্রিন্টার সরবরাহ।	২১/০৩/২০১৭ইং ২.১০	১৩/০৪/২০১৭ইং ২.০০	২০/০৪/২০১৭ইং	২০/০৪/২০১৭ইং	
১২) আনুষঙ্গিকসহ মাল্টিফাংশন ডিজিটাল ফটোকপিয়ার সরবরাহ।	২১/০৩/২০১৭ইং ১.৫০	১৩/০৪/২০১৭ইং ১.৪৪	২০/০৪/২০১৭ইং	২০/০৪/২০১৭ইং	
১৩) এক্সেসরিজসহ ডিজিটাল মাল্টিমিডিয়া এলসিডি এইসিডি প্রজেক্টর সরবরাহ।	২১/০৩/২০১৭ইং ১.০০	১৩/০৪/২০১৭ইং ০.৭৫	২০/০৪/২০১৭ইং	২০/০৪/২০১৭ইং	
১৪) দাপ্তরিক আসবাবপত্র সরবরাহ।	০৩/০১/২০১৮ইং ৫.০০	১৬/০১/২০১৮ইং ৪.৯৯	২৫/০১/২০১৮ইং	২৫/০১/২০১৮ইং	
১৫) ফ্যাক্সযন্ত্র সরবরাহ।	১৬/০৪/২০১৮ইং ১.৫০	২৫/০৪/২০১৮ইং ১.৪৯	৩০/০৪/২০১৮ইং	৩০/০৪/২০১৮ইং	
১৬) বৈদ্যুতিক সরঞ্জাম (আইপিএস,	২৫/০৫/২০১৭ইং	০১/০৬/২০১৭ইং	২৭/০৬/২০১৮ইং	২৭/০৬/২০১৮ইং	

ফ্যান, লাইট ইত্যাদি) সরবরাহ।	৫.০০	৪.৯৯			
১৭) কমপ্রেসার ও ইনভারটারসহ ২ টনের স্প্লিট টাইপ এয়ারকুলার সরবরাহ।	০৪/০৬/২০১৭ইং ৪.৫০	১৮/০৬/২০১৭ইং ৪.৫০	২৮/০৬/২০১৭ইং	২৮/০৬/২০১৭ইং	
১৮) ৪ হুইল জীপ (প্রগতির তৈরী , ৫ দরজা বিশিষ্ট ২৫০০ সিসির উর্দ্ধে নয়) সরবরাহ।	-	-	-	-	অর্থ মন্ত্রণালয়ের ছাড়পত্র না পাওয়ায় ক্রয় করা সম্ভব হয়নি।
১৯) ১৫০ সিসি মোটর সাইকেল সরবরাহ।(বিভাগীয় কর্মকর্তাদের জন্য)	২৬/০৪/২০১৮ইং ৫.০০	১৫/০৫/২০১৮ইং ৪.৯৯	২৭/০৫/২০১৮ইং	২৭/০৫/২০১৮ইং	

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্ব কাল	দায়িত্বের ধরন (অতিরিক্ত/মূল)
০১	জনাব ধীরেন্দ্র নাথ সরকার	মৌলভীবাজার পওর সার্কেল তত্ত্বাবধায়ক প্রকৌশলী	৩০/০৬/২০১৬খ্রীঃ হতে ২৯/০৯/২০১৬খ্রীঃ	**অতিরিক্ত**
০২	জনাব এস এম শহিদুল ইসলাম	মৌলভীবাজার পওর সার্কেল তত্ত্বাবধায়ক প্রকৌশলী	২৯/০৯/২০১৬খ্রীঃ হতে ১০/১০/২০১৭খ্রীঃ	**অতিরিক্ত**
০৩	জনাব মোঃ আব্দুস শহীদ	মৌলভীবাজার পওর সার্কেল তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১০/১০/২০১৭খ্রীঃ হতে ৩০/০৬/২০১৮খ্রীঃ	**অতিরিক্ত**

১৬. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়।

১৭. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

১০/০৫/২০১৮ ইং হতে ১৫/০৫/২০১৮ ইং পর্যন্ত সিএজি পারফরমেন্স অডিট সম্পন্ন হয়েছে। অডিট আপত্তির ব্রডশিট জবাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে সিএজি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

১৩/০২/২০১৯ ইং হতে ১৮/০২/২০১৯ ইং পর্যন্ত সিএজি পূর্ত অডিট সম্পন্ন হয়েছে। অডিট আপত্তির তাৎক্ষনিক জবাব প্রদান করা হয়েছে।

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৮। **পরিদর্শনকৃত এলাকা:** মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন কেপিআই স্থাপনা কাশিমপুর পাম্প হাউজ।

১৯। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ: গত ১৪/০৬/২০১৯ তারিখে আইএমইডির সহাকারী পরিচালক জনাব লসমী চাকমা কর্তৃক প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জনাব রনেন্দ্র শংকর চক্রবর্তী, মৌলভীবাজার পওর বিভাগ এবং উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব মোঃ হান্নানুল ইসলাম, মৌলভীবাজার যান্ত্রিক পওর বিভাগ এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯.১ পরিদর্শনে জানা যায়, মনু নদী সেচ প্রকল্পটি মৌলভীবাজার জেলার সদর এবং রাজনগর উপজেলায় কাওয়াদীঘি হাওর এলাকায় অবস্থিত। ভারতের ত্রিপুরাতে প্রচুর বৃষ্টিপাতের ফলে মনু এবং ধলাই নদীতে আকস্মিক বন্যা ও নীচু এলাকায় দীর্ঘ সময় পানি আটকে থাকায় ক্ষতিগ্রস্ত ফসল রক্ষার লক্ষ্যে ১৯৮০-৮১ সালে রাজনগর এলাকায় কাশিমপুর পাম্প হাউজ কমিশনিং হয়। পাম্প হাউজে স্থাপিত ৮(আট)টি পাম্প দীর্ঘদিন ব্যবহারে পাম্পিং ক্ষমতা কমে যায়। ২০০৬ সালে পাম্পগুলি মেরামত ও ওভার হোলিং করা হয়। কিন্তু পাম্পগুলি কর্মক্ষমতা ক্রমান্বয়ে কমে যাওয়ায় প্রকল্প এলাকায় পানি নিষ্কাশন কাজ বিঘ্নিত হচ্ছিল। এ প্রেক্ষিতে বাপাউবো কর্তৃক কাশিমপুর পাম্প হাউজের পুনর্বাসন কাজ বাস্তবায়নের জন্য ৮৪১৬.০০ লক্ষ টাকা ব্যয়ে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের বাস্তবায়নকাল ০১ মে ২০১৬ হতে ৩০ জুন ২০১৮ প্রকল্পের আওতায় ৮টি পাম্প ইউনিট ও পাম্প হাউজের ডিজিটাল প্যানেল বোর্ড প্রতিস্থাপন, পাম্প হাউজের মেইন ইউনিট, স্টোর, ওয়ার্কশপ, গোডাউন, রেস্টহাউজ, অফিস ভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এবংবৈদ্যুতিক সাবস্টেশন পুনঃস্থাপন ও বৈদ্যুতিক লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের সংস্থান রয়েছে।

১৯.২ ডিপিপি অনুযায়ী মোট ১৯টি প্যাকেজের আওতায় প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এর মধ্যে ২টি প্যাকেজ (প্যাকেজ ৭ ও ৮) এবং কাজ DPM পদ্ধতিতে এবং বাকি ১৭টি প্যাকেজের কাজ OTM পদ্ধতিতে করা হয়েছে। প্রধান কয়েকটি প্যাকেজের কার্যক্রম নিম্নরুপঃ

প্যাকেজ-৭ ও প্যাকেজ- ৮: কাশিমপুর পাম্প হাউজে পাম্প ইউনিট পরিবর্তন এবং পিএফআই এবং অন্যান্য নিয়ন্ত্রণ ও সুরক্ষা ডিজাইনের সাথে আধুনিক অল্পতে চালু হওয়া ডিজিটাল সিস্টেম রিমোটসেন্সিং প্রযুক্তির প্যানেল বোর্ড স্থাপন এ দুটি প্যাকেজের কাজ ডিপিএম পদ্ধতিতে সিগমা ইঞ্জিনিয়ার্স লিমিটেড কে প্রদান করা হয়। এ কাজের দরপত্র আহবান করা হয় ২৯/১২/২০১৬ ইং তারিখে চুক্তিমূল্য ৭৯১১.৪৪ লক্ষ টাকা এবং চুক্তি সম্পাদনের তারিখ ৩০/০১/২০১৭ ইং। চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের তারিখ ২৫/০৬/২০১৮ ইং তারিখ। নির্ধারিত সময়ে কাজটি সম্পাদন করা হয়েছে।

প্যাকেজ-২: কাশিমপুর পাম্প হাউজের মটর ইউনিট মেরামত ও রক্ষণাবেক্ষণঃ OTM পদ্ধতিতে এ কাজটি সম্পাদন করা হয়েছে। এ কাজের চুক্তিমূল্য ৮২.০৬ লক্ষ টাকা এবং চুক্তি সম্পাদনে তারিখ ২৮/১২/২০১৭ তারিখ। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ২৮/০২/২০১৮। এ কাজটি সমাপ্ত হয়েছে।

প্যাকেজ-৩: মৌলভীবাজার কাশিমপুর পাম্প হাউজ ভবন, সাবস্টেশন, স্টোর ভবন, ওয়াকশপ ভবন, সীমানা প্রচীন, নিরাপত্তা বেষ্টনী, দপ্তর/আবাসিক ভবন, আনসার ব্যারাক ও বিশ্রামাগার মেরামত ও রক্ষণাবেক্ষণঃ OTM পদ্ধতিতে এ কাজটি সম্পাদন করা হয়েছে। এ কাজের দরপত্র আহবান করা হয় ২০/১১/২০১৬ তারিখে। দরপত্র মূল্যায়নের পর ১৭৫.০০ লক্ষ টাকা চুক্তিমূল্য ২৩/০১/২০১৭ তারিখে চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী ২৮/০২/২০১৮ তারিখে কাজটি সমাপ্ত করা হয়েছে।

১৯.৩ সিগমা ইঞ্জিনিয়ারিং লিমিটেড এর সাথে চুক্তি অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং পরিবহন কমিশনের ১০ জন কর্মকর্তা গত ১৮/১০/২০১৭ তারিখ হতে ৮/১১/২০১৭ তারিখে KSB, Bremen, Germany তে প্রস্তুতকালীন পরিচালন ও রক্ষণাবেক্ষণের উপর প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। এছাড়া ২০/১১/২০১৭ ইং তারিখ হতে ২৫/১১/২০১৭ ইং তারিখ পর্যন্ত KSB, Bremen, Germany তে ৮টি পাম্পের প্রি শিপমেন্ট ইন্সপেকশন ও পারফরমেন্স টেষ্ট সম্পন্ন হয়। জানুয়ারি, ২০১৮ এর ২য় সপ্তাহে পাম্পগুলো সাইটে আসে এবং এপ্রিল, ২০১৮ এর ২য় সপ্তাহে ৮টি পাম্প স্থাপন কাজ সমাপ্ত করা হয়।

২০. ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন: আরডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: প্রকল্পের ক্রয়কার্যক্রমে পিপিআর ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২১। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ জুন, ২০১৮ পর্যন্ত আলোচ্য প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮২৯৫.৬৩ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%।

২২। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন (উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ):

Objectives as per DPP	Actual achievement
১। নদী ভাংগনের হাত হতে মূল্যবান ফসলী জমি, গ্রাম, স্কুল-কলেজ, মসজিদ -মাদ্রাসা, বাজার, লঞ্চ ঘাট, কাচাঁ-পাকা রাস্তা, মূল্যবান রাস্তা, বিভিন্ন সরকারী বেসরকাররী স্থাপনা রক্ষাকরণ। ২। বন্যার প্রভাব হতে ফসলে ক্ষযক্ষতি ও মানুষের জীবন ও সম্পদ রক্ষা করা ৩। সর্বোপরি দরিদ্র বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক অবস্থার উন্নতি করা।	১। নদী ভাংগনের হাত হতে মূল্যবান ফসলী জমি, গ্রাম, স্কুল-কলেজ, মসজিদ -মাদ্রাসা, বাজার, লঞ্চ ঘাট, কাচাঁ-পাকা রাস্তা, মূল্যবান রাস্তা, বিভিন্ন সরকারী বেসরকাররী স্থাপনা রক্ষা হয়েছে। ২। বন্যার প্রভাব হতে ফসলে ক্ষয়ক্ষতি ও মানুষের জীবন ও সম্পদ রক্ষা পেয়েছে। ৩। সর্বোপরি দরিদ্র বিমোচন ও নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং এ এলাকার আর্থসামাজিক অবস্থার উন্নতি হয়েছে।

২৩। প্রকল্প বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত

চলতি বছরে আগাম বন্যার হাত থেকে বোরো ফসল রক্ষা পেয়েছে। এবছর জেলায় বোরো ফসলের উৎপাদন প্রায় ৫৪০০০ মেঃ টন। ভারতের পাহাড়ী ঝর্ণা হতে আগত বৃষ্টির অতিরিক্ত পানি নিষ্কাশনের মাধ্যমে হাওড় এলাকার বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা সম্ভব হচ্ছে। এছাড়া কৃষি, মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টিসহ আর্থ-সামাজিক ও পরিবেশের ওপর ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে।

প্রকল্পের প্রধান উপকারভোগী হলো প্রকল্প এলাকায় বসবাসরত জনগণ। পাম্প হাউজ পুনর্বাসন কাজ বাস্ত বায়নের ফলে চলতি মৌসুমে বোরো ধান ঘরে তুলতে পারায় এলাকাবাসী সন্তোষ প্রকাশ করেছেন। বিশেষ করে হাওড়ের নিচু অঞ্চলের জমিগুলোতে আগাম বন্যার হাত থেকে ফসল রক্ষা পেয়েছে মর্মে স্থানীয় জনগণ অভিমত ব্যক্ত করেন । পরিদর্শনকালে এলাকার জনপ্রতিনিধি এবং উপকারভোগীদের সাথে আলোচনা করা হয়।

২৪। সার্বিক পর্যবেক্ষণ:

২৪.১ আলোচ্য প্রকল্পটির বাস্তবায়নকাল মে, ২০১৬ হতে জুন, ২০১৮ এবং অনুমোদিত ব্যয় ৮৪১৬.০০ লক্ষ টাকা। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত হরা হয়েছে। প্রকল্পের Time Over Run এবং Cost Over Run হয়েনি।

২৪.২ ডিপিপির সংস্থান অনুযায়ী ১৯টি প্যাকেজের আওতায় প্রকল্পের সকল কাজ সমাপ্ত করা হয়েছে।

২৪.৩ প্রকল্পের মূল কার্যক্রম ছিল কাশিমপুর পাম্প হাউজের পাম্প ইউনিট পরিবর্তন এবং পিএফআই এবং অন্যান্য নিয়ন্ত্রণ ও সুরক্ষা ডিভা ইসের সাথে আধুনিক অল্পতে শুরু হওয়া ডিজিটাল সিস্টেম রিমোটসেন্সিং প্রযুক্তির প্যানেল বোর্ড প্রতিস্থাপন করা। এ প্রেক্ষিতে ২৮/১০/২০১৭ -০৮/১১/২০১৭ তারিখ পর্যন্ত KSB, Bremen, Germany তে পাম্প প্রস্তুতকালীন পরিচালন ও রক্ষণাবেক্ষণের উপর প্রশিক্ষণ সম্পন্ন হয় এবং ২০/১১/২০১৭ – ২৫/১১/২০১৭ তারিখ পর্যন্ত KSB, Bremen, Germany তে ৮টি পাম্পের প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ও পারফরমেন্স টেস্ট সম্পন্ন করা হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উপ -সহকারী প্রকৌশলী থেকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার ১০ জন কর্মকর্তাকে পরিচালন ও রক্ষণাবেক্ষ ণের প্রশিক্ষণ দেওয়া হয়। পরবর্তীতে প্রকিউরিং এনটিটি কর্তৃক পাম্পসমূহ বুঝে নেয়া হয়।

২৪.৪ কাশিপুর পাম্প হাউজ একটি কে পি আই স্থাপনা। এটি পরিচালনায় জনবল সংকট রয়েছে। জানা যায় , মৌলভীবাজার যান্ত্রিক পওর বিভাগে অনুমোদিত সেটআপ অনুযায়ী উপ -বিভাগীয় প্রকৌশলীর পদ রয়েছে ২টি এবং শাখা কর্মকর্তার পদ রয়েছে ৪টি। কিন্তু বর্তমানে ১ জন উপ-বিভাগীয় প্রকৌশলী এবং ১ জন শাখা কর্মকর্তা রয়েছে। এছাড়া পাম্প অপারেটর রয়েছে ১ জন। বাকীদের আউটসোর্সিং এর মাধ্যমে নিযুক্ত রয়েছে। কে পি স্থাপনা পরিচালনায় স্থায়ী জনবল নিযুক্ত করা প্রয়োজন।

২৪.৫ কাশিমপুর পাম্প হাউজের পরিচালনায় নিয়মিত সচল রাখতে বিদ্যুত লাইন সংযোগ করা প্রয়োজন।

২৫। প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

স্থির চিত্র	বর্ণনা
	চিত্র ১ কাশিমপুর পাম্প হাউস
	চিত্র ২ প্রকল্পের আওতায় স্থাপিত পাম্পসমূহ
	চিত্র ৩ প্রকল্পের আওতায় নির্মিত পাম্প কন্ট্রোল রুম



চিত্র ৪ : পরিদর্শনরত আইএমইডি প্রতিনিধি এবং উপস্থিত প্রকল্প সংশিষ্ট কর্মকর্তাগণ

২৬। **সুপারিশ/মতামতঃ**

২৬.১ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজসমূহ টেকসইকরণে এবং একইসাথে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী Outcome অর্জন স্থাপিত পাম্পসমূহ রক্ষণাবেক্ষণ বিষয়ে নিশ্চিত করতে হবে;

২৬.২ আলোচ্য প্রকল্পটিকে উদাহরণ হিসেবে নিয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের অন্যান্য প্রকল্পসমূহকে Time Over Run এবং Cost Over Run ছাড়া বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৬.৩ কেপিআই স্থাপনা কাশিমপুর পাম্প হাউজ পরিচালনা য় স্থায়ী জনবল নিযুক্ত করা প্রয়োজন। মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

২৬.৪ কাশিমপুর পাম্প হাউজ নিয়মিত সচল রাখতে সেপারেট বিদ্যুত লাইন সংযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৬.৫ প্রকল্পটির External ও Internal Audit সম্পন্ন করতে হবে;

২৬.৬ আইএমইডি কর্তৃক পরিদর্শনের আলোকে প্রণীত প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে;

২৬.৭ অনুচ্ছেদ ২৬.১ হতে ২৬.৬ -এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ২ মাসের মধ্যে আইএমইডিতে অবহিত করতে হবে।

নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মোহনগঞ্জ পৌর এলাকায় শিয়ালজানি খালের উভয় তীরে ২০০০ মিটার দৈর্ঘ্য সিসি ব্লক দ্বারা আর্মার্ডকরণ কাজ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ মার্চ ২০১৮)

০১। প্রকল্প নাম : "নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মোহনগঞ্জ পৌর এলাকায় শিয়ালজানি খালের উভয় তীরে ২০০০ মিটার দৈর্ঘ্য সিসি ব্লক দ্বারা আর্মার্ডকরণ কাজ" শীর্ষক প্রকল্প।

০২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০৩। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

০৪। প্রকল্পের এলাকা : মোহনগঞ্জ, নেত্রকোণা।

০৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫২৮.৬৫	১৭১২.৯৩	১৬১০.০১	নভেম্বর ২০১৬ হতে জুন, ২০১৮	নভেম্বর ২০১৬ হতে জুন, ২০১৮	নভেম্বর ২০১৬ হতে জুন, ২০১৮	-	০.০০%

০৬। অংগভিত্তিক অগ্রগতিঃ পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

০৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

০৮। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

৮.১ প্রকল্পের পটভূমিঃ প্রকল্পটি নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলার অন্তর্গত মোহনগঞ্জ পৌর এলাকায় অবস্থিত। নেত্রকোনা জেলা শহর থেকে প্রায় ৩০ কিলোমিটার পূর্ব দিকে মোহনগঞ্জ পৌর এলাকার মধ্য দিয়ে শিয়ালজানি খালটি প্রায় ০৩ কিলোমিটার দৈর্ঘ্য প্রবাহিত হয়েছে। খালটি কংশ নদী হতে উৎপন্ন হয়ে প্রায় ০৮ কিলোমিটার পথ অতিক্রম করে ডিংগাপোতা হাওরে পতিত হয়েছে। খালটির পৌর এলাকার ০৩ কিলোমিটার এর মধ্যে ০২ কিলোমিটার অংশ উভয়পাড়ে নগরায়নের ফলে ঘনবসতিপূর্ণ এলাকা ও বিভিন্ন ধরনের অবকাঠামো নির্মিত হয়েছে। মোহনগঞ্জ পৌরসভার নিজস্ব বর্জ্য ব্যবস্থাপনা অপ্রতুল এবং সেনেটারী সিস্টেম যথাযথ না থাকায় পৌর এলাকার সকল বর্জ্য (solid waste and waste water) শিয়ালজানি খালে ডম্পিং হতো। দীর্ঘদিন এই প্রক্রিয়া চলায় খালটি একটি পৌর ডাস্টবিন কাম সেপ্টিক ট্যাংকে রুপান্তরিত হয়। এ অবস্থা থেকে উত্তরনের জন্য এবং পৌর এলাকার পরিবেশের উন্নয়ন ও বিনোদনের মাধ্যম হিসাবে খালটিকে রুপান্তরিত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে কাজটি বাস্তবায়নের উদ্যেগ নেওয়া হয়। প্রকল্প সংলগ্ন খালের তীর বসতবাড়ী, বাজার, বিদ্যালয়, মসজিদ, সরকারি স্থাপনা ও যাতায়াতের জন্য রাস্তা বিদ্যমান। উল্লেখ্য যে, প্রকল্পভুক্ত খালের অধিকাংশ স্থান বেদখল অবস্থায় থাকায় এবং খালটি ভরাট হয়ে যাওয়ায় স্বাভাবিক বৃষ্টিপাতে ও বর্ষায় কংশ নদীর পানি শহরে প্রবেশ করে পৌর এলাকাটি প্লাবিত করে জলাবদ্ধতা সৃষ্টি করে ও পরিবেশের মারাত্মক ক্ষতি সাধন করে। প্রকল্পটি বাস্তবায়ন করা হলে খালটি দখলমুক্ত হবে এবং উভয় তীর সিসি ব্লক দ্বারা আর্মাডকরণ করা হলে খালের তীর ভাঙ্গন রোধসহ ড্রেনেজ প্রক্রিয়া স্বাভাবিক হবে এবং জলাবদ্ধতা দূর হয়ে জীবন যাত্রার মান উন্নত হবে।

নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মোহনগঞ্জ পৌর এলাকায় শিয়ালজানি খালের উভয়তীরে ২০০০ মিটার দৈর্ঘ্যর সিসি ব্লক দ্বার আর্মাডকরণ কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পটি গত ১৮-০৭-২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্পটির মোট ব্যয় ১৫২৮.৬৫ লক্ষ টাকা যা সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন কাল জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত। বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে যার গড় অগ্রগতি ৮৫%। প্রকল্পের ভৌত অবকাঠামোর মধ্যে ২০১৬-১৭ অর্থ বছরে সিসি ব্লক দ্বারা আর্মাডকরণ কাজের ০২টি প্যাকেজের বাস্তবায়ন কাজের অগ্রগতি ৮৫% এবং ০১টি প্যাকেজের (রেগুলেটর নির্মাণ) অগ্রগতি ৯০%। মোহনগঞ্জ দপ্তর ভবন মেরামতের ০১টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- পৌর এলাকার বন্যা নিয়ন্ত্রণ, পানি সংরক্ষণ ও নিষ্কাশন সুবিধা সৃষ্টির মাধ্যমে নাগরিক সুবিধা বৃদ্ধির মাধ্যমে শহর ও সম্পদের ক্ষয়ক্ষতি এবং জনগনের দূভোর্গ হ্রাস করা;
- খালের তীরবর্তী জনগুরত্বপূর্ন স্থাপনা উন্নয়ন ও রক্ষা করা;
- সরকারি খাস জমি দখলমুক্ত করা এবং আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন করা;
- প্রকল্প এলাকার জলাবদ্ধতা দূরীকরণ;
- কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা;
- ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়নসহ প্রাকৃতিক পরিবেশের ভারসম্য রক্ষা এবং সৌন্দর্যবর্ধন করা।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রম :

- স্ট্যান্ড এবং আনুষাঙ্গিক সঙ্গে ডিজিটাল লেভেলিং যন্ত্রপাতি;
- মাল্টি মিডিয়া প্রজেক্টর;
- মোহানগঞ্জ পৌর এলাকায় কিলোমিটার ০.০০০ থেকে কিলোমিটার ২.০০০ (মোট দৈর্ঘ্য: ২০০০.০০ মিঃ) শিয়ালজানি খালের ব্যাংক পুনর্বাসন কাজ;
- শিয়ালজানি খালের উপর ১-ভেন্ট রেগুলেটরের নির্মাণ।

০৯। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৫২৮.৬৫ লক্ষ টাকা ব্যয়ে জুন ২০১৬ হতে মার্চ ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়ন অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধন করা হয় যার সংশোধিত জিওবি ১৭১২.৯৩ লক্ষ টাকা।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়			
			মোট	টাকা	প্রঃসাঃ	বাস্তব (%)
২০১৬-২০১৭	৫৯৮.২৫	৬২৫.০০	৫৯৮.২৫	৫৯৮.২৫	-	৬৫%
২০১৭-২০১৮	১১১৪.৬৮	১০৯৯.০০	১০১১.৭৬	১০১১.৭৬	-	৩৫%
মোট =	১৭১২.৯৩	১৭২৪.০০	১৬১০..০১	১৬১০..০১	-	১০০%

*অবমুক্তকৃত ও অব্যয়িত অর্থ যথাযথভাবে ফেরত প্রদান করা হয়েছে।

১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
০১.	জনাব রেজাউল মোস্তাফা আশফাদুল্লাহ তত্ত্বাবধয়ক প্রকৌশলী	পূর্ণকালীন	-	২৬.০১.২০১৬	৩১.০৭.২০১৭
০২.	জনাব এ কে এম সফিকুল হক তত্ত্বাবধয়ক প্রকৌশলী	পূর্ণকালীন	-	০৫.০৮.২০১৭	অদ্যবধি

১২। প্রকল্প পরিদর্শনঃ সমাপ্ত প্রকল্পটি গত ১৯ এপ্রিল ২০১৯ তারিখে জনাব শেখ মোঃ আব্দুর রহমান, উপ-পরিচালক, আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়।

১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

১৩.১ জরিপ (Bathymetry and Bank line survey): প্রকল্পের আওতায় ডিপিপিতে জরিপ কার্যক্রমের জন্য প্রক্কলিত ব্যয় ৩.০০ লক্ষ টাকা নির্ধারিত ছিল। এর মধ্যে ২.৮৬ লক্ষ টাকা ব্যয় -এ সামগ্রিক জরিপ কাজটি সমাপ্ত হয়েছে;

১৩.২ ডিজিটাল লেভেলিং যন্ত্রপাতি : প্রকল্পের আওতায় ডিপিপিতে ডিজিটাল লেভেলিং ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১.৫০ লক্ষ টাকা টাকা নির্ধারিত ছিল। উক্ত যন্ত্রপাতি ক্রয়ে সম্পূর্ণ অর্থ ব্যয় হয়েছে;

১৩.৩ শিয়ালজানি খালের তীর সংরক্ষণ কাজঃ প্রকল্পের আওতায় কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ২.০০ কাজ সম্পূর্ন হয়েছে। এটি প্রকল্পের মূল কাজ। উক্ত কাজে ব্যয় প্রাক্কলন করা হয়েছিল ১৪৯৭.৪৫ লক্ষ টাকা। তবে সামগ্রিক ব্যয় হয়েছে ১৪৫১.১১ লক্ষ টাকা এ ক্ষেত্রে ব্যয় সাশ্রয় হয়েছে ৪৬.৩৪ লক্ষ টাকা। পরিদর্শনে এবং পিসিআর বিশ্লেষণে দেখা যায় স্পেসিফিকেশন মোতাবেক কাজটি সম্পন্ন করা হয়েছে এবং খালের দুপাশের জনগণ এর সুবিধা পাচ্ছে;

১৩.৪ রেগুলেটার নির্মাণঃ প্রকল্পের আওতায় ১টি ১ভেন্টের রেগুলেটর নির্মাণের সংস্থান ছিল এবং প্রাক্কলিত ব্যয় ছিল ১৭৪.৭৩ লক্ষ টাকা। পিসিআর বিশ্লেষণে দেখা যায় স্পেসিফিকেশন মোতাবেক কাজটি সম্পন্ন করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১২৪.৮৫ লক্ষ টাকা, এ ক্ষেত্রে ব্যয় সাশ্রয় হয়েছে ৪৯.৮৮ লক্ষ টাকা।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত
১। মোহনগঞ্জ পৌর এলাকার বন্যা নিয়ন্ত্রণ, পানি সংরক্ষণ ও নিষ্কাশন সুবিধা সৃষ্টির মাধ্যমে নাগরিক সুবিধা বৃদ্ধির মাধ্যমে শহর ও সম্পদের ক্ষয়ক্ষতি এবং জনগনের দূভোর্গ হ্রাস করা;	১। শিয়ালজানি খালের দুই তীর বরাবর তীর সংরক্ষণ কাজ বাস্তবায়িত হওয়ার ফলে তীর ক্ষয়ের হাত হতে জনগনের সম্পত্তি রক্ষা , বন্যার তীব্রতা হ্রাস এবং নিষ্কাশন সুবিধা বৃদ্ধি পেয়েছে;
২। শিয়ালজানি খালের দুই তীর এবং সংলগ্ন এলাকার উন্নয়ন করা;	২। শিয়ালজানি খালের দুই তীর এবং সংলগ্ন এলাকার উন্নয়ন করা হয়েছে;
৩। সরকারী খাস জমি দখলমুক্ত করা;	২। শিয়ালজানি খালের দুই তীর বরাবর ২ একর খাস জমি দখলমুক্ত করা হয়েছে;
৪। প্রকল্প এলাকার অর্থাৎ মোহনগঞ্জ পৌর এলাকার জলাবদ্ধতা দূরীকরণ;	৪। প্রকল্প এলাকার অর্থাৎ মোহনগঞ্জ পৌর এলাকার জলাবদ্ধতা নিয়ন্ত্রণ করা গেছে;
৫। কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা;	৫। পরোক্ষভাবে দারিদ্র্য বিমোচন করা যাচ্ছে;

উদ্দেশ্য	অর্জিত
৬। ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়নসহ প্রাকৃতিক পরিবেশের ভারসম্য রক্ষা এবং সৌন্দর্যবর্ধন করা।	৬। ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়নসহ প্রাকৃতিক পরিবেশের ভারসম্য রক্ষা এবং সৌন্দর্যবর্ধন করা হয়েছে।

১৫। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ প্রযোজ্য নয়।

র

১৬। বাস্তবায়ন সমস্যাঃ

প্রকল্প সংশ্লিষ্টগণের সাথে আলোচনায় জানা যায়, প্রকল্প বাস্তবায়নকালে কোন উল্লেখযোগ্য সমস্যার সৃষ্টি হয়নি।

১৭। প্রকল্পের চিত্র ও বর্ণনাঃ

চিত্র ও বর্ণনা



চিত্রঃ খননকৃত শিয়ালজানী খালের দুপাশে ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং সৌন্দর্যবর্ধন করা হয়েছে, তবে খালটি কচুরীপানায় ঢেকে থাকতে দেখা যায় ।

চিত্র ও বর্ণনা



চিত্রঃ খননকৃত শিয়ালজানী খালের পাশে পৌরসভা কর্তৃক নিষ্কাশন নালা তৈরিজনিত কারণে খালের ঢালসহ ব্লক অপসারণ করা হয়েছে

১৮। পরিদর্শনকালীন আইএমইডি'র পর্যবেক্ষণঃ

১৮.১ খননকৃত শিয়ালজানী খালের পাশে পৌরসভা কর্তৃক নিষ্কাশন নালা তৈরিজনিত কারণে খালের ঢালসহ ব্লক অপসারণ করা হয়েছে;

১৮.২ খননকৃত শিয়ালজানী খালের দুপাশে ওয়াকওয়ে নির্মাণের মাধ্যমে যাতায়াত ব্যবস্থার উন্নয়ন এবং সৌন্দর্যবর্ধন করা হয়েছে, তবে খালটি কচুরীপানায় ঢেকে থাকতে দেখা যায়;

১৮.৩ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অর্থাৎ পিসিআর-এ যে প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবের (Direct and indirect impact) বিষয় উল্লেখ আছে তা মূলতঃ প্রকল্পের আউটপুট;

১৮.৪ পিসিআর বিশ্লেষণে দেখা যায় যে, External Audit আপত্তিগুলো আংশিক নিষ্পত্তি করা হয়েছে;

১৯। আইএমইডি'র মতামত/ সুপারিশমালাঃ

১৯.১ খননকৃত শিয়ালজানী খালের পাশে পৌরসভা কর্তৃক নিষ্কাশন নালা তৈরিজনিত কারণে খালের ঢালসহ ব্লক অপসারণ করা হয়েছে তা পুনস্থাপন নিশ্চিত রাখতে হবে;

১৯.২ খননকৃত শিয়ালজানী খালটিতে ভরে থাকা কচুরীপানা দ্রুত পরিষ্কার করতে হবে যাতে করে সুবিধাভোগীরা দীর্ঘ মেয়াদী সুবিধা ভোগ করতে পারবেন;

১৯.৩ External Audit আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪ এই জাতীয় নতুন প্রকল্প গ্রহণের পূর্বে ও নির্ধারিত অনুমো দিত ব্যয় ও সময়ে প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা (Project Management)-এর সকল দিক বিবেচনায় আনতে হবে এবং একজন স্থায়ী পূর্নকালীন প্রকল্প পরিচালকের মাধ্যমে প্রকল্প'র কার্যকরী সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৫ খালটির বর্তমান অবস্থা টেকসই করার জন্য খাল ব্যবস্থাপনা দল গঠণ করা যায়।

ক্র:নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকল্পের অর্জন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪		০৭	
বাপাউবো স্টাফ ব্যয়		-	-	-	-	-
ক) রাজস্ব ব্যয়ঃ						
১।	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১ দফা	৭.০০	১ দফা	৪.৩৫
২।	মুদ্রণ ও প্রকাশনা	থোক	১ দফা	১.৫০	১ দফা	১.৪৯
৩।	স্টেশনারী, সীল, ও স্ট্যাম্প	থোক	১ দফা	৪.০০	১ দফা	৩.৪৭
৪।	বিভিন্ন কমিটির সম্মানী	থোক	১ দফা	০.৫০	১ দফা	০.০০
৫।	মধ্যবর্তী মূল্যায়ন	থোক	১ দফা	২.০০	১ দফা	১.৩৩
৬।	জরিপ ও অনুসন্ধান		১ দফা	৩.০০	১ দফা	২.৮৬
৭।	রক্ষিত যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ (জীপ-২ টি, মোটরসাইকেল-৩ টি)	থোক	১ দফা	৫.০০	১ দফা	২.৯৯
৮।	দপ্তর ভবন মেরামত	থোক	১ দফা	১৫.০০	১ দফা	১৪.৮১
রাজস্ব খাতের উপমোটঃ				**৩৮.০০**		**৩১.৩০**
খ) মুলধন ব্যয়ঃ						
৯।	ডিজিটাল লেভেলিং মেশিন		১ টি	১.৫০	১ টি	১.৫০
১০।	মাল্টিমিডিয়া প্রজেক্টর		১ টি	১.২৫	১ টি	১.২৫
১১।	মোহনগঞ্জ পৌর এলাকায় শিয়ালজানি খালের তীর সংরক্ষণ (কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ২.০০)		২০০০ মিটার	১৪৯৭.৪৫	২০০০ মিটার	১৪৫১.১১
১২।	শিয়ালজানি খালের উপর ২ ভেন্ট রেগুলেটর নির্মাণ		১টি	১৭৪.৭৩	১টি	১২৪.৮৫
খ) মূলধন খাতের উপমোটঃ			**-**	**১৬৭৪.৯৩**	**-**	**১৫৭৮.৭১**
মোট (ক+খ)			**১০০%**	**১৭১২.৯৩**	**১০০%**	**১৬১০.০১**

বিএনএস তিতুমীর সংলগ্ন ভৈরব নদীর ডানতীরে ৪৬৫ মিটার নদী তীর সংরক্ষণীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৮)

১। প্রকল্পের নাম : **বিএনএস তিতুমীর সংলগ্ন ভৈরব নদীর ডানতীরে ৪৬৫ মিটার নদী তীর সংরক্ষণ প্রকল্প।**

২। প্রকল্পের অবস্থান : বিএনএস তিতুমীর সংলগ্ন ভৈরব নদীর ডান তীরে চরের হাট এলাকা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৭১৬.১০	-	১৫৭৭.২৪	অক্টোবর,২০১৬ থেকে জুন, ২০১৮	-	অক্টোবর,২০১৬ থেকে জুন, ২০১৮	ব্যয় কিছুটা কম হয়েছে।	--

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(ক) রাজস্ব ব্যয়:						
১	পেট্রোল ও লুব্রিকেন্ট	১দফা	থোক	৩.০০	থোক (৮৩.৩৩%)	২.৪৮৫ (৮২.৮৩%)
২	মুদ্রন ও প্রকাশনা	১দফা	থোক	৩.০০	থোক (১০০%)	২.৯৭২ (১০০%)
৩	অফিস স্টেশনারি, সিল ও স্টাম্প	১দফা	থোক	৩.০০	থোক (১০০%)	২.৯৩১ (১০০%)
৪	বিভিন্ন কমিটির সম্মানী /ফি/রিমুনারেশন (পিএসসি, টিইসি)	১দফা	থোক	৩.০০	থোক (১০০%)	২.২০৫ (৭৩.৫%)
৫	মধ্যবর্তী মূল্যায়ন ও প্রগ্রেস মনিটারিংএ্যাক্টিভিটিস	১দফা	থোক	৮.০০	থোক (১০০%)	৮.০০ (১০০%)
৬	জরিপ ও অনুসন্ধান	১দফা	থোক	৩.০০	থোক (১০০%)	২.৯৮৬ (১০০%)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
৭	বিদ্যমান যানবাহন মেরমত ও রক্ষনাবেক্ষন	১দফা	থোক	৩.০০	থোক (১০০%)	৩.০০ (১০০%)
	উপ-মোট (রাজস্ব ব্যয়):			২৬.০০	-	২৪.৫৭৮
(খ) মুলধন ব্যয় :						
সম্পদ অধিগ্রহন/ক্রয়:						
৮	মটরসাইকেল (১২৫ সিসি)	সংখ্যা	১ টি	১.৮০	১টি (১০০%)	১.৭৯০ (১০০%)
৯	ফটোকপিয়ার	সংখ্যা	১ টি	১.২৫	১টি (১০০%)	১.২৩০ (১০০%)
১০	সার্ভে ইকুইপমেন্ট	সংখ্যা	২ টি	৩.০০	২টি (১০০%)	২.৯৯০ (১০০%)
১১	ডেস্কটপ কম্পিউটারসহ (ব্রান্ড -২টি) এবং লেজার প্রিন্টার (২টি)	সংখ্যা	২ টি	২.০০	২টি (১০০%)	১.৯৯৮ (১০০%)
	উপ-মোট (সম্পদ অধিগ্রহন / ক্রয়:):			৮.০৫		৮.০০
	নির্মান ও পূর্ত কাজ:					
১২	River bank protection work by C.C block placing / dumping on the right bank of Bhairab river from km. 0.430 to km. 0.895 = 465 m.	মিটার	৪৬৫	১৬৭২.০৫	৪৬৫ (১০০%)	১৫৪৪.৬৬ (৯২.৩৮%)
	উপ-মোট (নির্মানও পূর্ত কাজ):			১৬৮০.১০		১৫৫২.৬৬ (৯২.৩৮%)
	ফিজিক্যাল কন্টিনজেন্সি			১০.০০		০.০০
	প্রাইস কন্টিনজেন্সি			০.০০		০.০০
	মোট =			১৭১৬.১০	১০০%	১৫৭৭.২৪ (৯২.৪৪%)

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই মর্মে দেখা গেল।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ ভৈরব নদীর ডান তীরে ৪৬৫ মিটার নদী তীর সংরক্ষণের মাধ্যমে নদী ভাঙ্গন থেকে বিএনএস তিতুমীর এলাকা সহ অন্যান্য সরকারী-বেসরকারী সম্পত্তি/স্থাপনা রক্ষা করা।

৯.২। প্রকল্পের পটভূমিঃ খুলনা জেলার ভৈরব একটি জোয়ার ভাটার নদী। নদীর এ অংশে সবসময় বড় জাহাজ, লঞ্চ, কার্গো, তেলের টেংকার ইত্যাদি চলাচল করে। ভারী ট্রাফিক চলাচল ও জোয়ার উঠানামার কারণে ভৈরব নদীর তীর সবসময় ক্ষয়প্রাপ্ত হচ্ছে। নদী ভাঙ্গন থেকে খুলনা শহর এবং বাজার রক্ষা করার জন্য এর আগে খুলনা শহর সুরক্ষা প্রকল্প, বাপাউবো দ্বারা বাস্তবায়িত হয়েছে। শহর রক্ষা বাঁধ ও এর পশ্চিমে অবস্থিত বিএনএস তিতুমীর সংলগ্ন তাঁদের উন্নয়নকৃত ভুমি নদী ভাঙ্গন থেকে রক্ষার উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত হয়েছিল।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** গত ০৬/০৯/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয় এবং পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ২৪/১১/২০১৬ তারিখে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ২৫/১২/২০১৮ তারিখ আইএমইডি' র পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী খুলনা জনাব মোঃ শরীফুল ইসলাম এবং উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব সায়েদুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা -কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



চিত্র-১-২: প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন

১২। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পটির মূল কার্যক্রম হলো ৪৬৫ মিটার নদীতীর সি সি ব্লক ডাম্পিং এবং প্লেসিং এর মাধ্যমে বিএনএস তিতুমীর সংলগ্ন ভৈরব নদীর ডান তীরে ভাঙ্গন কবলিত এলাকা প্রতিরক্ষা মূলক কাজ।

১৩। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। খুলনা শহরে বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ (বানৌজা) তিতুমীর সংলগ্ন খালিশপুর থানাধীন শুলাপুর মৌজার চরের হাট এলাকার ভৈরব নদীর ডান তীরের ৪৬৫ মিটার নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় নদীর তীর সংরক্ষণ কাজটি ৩টি প্যাকেজে বাস্তবায়ন করা হয়েছে। প্রতিটি প্যাকেজের দৈঘ্য ১৫৫.০০ মিটার। অনুমোদিত ডিজাইন অনুযায়ী জিও ব্যাগ ডাম্পিং করে ব্লক ডাম্পিং এবং ব্লক প্লেসিং করা হয়েছে। এতে তিন ধরণের ব্লক ব্যবহার করা হয়েছে এবং ১:২ স্লোপ সংরক্ষণ করা হয়েছে। এখন পর্যন্ত সম্পদিত কাজের কোন ভাঙ্গন/ক্ষয়ক্ষতি দৃষ্টি গোচর হয়নি। তাছাড়া গুনগতমান বজায় রেখে তীর সংরক্ষণ কাজ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।



চিত্র-৩-৪: তীর সংরক্ষণ কাজের খন্ড চিত্র

১৩.২। ডাম্পিং ব্লকের উপর পলিজমে নদীতীর সেটেল্ড হয়ে যাওয়ার প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে।

১৪। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:** প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% এবং প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৫৭৭.৪৪ লক্ষ টাকা (৯২.৪৪%)।

১৫। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে (অক্টোবর,২০১৬ হতে জুন,২০১৮ পর্যন্ত) মোট ২ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলোঃ

প্রকল্প পরিচালক-এর আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব এ কে এম ওয়াহেদ উদ্দিন চৌধুরী ৬২০৭০১০০২	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী দক্ষিন পশ্চিমাঞ্চল বাপাউবো, খুলনা।	০৩/১১/২০১৬ হতে ০৩/১২/২০১৭	নিয়মিত	হ্যাঁ	৩টি
জনাব মোঃ লুৎফর রহমান ৬১০২২৭০০১	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী দক্ষিন পশ্চিমাঞ্চল বাপাউবো, খুলনা।	০৩/১২/২০১৭ হতে অদ্যবদি	নিয়মিত	হ্যাঁ	৩টি

১৭। **Procurement of Works এর উপর তথ্যাদিঃ** মোট ৩টি প্যাকেজের মাধ্যমে প্রকল্পের আওতায় ৪৫৬ মিটার নদীতীর সংরক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, NOA এবং ওয়ার্ক অর্ডার প্রদানে বিধিমালা অনুসৃত হয়েছে। প্রক্রিয়রমেন্ট সংক্রান্ত কিছু কাগজপত্র যাচাই করা হয়। প্রকল্প এর আওতায় বিভিন্ন প্যাকেজের তথ্যঃ

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
১	Protective work on the right bank of the Bhairab River from km. ০.৪৩০ to km. ০.৫৮৫ total ১৫৫.০০m at BNS Titumir under protective work on the right bank of Bhairab river at length of ৪৬৫.০০ M at BNS Titumir Project during the year ২০১৬-১৭ & ২০১৭-১৮.	১৫৫.০০ মিটার	৫৭১.৫০	৫৩৪.৩০	২৯-০৬-১৮	১০-০৬-১৮	৫৩৩.০২	কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে।
২	Protective work on the right bank of the Bhairab River from km. ০.৫৮৫ to km. ০.৭৪০ total ১৫৫.০০m at BNS Titumir under protective work on the right bank of Bhairab river at length of ৪৬৫.০০ M at BNS Titumir Project during the year ২০১৬-১৭ & ২০১৭-১৮.	১৫৫.০০ মিটার	৫৪০.৬৪	৫০৫.৪০	২৯-০৬-১৮	১০-০৬-১৮	৫০০.০৩	কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে।

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
৩	Protective work on the right bank of the Bhairab River from km. ০.৭৪০ to km. ০.৮৯৫ total ১৫৫.০০m at BNS Titumir under protective work on the right bank of Bhairab river at length of ৪৬৫.০০ M at BNS Titumir Project during the year ২০১৬-১৭ & ২০১৭-১৮.	১৫৫.০০ মিটার	৫৩৯.৩২	৫০৪.১৯	২৯-০৬-১৮	১০-০৬-১৮	৫০৩.৬১	কাজ সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে।

১৮। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে নির্ধারিত এলাকা নদী ভাঙ্গানের হাত থেকে রক্ষা পেয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে। কাজটি যথাসময়ে বাস্তবায়ন করায় বানৌজা তিতুমীর কর্তৃপক্ষ বেশ সন্তোষ প্রকাশ করেন।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
➢ ভৈরব নদীর ডান তীরে ৪ ৬৫ মিটার নদী তীর সংরক্ষণের মাধ্যমে নদী ভাঙ্গন থেকে বিএনএস তিতুমীর এলাকা সহ অন্যান্য সরকারী-বেসরকারী সম্পত্তি/স্থাপনা রক্ষা।	▪ ৪৬৫ মিটার নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতিয়মান হয়েছে।

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** : আলোচ্য প্রকল্পটি একটি সফল প্রকল্প এবং শতভাগ উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২১। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

২১.১। প্রকল্পে উদ্দেশ্যে শতভাগ অর্জিত হয়েছে;

২১.২। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে এবং ধায্যকৃত ব্যয়ের চেয়েও কমে বাস্তবায়ন করা হয়েছে;

২১.৩। নদীর তীর সংরক্ষণ কাজের সবটুকু অংশই ভালো অবস্থায় রয়েছে মর্মে দেখা গেছে;

২১.৪। বিএনএস তিতুমীর এলাকা সহ অন্যান্য সরকারী-বেসরকারী সম্পত্তি/স্থাপনা নদী ভাঙ্গানের হাত হতে রক্ষা পেয়েছে;

২১.৫। প্রকল্পের আওতায় শুধু ৪৬৫ মিটার তীর সংরক্ষণ কাজ ছিল, বহুমাত্রিক কাজ না থাকার প্রেক্ষাপটে প্রকল্পটির মধ্যবর্তী মূল্যায়নের জন্য ৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা এবং তা ব্যয় করাও যুক্তিযুক্ত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

২২। **বাস্তবায়ন সমস্যাঃ** প্রকল্পটি বাস্তবায়নে তেমন কোন সমস্যা পরিলক্ষিত হয়নি মর্মে জানা যায়।

২৩। সুপারিশ/মতামতঃ

২৩.১। নির্ধারিত সময়ে এবং নির্ধারিত ব্যয়ের মধ্যে গুণগত মান সম্পন্ন ভাবে প্রকল্পটির বাস্তবায়ন করায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ধন্যবাদ পাওযার যোগ্য;

২৩.২। স্বল্প মেয়াদী প্রকল্প এবং প্রকল্পভুক্ত কাজের বহুমাত্রিকতা না থাকলে মধ্যবর্তী মূল্যায়নের বিষয়টি নতুন প্রকল্প গ্রহণের সময় অন্তভূক্ত না করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনায় রাখতে হবে (অনুচ্ছেদ: ২১.৫);

২৩.৩। প্রকল্পটির উপর দ্রুত External Audit সম্পাদন করতে হবে; এবং

২৩.৪। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডি কে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন সাবেক নাজিরগঞ্জ ও দইখাতা ছিটমহল এলাকায় করতোয়া নদীর বামতীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৮)

১। প্রকল্পের নাম : পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন সাবেক নাজিরগঞ্জ ও দইখাতা ছিটমহল এলাকায় করতোয়া নদীর বামতীর বরাবর নদীতীর সংরক্ষণ কাজ।

২। প্রকল্পের অবস্থান : পঞ্চগড় জেলার বোদা উপজেলার কাজলাদিঘি-কালিয়াগঞ্জ ইউনিয়ন।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৩৫.৭৪	-	২৩২১.৯৫	জানুয়ারী, ২০১৭ থেকে জুন, ২০১৯	-	জানুয়ারী, ২০১৭ থেকে জুন, ২০১৮	ব্যয় কম হয়েছে	নির্ধারিত সময়ের ১ (এক) বছর পূর্বেই সমস্ত কাজ সমাপ্ত হয়েছে।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(ক)	**রাজস্ব ব্যয়ঃ**					
	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১ দফা	৩.৫০	১ দফা	৩.৫০ (১০০%)
	মুদ্রন ও প্রকাশনা	থোক	১ দফা	১.০০	১ দফা	১.০০ (১০০%)
	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১ দফা	১.০০	১ দফা	১.০০ (১০০%)
	জরীপ ও অনুসন্ধান	থোক	১ দফা	৪.৫০	১ দফা	৪.৪৪ (৯৮.৬%)
	সম্মানীভাতা (পিএসসি/ পিআসি/ টিইসি/ মিটিং)	থোক	১ দফা	২.৫০	১ দফা	১.৬১ (৬৪.৪%)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
	মধ্যবর্তী মূল্যায়নের সম্মানী ভাতা	থোক	১ দফা	১০.০০	১ দফা	৯.৩৮ (৯৩.৮%)
	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	১ দফা	২.৫০	১ দফা	২.৫০ (১০০%)
	উপ-মোট (রাজস্ব ব্যায়)			২৫.০০		২৩.৪৩ (৯৩.৭২%)
(খ)	মূলধনী ব্যায়					
	ফটোকপিয়ার-১টি, ফ্যাক্সমেশিন-১টি	সংখ্যা	২টি	১.৫০	২টি	১.৫০ (১০০%)
	কম্পিউটার লেজার প্রিন্টারসহ	সংখ্যা	২টি	১.৫০	২টি	১.৫০ (১০০%)
	প্রজেক্টর	সংখ্যা	১টি	১.০০	১টি	১.০০ (১০০%)
	নির্মান কাজঃ					
	নদীতীর প্রতিরক্ষা কাজ-১৬৫০ মিটার	মিটার	১৬৫০	১৪৪৫.৮৬	১৬৫০	১৪০৬.৭৯ (৯৭.২%)
	ড্রেজিং/চর অপসারণ-৫০০০মিটার	মিটার	৫০০০	৯৪০.৮৮	৫০০০	৮৮৭.৭৩ (৯৪.৩৫%)
	উপ-মোট=			২৩৯০.৭৪		২২৯৮.৫২ (৯৬.১৪%)
	মোট (ক+খ)			২৪১৫.৭৪		২৩২১.৯৫ (৯৬.১১%)
(গ)	ফিজিকালকনটিজেন্সি	থোক	১ দফা	১০.০০	০.০০	০.০০
(ঘ)	প্রাইজকনটিজেন্সি	থোক	১ দফা	১০.০০	০.০০	০.০০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			২৪৩৫.৭৪		২৩২১.৯৫ (৯৫.৩২%)

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই মর্মে দেখা গেল।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- সাবেক ১১৬০ ও ৫৬৩ নং ছিটমহল বাসীদের বন্যার প্রকোপ ও নদী ভাঙ্গন হতে রক্ষা;
- নদী ভাঙ্গন হতে গুরুত্বপূর্ন স্থাপনা, হাট-বাজার, রাস্তা ও মসজিদ, মন্দির রাক্ষা করা;
- সাবেক ছিটমহলবাসীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; এবং
- ড্রেজিং এর মাধ্যমে মাধ্যমে নদীর পানি ধারণ ক্ষমতা, নব্যাতা ও পানির প্রবাহ বৃদ্ধি করা।

৯.২। প্রকল্পের পটভূমিঃ পঞ্চগড় জেলার মোট ৩৬টি সাবেক ছিটমহলের মধ্যে নাজিরগঞ্জ ও দইখাতা (অধুনালুপ্ত) ২টি ছিটমহল। উক্ত ছিটমহলের পাশ দিয়ে করতোয়া নদী প্রবাহমান। প্রতি বছর বর্ষা মৌসুমে করতোয়া নদীর ভাঙ্গনের ফলে প্রকল্প এলাকার অনেক কৃষিজমি, বাড়ি, দোকান, রাস্তা, মসজিদ, মন্দির, সরকারি ও বেসরকারি অনেক মূল্যবান সম্পত্তি এবং অবকাঠামো ভাঙ্গনের সম্মুখীন হয়। এসকল ভাঙ্গনের হাত হতে রক্ষার উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত হয়েছিল।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** গত ১১/০১/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ১৯/১১/২০১৮ তারিখ আইএমইডি' র পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোঃ মাহবুবুর রহমান প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁওসহ সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



চিত্র-১-২: প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন

১২। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পটির মূল কার্যক্রম হলো ১৬৫০ মিটার নদীতীর সংরক্ষণ এবং ৫.০০০ কিঃ মিঃ ড্রেজিং।

১৩। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। পঞ্চগড় জেলার বোদা উপজেলার সাবেক নাজেরগঞ্জ ও দইখাতা এলাকায় করতোয়া নদীর বামতীর বরাবর কাজলদিঘী-কালিয়াগঞ্জ এলাকায় ১৬৫০ মিটার নদীতীর সংরক্ষণ কাজ সম্পূর্ণ পরিদর্শন করা হয়। তাছাড়া উক্ত এলাকায় ৫০০০ মিটার নদী ড্রেজিং/চর অপসারণ কাজ এর বাস্তবায়ন পরবর্তী অবস্থা পর্যবেক্ষণ করা হয়।

১৩.২। **<u>তীর সংরক্ষণ কাজ:</u>** প্রকল্পের আওতায় নদীর তীর সংরক্ষণ কাজ ৩টি প্যাকেজে করা হয়েছে (প্যাকেজ নং-CM-০১/২০১৬-১৭; কিঃমিঃ ৫৩.৫০ হতে কিঃমিঃ ৫৪.০০= ৫০০.০০মিটার। প্যাকেজ নং- CM-০২/২০১৬-১৭; কিঃমিঃ ৫৪.০০ হতে কিঃমিঃ ৫৪.৫৫০=৫৫০.০০ মিটার এবং প্যাকেজ নং-CM-০৩/২০১৬-১৭; কিঃমিঃ৫৬.৫০০ হতে কিঃমিঃ ৫৭.১০০=৬০০.০০মিটার নদী তীর সংরক্ষণ কাজ ডিজাইন অনুযায়ী ৬:৫ cum ব্লক ডাম্পিং এবং স্লোপ ১:২ সংরক্ষণ করা হয়েছে। বেলে মাটির কারণে সংরক্ষণকৃত অংশের কিছু কিছু স্থানের ২/৩ জায়গায় অল্প পরিমান ব্লক

ডেবে গেছে। তবে সম্পাদিত কাজের তেমন কোন ভাঙ্গান/ক্ষয়ক্ষতি দৃষ্টিগোচর হয়নি। নদীর তীর সংরক্ষণ অংশে কার্যক্রম সমাপ্তির পর ১টি বর্ষাকাল অতিক্রম হয়েছে। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় সমাপ্তকৃত তীর সংরক্ষণ কাজের গুণগতমান মোটামুটি বজায় রেখে করা হয়েছে বলে প্রতীয়মান হয়েছে। যে সকল স্থানের ব্লক ডেবে গেছে সেগুলি ঠিকাদার কর্তৃক জুরুরী ভাবে মেরামতের উদ্দ্যোগ নেয়া হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১৩.৩। **ড্রেজিং কাজ**: পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন কাজলদিঘী-কালিয়াগঞ্জ এলাকায় করোতোয়া নদীর কিঃমিঃ ৫৩.১৮০ হতে কিঃমিঃ ৫৮.১৮০= ৫০০০.০০ মিটার ড্রেজিং/চর অপসারণ কাজ; প্যাকেজ নং-PAN/ DPM/ CM-০১/২০১৭-১৮ এর আওয়তায় ডিপিএম পদ্ধতিতে ডক ইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং লি: এর মাধ্যমে সম্পন্ন করা হয়। প্রকল্প পরিচালক জানান যে ১.৫ মিটার গড় গভীরতা ড্রেজিং করা হয়। পরিদর্শনকালে জানা যায় যে লেভেলে ড্রেজিং করা হয়েছিল তার অনেকাংশ ভরাট হয়ে গেছে। তবে ড্রেজিংকৃত অংশ দিয়ে নদীর স্রোতধারা প্রবাহমান রয়েছে।



চিত্র-৩-৪: নদীর তীর সংরক্ষণ কাজ ও ড্রেজিংকৃত অংশের খন্ড চিত্র।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে (জানুয়ারী/২০১৭ হতে জুন/ ২০১৮ পর্যন্ত) মোট ২ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্মে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলোঃ

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	জনাব ইকবাল হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও	খন্ডকালীন	০১/০৩/২০১৭ হতে ২৭/১২/২০১৭ পর্যন্ত
২.	জনাব মোঃ মাহাবুবর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও	খন্ডকালীন	২৮/১২/২০১৭ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত।

১৬। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের আওতায় **১৬৫০ মিটার** তীর সংরক্ষণ কাজ ৩টি প্যাকেজে এবং ৫০০০ মিটার ড্রেজিং কাজ ডিপিএম পদ্ধতিতে ১টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং

মূল্যায়ন, **NOA** এবং ওয়ার্ক অর্ডার প্রদানে পিপিআর-২০০৮ বিধিমালা অনুসৃত হয়েছে। প্রকল্প এর আওতায় বিভিন্ন প্যাকেজের তথ্যঃ

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
১	পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন কাজলদিঘী-কালিয়াগঞ্জ ইউনিয়ন এলাকায় করতোয়া নদীরবাম তীর বরাবর কিঃমিঃ৫৩.৫০ হতে কিঃমিঃ৫৪.০০= ৫০০.০০মিটার নদী তীর সংরক্ষণ কাজ। আইডিনং-৯১৫৭০, প্যাকেজনং-CM-০১/২০১৬-১৭.	৫০০মিঃ	৪৮৩.৪৩	৪৩৫.০৯	২৫-০৬-২০১৯	১৬-০৪-২০১৮	৪৩৪.৭৮	১০০%
২	পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন কাজলদিঘী-কালিয়াগঞ্জ ইউনিয়ন এলাকায় করতোয়া নদীর বামতীর বরাবর কিঃমিঃ৫৪.০০ হতে কিঃমিঃ ৫৪.৫৫০= ৫৫০.০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ। আইডিনং-৯১৫৭২, প্যাকেজনং- CM-০২/২০১৬-১৭.	৫৫০মিঃ	৫৩৩.৫১	৪৮০.১৬	২৫-০৬-২০১৯	২২-০৫-২০১৮	৪৭৯.১১	১০০%
৩	পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন কাজলদিঘী-কালিয়াগঞ্জ ইউনিয়ন এলাকায় করতোয়া নদীর বামতী রবরাবর কিঃমিঃ৫৬.৫০০ হতে কিঃমিঃ৫৭.১০০= ৬০০.০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ। আইডিনং-৯১৫৭৩, প্যাকেজনং-CM-০৩/২০১৬-১৭.	৬০০মিঃ	৫৪৮.৩৪	৪৯৩.৫০	২৫-০৬-২০১৯	১৫-০১-২০১৮	৪৯২.৯০	১০০%
৪	পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন কাজলদিঘী-কালিয়াগঞ্জ এলাকায় করোতোয়া নদীর কিঃমিঃ৫৩.১৮০ হতে কিঃমিঃ ৫৮.১৮০= ৫০০০.০০ মিটার ড্রেজিং/চর অপসারণ কাজ; আইডিনং-৯১৫৭৩, প্যাকেজনং-PAN/DPM/CM-০১/২০১৭-১৮.	৫০০০মিঃ	৯৩৮.২৬	৯৩৪.৩১	৩১-০৫-২০১৯	২৪-০৫-২০১৮	৮৮৭.৭৩	১০০%

১৭। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে পঞ্চগড় জেলার বোদা উপজেলার কাজলদিঘী-কালিয়াগঞ্জ এলাকার ঐতিহ্যবাহী কালিয়াগঞ্জ বাজার, মসজিদ, মন্দির, সাবেক নাজিরগঞ্জ ও দইখাতা ছিটমহল এলাকায় বসতবাড়ী ও অন্যান্য স্থাপনা নদী ভাঙ্গনের হাত থেকে অনেকাংশে রক্ষা পেয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে। তাছাড়া নদী ড্রেজিং/চর অপসারণের ফলে নদীর নাব্যতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। এলাকাবাসী জানান ড্রেজিং এর ফলে শুষ্ক মৌসুমে নদীতে পানি পাওয়া যাচ্ছে। স্থানীয় জনগণ এর পক্ষ থেকে অত্র প্রকল্পের আওতায় বাস্তবায়িত নদীতীর সংরক্ষণ কাজের উজানে ও ভাটিতে আরো ১০০০ মিটার নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য

অনুরোধ করেন। কারণ কালিয়াগঞ্জ সরদার পাড়া ঈদগাহ মাঠটি বর্তমানে ভাঙ্গন কবলিত অবস্থায় রয়েছে। তাছাড়া আরো বেশ কিছু বসতবাড়ী রক্ষার নিমিত্ত উজানে ও ভাটিতে কিছু সংরক্ষণ কাজ করার দাবী জানান।

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
➢ সাবেক ১১৬০ ও ৫৬৩ নং ছিটমহল বাসীদের বন্যার প্রকোপ ও নদী ভাঙ্গন হাত রক্ষা; ➢ নদী ভাঙ্গন হতে গুরুত্বপূর্ন স্থাপনা, হাট-বাজার, রাস্তা ও মসজিদ, মন্দির রা করা; ➢ সাবেক ছিটমহল বাসীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; এবং ➢ ড্রেজিং এর মাধ্যমে মাধ্যমে নদীর পানি ধারন ক্ষমতা, নব্যাতা ও পানির প্রবাহ বৃদ্ধি করা।	▪ উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতিয়মান হয়েছে।

১৯। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** : আলোচ্য প্রকল্পটি একটি সফল প্রকল্প এবং শতভাগ উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২০। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

২০.১। প্রকল্পে উদ্দেশ্যে শতভাগ অর্জিত হয়েছে;

২০.২। প্রকল্পটি বাস্তবায়নে নির্ধারিত সময়ের চেয়ে ১ (এক) বছর কম সময় লেগেছে;

২০.৩। বালি মাটির কারণে তীর সংরক্ষণ কাজের সামান্য কিছু প্লেসিং ব্লক ডেবে গেছে; তাছাড়া নদীর তীর সংরক্ষণ কাজের প্রায় সবটুকু অংশই ভালো অবস্থায় রয়েছে মর্মে দেখা গেছে;

২০.৪। ড্রেজিং অংশে নদীর নাব্যতা বৃদ্ধি পেয়েছে;

২০.৫। প্রকল্পটি বাস্তবায়নের পঞ্চগড় জেলার কাজলদিঘী-কালিয়াগঞ্জ এলাকার ঐতিহ্যবাহী কালিয়াগঞ্জ বাজার, চিলহাটি বন্দরে যাওয়ার রাস্তা, মসজিদ, মন্দির, সাবেক নাজিরগঞ্জ ও দইখাতা ছিটমহল এলাকায় বসতবাড়ী ও অন্যান্য স্থাপনা নদী ভাঙ্গানের হাত থেকে অনেকাংশে রক্ষা পেয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে;

২০.৬। প্রকল্পের আওতায় শুধু ১৬৫০ মিটার তীর সংরক্ষণ কাজ এবং ৫.০০ কি:মি: ড্রেজিং কাজ ছিল, বহুমাত্রিক কাজ না থাকার প্রেক্ষাপটে প্রকল্পটির মধ্যবর্তী মূল্যায়নের জন্য বরাদ্দ রাখা এবং তা ব্যয় করাও যুক্তিযুক্ত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

২১। **<u>বাস্তবায়ন সমস্যাঃ</u>** প্রকল্পটি বাস্তবায়নে তেমন কোন সমস্যা পরিলক্ষিত হয়নি মর্মে জানা যায়। বাস্তবায়নে প্রত্যাশিত সময়ের চেয়ে ১ (এক) বছর কম সময় লেগেছে, যা প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গ প্রসংশা পাওয়ার যোগ্য।

২২। <u>সুপারিশ/মতামতঃ</u>

২২.১। যে সকল স্থানে প্লেসিং ব্লক ডেবে গেছে সেগুলো দ্রুত মেরামত করতে হবে (অনুচ্ছেদ: ১৩.২);

২২.২। আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত নদীতীর সংরক্ষণ কাজের উজানে ও ভাটিতে আরো অন্তত: ১০০০ মিটার তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের উদ্যোগ নেয়া যেতে পারে (অনুচ্ছেদ: ১৭);

২২.৩। স্বল্প মেয়াদী প্রকল্প এবং প্রকল্পভুক্ত কাজের বহুমাত্রিকতা না থাকলে মধ্যবর্তী মূল্যায়নের বিষয়টি নতুন প্রকল্প গ্রহণের সময় অন্তভূক্ত না করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনায় রাখতে হবে (অনুচ্ছেদ: ২০.৬);

২২.৪। সংরক্ষিত নদী তীরে এলাকার জনগণ যাতে নৌকা ভিড়ানোর সময় খুটি গেড়ে বা এ্যাংকর বসিয়ে ক্ষতিগ্রস্ত না করে সে বিষয়ে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিধিকে সম্পৃক্ত করে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২২.৫। প্রকল্পটির উপর দ্রুত **External Audit** সম্পাদন করতে হবে; এবং

২২.৬। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডি কে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

জামালপুর জেলার সদর উপজেলাধীন জামালপুর শহর সংরক্ষণ প্রকল্পের অন্তর্ভূক্ত তীর সংরক্ষণ কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণ প্রকল্পশীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৮)

১। প্রকল্পের নাম : **জামালপুর জেলার সদর উপজেলাধীন জামালপুর শহর সংরক্ষণ প্রকল্পের অন্তর্ভূক্ত তীর সংরক্ষণ কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণ প্রকল্প।**

২। প্রকল্পের অবস্থান : জামালপুর ও শেরপুর জেলার জামালপুর সদর ও শেরপুর সদর উপজেলা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রনালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**
২১৭৪.১৮	২২১৬.৯৬	২১৮০.০০	ফেব্রুয়ারী'২০১৬ হতে জুন'২০১৮	--	ফেব্রুয়ারী'২০১৬ হতে জুন'২০১৮	৫.৮২ (+) ০.২৭%	--

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
ক্রঃনং	১	২	৩	৪	৫	৬
১.	**রাজস্ব ব্যয় :**					
ক)	পেট্রোল এবং লুব্রিকেন্ট	থোক	১ দফা	১.৫০	১ দফা	১.৫০
খ)	প্রিন্টিং এন্ড পাবলিকেশানস্	থোক	১ দফা	০.৫০	১ দফা	০.৫০
গ)	স্টেশনারী, সিল এন্ড স্ট্যাম্পস্	থোক	১ দফা	০.৫০	১ দফা	০.৩৩
ঘ)	মিডটার্ম ইভ্যালুয়েশান	থোক	১ দফা	৩.০০	১ দফা	-
ঙ)	পিএসসি, পিআইসি ও টিইসি সদস্যগণের সম্মানী	থোক	১ দফা	২.০০	১ দফা	২.০০
চ)	জরীপ ও সমীক্ষা	থোক	১ দফা	১.০০	১ দফা	১.০০
	উপ-মোট (রাজস্ব ব্যয়) :			৮.৫০		৫.৩৩
২.	মূলধন ব্যয় :					
	নির্মাণ ও পূর্ত					

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
ক্রঃনং	১	২	৩	৪	৫	৬
ক)	নদী ড্রেজিং (চেইনেজ কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ২.৪০ = ২.৪০ কিঃমিঃ)	কিঃমিঃ	২.৪০	৭৪৪.০০	২.৪০ কিঃমি (১০০%)	৭৪৩.৪৩ (৯৯.৯২%)
খ)	তীর সংরক্ষণমূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণ (চেইনেজ কিঃমিঃ ১.৮০ হতে কিঃমিঃ ২.৪৫ পর্যন্ত = ৬৫০ মিটার)	কিঃমিঃ	০.৬৫০	১০৯৮.৭৫	০.৬৫ কিঃমিঃ (১০০%)	১০৯৮.২২
গ)	শেরপুর জেলায় পুরাতন ব্রহ্মপুত্র নদের উপর অস্থায়ী ক্রসড্যাম নির্মাণ কাজ।	মিটার	৫০০	৩৬৫.৭১	৫০০ মিটার (১০০%)	৩৩৩.০২
উপ-মোট (মূলধন ব্যয়):				২২০৮.৪৬		২১৭৪.৬৭
ফিজিক্যাল কনটিজেন্সী				০.০০		০.০০
প্রাইস কনটিনজেন্সী				০.০০		০.০০
সর্বমোট (মূলধন + রাজস্ব) :				**২২১৬.৯৬**	**১০০%**	**২১৮০.০০ (৯৮.৩৩%)**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ আরডিপিপি অনুযায়ী প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই মর্মে দেখা গেল।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি/পিসিআর পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদেরমতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- জামালপুর শহর সংরক্ষণ প্রকল্পের বাস্তবায়িত সংরক্ষণমূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালী করার মাধ্যমে জামালপুর জেলা শহরের পাশ দিয়ে প্রবাহিত পুরাতন ব্রহ্মপুত্র নদীর তীর সংরক্ষণ কাজ ভাঙন হতে রক্ষা করা ;
- জামালপুর জেলা শহরে অবস্থিত জেলা প্রশাসকের কার্যালয় , পুলিশ সুপারের কার্যালয় , সরকারী ডরমেটরী , সেটেলমেন্ট অফিস, পৌরভবন, জিলা স্কুল, ইত্যাদিসহ অন্যান্য সরকারী ও বেসরকারী স্থাপনা রক্ষা করা;
- জামালপুর সদর হতে ইসলামপুর উপজেলার মধ্যে সংযোগকারী রাস্তা পুরাতন ব্রহ্মপুত্র নদে বিলীন হওয়া বন্ধ হওয়াসহ এলাকাটিকে বন্যার কবল হতে রক্ষা করা; এবং
- পুরাতন ব্রহ্মপুত্র নদের প্রবাহকে মূল স্রোতধারায় ফিরিয়ে নেয়া।

৯.২। প্রকল্পের পটভূমিঃ জামালপুর শহরকে পুরাতন ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন থেকে রক্ষার্থে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "সেকেন্ডারী টাউনস ইন্টিগ্রেটেড ফ্লাড প্রটেকশন প্রজেক্ট-২ (ষ্টীফ-২)" প্রকল্পের আওতায় বাঁধ নির্মাণ, তীর সংরক্ষণ কাজ এবং অন্যান্য বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ করা হয়। প্রকল্পের কাজ জুন'২০১৩ মাসে সমাপ্ত ঘোষণা করা হয়। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে বাঁধের পাশ দিয়ে পুরাতন ব্রহ্মপুত্র নদীর একটি মৃত চ্যানেল ছিল এবং শুধুমাত্র বর্ষাকালে এ চ্যানেল দিয়ে সামান্য প্রবাহ বিরাজ করত। মূল চ্যানেলটি শহর রক্ষা বাঁধ হতে প্রায় ১ কিঃমিঃ পূর্বে অবস্থিত ছিল। প্রকল্প সমাপ্তির পূর্বেই নদীর Hydro-morphological পরিবর্তনের কারণে পুরাতন ব্রহ্মপুত্র নদীর পূর্বের চ্যানেল ও নাওভাঙ্গা মৌজার পাশ ঘেঁষে প্রবাহিত চ্যানেল একীভূত হওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। ২০১২ সালের বন্যাকালীন সময়ে চ্যানেল দু'টি একীভূত হয়ে জামালপুর শহর রক্ষা বাঁধের পাশ দিয়ে মূল চ্যানেল প্রবাহিত হতে দেখা যায়। এতে সর্বমোট ৫.৬৫ কিঃমিঃ দৈর্ঘ্যে সম্পাদিত তীর সংক্ষণমূলক কাজ এবং বাঁধের একটি বিরাট অংশ ভাঙনের সম্মুখীন হয়। এ প্রেক্ষিতে বাঁধের কিঃমিঃ ১.৮০ এবং কিঃমিঃ ২.৪৫০ এর মধ্যবর্তী ৬৫০ মিটার স্থানে Scour depth বৃদ্ধির কারণে erosion অব্যাহত থাকে। ভাঙ্গন অব্যাহত থাকলে STIFPP-II এর আওতায় সম্পাদিত কাজ ক্ষতিগ্রস্থ হওয়াসহ গোটা শহর হুমকিতে পড়ার আশঙ্কা দেখা দেয়। এ প্রেক্ষিতে নদীর গতি মূল অবস্থানে নিয়ে যাওয়াসহ ক্ষতিগ্রস্থ প্রতিরক্ষামূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণের লক্ষ্যে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়

১০। **প্রকল্পের অনুমোদনঃ** মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ২১৭৪.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী'২০১৬ থেকে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৫-০৩-২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২২১৬.৯৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী'২০১৬ থেকে জুন, ২০১৮ মেয়াদে প্রকল্পের ১ম সংশোধনী পানি সম্পদ মন্ত্রী কর্তৃক ১৯-০৩-২০১৮ তারিখে অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ২৩/০৪/২০১৯ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএইডি)-এর পরিচালক, জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পানি উন্নয়ন বোর্ড, জামালপুরের উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব মোঃ মাজহারুল ইসলামসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।








চিত্র-১-৪: প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন

১২। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- তীর সংরক্ষণমূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণ (চেইনেজ কিঃমিঃ ১.৮০ হতে কিঃমিঃ ২.৪৫ পর্যন্ত = ৬৫০ মিটার)
- নদী ড্রেজিং (চেইনেজ কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ২.৪০ = ২.৪০ কিঃমিঃ)
- শেরপুর জেলায় পুরাতন ব্রহ্মপুত্র নদের উপর অস্থায়ী ক্রসড্যাম নির্মাণ কাজ (৫০০ মিটার)।

১৩। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। প্রকল্পের আওতায় জামালপুর শহরের ফৌজদারী মোড় হতে পৌরসভার সামনের দিকে ইতোপূর্বে বাস্তবায়িত ক্ষতিগ্রস্ত তীর সংরক্ষণমূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালীকরণ কাজ পরিদর্শনকালে দেখা যায় যে সম্পদিত কাজ ভালো অবস্থায় আছে। শুস্ক মৌসুমে তীর সংলগ্ন নদীতে পানি প্রবাহ থাকে না এবং পরিদর্শনকালে পানি প্রবাহ দৃষ্টিগোচর হয়নি।

১৩.২। তীর প্রতিরক্ষা কাজের স্লোপ ১:২। শুধু ব্লক ডাম্পিং এবং ব্লক প্লেসিং করে কাজটি বাস্তবায়ন করা হয়েছে। ডাম্পিং ভলিউম ১২-১৫ cum। চাহিদার প্রেক্ষাপটে বেশ কয়েকটি সিড়ি তৈরী করা হয়েছে।

১৩.৩। তীর প্রতিরক্ষা কাজের River Side-এর কিছু অংশে মাটি উঠিয়ে অস্থায়ী বাজার বসানো হয়েছে এবং পাশ দিয়ে রাস্তা হচ্ছে।

১৩.৪। শেরপুর জেলার পুরাতন ব্রহ্মপুত্র নদের উপর ৫০০ মিটার ক্রসড্যাম নির্মাণ কাজে পরিদর্শনকালে দেখা যায় যে অস্থায়ী ড্যামটি নদীর ড্রেজিং ম্যাটেরিয়ালস/ড্রেজিং আর্থ দিয়ে বাস্তবায়ন করা হয়েছে।

১৩.৫। ড্যামটি জামালপুরের পাথালিয়া অংশের দিকে থেকে শুরু হয়েছে। ড্যামের স্লোপ উভয় পাশ্বে তিন স্তরে ৩৫ মিটার দৈর্ঘ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং টপ ০৬ মিটার সংরক্ষণ করা হয়েছে। উভয় পাশ্বের স্লোপ জিও ম্যাট দ্বারা ঢেকে দিয়ে তার উপর মাঝে মাঝে জিও ব্যাগ দেওয়া হয়েছে।

১৩.৬। নির্মিত অস্থায়ী ড্যাম সম্পূর্ণ অংশই পরিদর্শনকালে ভালো অবস্থায় আছে দেখা যায়। তবে যেহেতু জিও ম্যাট এবং জিও ব্যাগ উন্মুক্ত/খোলা অবস্থায় রয়েছে সেহেতু জিও ম্যাট ক্ষতিগ্রস্ত হওয়ার এবং স্থায়িত্ব কমে যাওয়ার আশংকা রয়েছে।

১৩.৭। প্রকল্পের আওতায় শেরপুর সদর উপজেলাধীন এলাকায় বাস্তবায়িত ২.৪০ কি:মি: ড্রেজিং কাজ পরিদর্শন কালে দেখা যায় ড্রেজিংকৃত পুরো এলাকায় পানি রয়েছে। কিন্তু পরিদর্শনকালে নদীতে/ড্রেজিংকৃত অংশে কোন স্রোত

পরিলক্ষিত হয়নি। স্থানীয় জনগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে জানা যায় নদীর উজানে পানি না থাকায় নদীতে কোন স্রোত নাই।

১৩.৮। পরিদর্শনকালে জানা যায় ক্রসড্যাম নির্মাণ এবং ড্রেজিং কাজ বাস্তবায়নের ফলে নদীতে স্রোত এখন সরাসরি জামালপুর শহর রক্ষা বাঁধে আসতে পারে না। ড্রেজিংকৃত অংশ দিয়ে ব্রক্ষ্মপুত্র নদের প্রবাহ এখন সরাসরি জামালপুর-শেরপুর জেলার সংযোগকারী ব্রিজের তলদেশ দিয়ে প্রবাহিত হয়ে থাকে।

১৪। **প্রকল্পের আর্থিক ও বাস্তবা অগ্রগতি:** প্রকল্পের ১ম সংশোধিত মোট ব্যয় ২২১৬.৯৬ লক্ষ টাকার বিপরীতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ২১৮০.০০ লক্ষ টাকা (৯৮.৩৩%) এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৫। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে মোট ০২ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্মে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলো:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	জনাব রেজাউল মোস্তফা আশাফুদদৌলা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	২৬/০১/২০১৬হতে ৩১/০৭/২০১৭পর্যন্ত
২.	জনাব এ.কে.এম. সফিকুল হক	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	০৫/০৮/২০১৭ হতে ৩০/০৬/২০১৮পর্যন্ত

১৭। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী বাস্তব কাজের জন্য সর্বমোট ৩ (তিন)টি প্যাকেজ অন্তর্ভূক্ত রয়েছে। তন্মধ্যে, ১টি প্যাকেজের কাজ (ড্রেজিং কাজ) ডিপিপি অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ড্রেজার পরিদপ্তরকে ডিপিএম পদ্ধতিতে এবং অপর দু'টি প্যাকেজের কাজ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার নির্বাচিত করা হয়। তন্মধ্যে, উন্মুক্ত দরপত্রসমূহ e-GP-তে আহ্বান করা হয়।

প্যাকেজ নং	চুক্তিমূল্য (লক্ষ টাকায়)	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত সমাপ্তির তারিখ	পরিশোধিত মূল্য (লক্ষ টাকায়)
Jamal-TP-01/15-16 Dredging work for diverting the flow of Old Brahmaputra River km km 0.000 to km 2.400 =2.400 km near Jamalpur Town Protection Project in Sherpur Sadar upazila of Jamalpur District	৭৯২.৬০	৩১/০৭/২০১৭	২০/০৭/২০১৭	৭৪৩.৪৩
Jamal-TP-02/15-16 Strengthening of Dumping zone of Protective Work from km 1.800 to km 2.450= 650m	১০৯৮.৭২	৩০/০৬/২০১৮	৩০/০৬/২০১৮	১০৯৮.২২

প্যাকেজ নং	চুক্তিমূল্য (লক্ষ টাকায়)	চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখ	প্রকৃত সমাপ্তির তারিখ	পরিশোধিত মূল্য (লক্ষ টাকায়)
of Jamalpur Town Protection Project in Jamalpur Sadar upazila				
Jamal-TP-03/16-17 Temporary protection of crossdam over existing Old Brahmaputra River of length 500m in Sherpur Sadar upazila of Sherpur District	৩৪৭.৭৮	৩০/০৬/২০১৮	৩০/০৬/২০১৮	৩৩৩.০২

১৮। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** এলাকার জনগণের সাথে কথা বলে জানা যায় যে, বাস্তবায়িত কাজের ফলে পুরাতন ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন হতে জামালপুর শহর রক্ষা বাঁধ রক্ষা পেয়েছে এবং প্রকল্প এলাকার জনগণ নিজেদেরকে নিরাপদ মনে করছে।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
(১) জামালপুর শহর সংরক্ষণ প্রকল্পের বাস্তবায়িত সংরক্ষণমূলক কাজের ডাম্পিং জোন শক্তিশালী করার মাধ্যমে জামালপুর জেলা শহরের পাশ দিয়ে প্রবাহিত পুরাতন ব্রহ্মপুত্র নদীর তীর সংরক্ষণ কাজ ভাঙ্গন হতে রক্ষা করা; (২) জামালপুর জেলা শহরে অবস্থিত জেলা প্রশাসকের দপ্তর, পুলিশ সুপারের দপ্তর , সরকারী ডরমেটরী , সেটেলমেন্ট অফিস, পৌরভবন, জিলা স্কুল, ইত্যাদিসহ অন্যান্য সরকারী ও বেসরকারী স্থাপনা রক্ষা করা; (৩) জামালপুর সদর হতে ইসলামপুর উপজেলার মধ্যে সংযোগকারী রাস্তা পুরাতন ব্রহ্মপুত্র নদে বিলীন হওয়া বন্ধ হওয়াসহ এলাকাটিকে বন্যার কবল হতে রক্ষা করা; এবং (৪) পুরাতন ব্রহ্মপুত্র নদের প্রবাহকে মূল স্রোতধারায় ফিরিয়ে দেয়া।	(১) ৬৫০ মিটার তীর প্রতিরক্ষা কাজ, ৫০০ মিটার অস্থায়ী ক্রসড্যাম এবং ২.৪০ কি:মি: ড্রেজিং কাজ বাস্তবায়নের মাধ্যমে পুরাতন ব্রহ্মপুত্র নদ মূল স্রোতধারায় ফিরিয়ে নেয়া সম্ভব হয়েছে। ফলস্বরূপ, নদী তীর সংরক্ষণ কাজ নদী ভাঙ্গন থেকে রক্ষা পেয়েছে এবং জামালপুর শহ রকে নিরাপদ করেছে। (২) জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, সেটেলমেন্ট অফিস, বিআরটিএ অফিস, জামালপুর পৌরসভা ভবন, সরকারি ডরমিটরি, কমিউনিটি হল , মেলান্দহ, ইসলামপুর, দেওয়ানগঞ্জ উপজেলার সাথে জেলা শহরে সংযোগকারী রাস্তা, ইত্যাদি নদীভাঙ্গন থেকে রক্ষা পেয়েছে। জামালপুর শহরের সবচেয়ে ঘনবসতিপূর্ণ এলাকা ফৌজদারি মোড় নদী ভাঙ্গন থেকে রক্ষা পেয়েছে ।

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২১। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

২১.১। প্রকল্পটি নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্ত হয়েছে;

২১.২। প্রকল্পের আওতায় বাস্তবায়য়িত ৩টি প্রধান অঙ্গের কাজ পরিদর্শনকালে ভালো অবস্থায় রয়েছে দেখা গেছে;

২১.৩। যেহেতু নদীর প্রবাহ তীর থেকে দুরে চলে গিয়েছে সেহেতু তীর প্রতিরক্ষা কাজের ডাম্পিং জোনে পৌরসভা কর্তৃক অস্থায়ী বাজার বসানোর প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে।

২১.৪। অস্থায়ী ড্যামের জিও ম্যাট/জিও ব্যাগ উন্মুক্ত থাকায় স্থায়ীত্ব কমে যাওয়ার আংশকা রয়েছে। জিও ম্যাট চুরি হয়ে যাওয়ার এবং কেটে নষ্ট করার ঝুকিও রয়েছে।

২১.৫। প্রকল্পের উদ্দেশ্য সমূহ অর্জিত হয়েছে। তাই এটি একটি সফল প্রকল্প।

২২। বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্পটি বাস্তবায়নের ১ বার ডিপিপি সংশোধন করে ব্যয় বৃদ্ধি করতে হয়েছে। এছাড়া তেমন কোন সমস্যা হয়নি। তবে, ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়েছে শেরপুর জেলার অভ্যন্তরে আর উপকৃত হয়েছে জামালপুর জেলা শহর এলাকা। এ কারণেই শেরপুর জেলার লোকজনের মধ্যে ড্রেজিং কাজ বাস্তবায়নে প্রথম থেকেই বিরোধিতা বিরাজমান ছিলো মর্মে জানা গেছে।

২৩। <u>সুপারিশ/মতামতঃ</u>

২৩.১। প্রকল্পে উদ্দেশ্যে বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে, (অনুচ্ছেদ-২০);

২৩.২। অস্থায়ী ক্রস ড্যামের স্থায়ীত্ব বৃদ্ধি কল্পে ড্যামের জিও ম্যাটের উপর ১.০০ মিটার করে মাটি দিয়ে ঢেকে দেওয়া যেতে পারে এবং টার্ফিং করা যেতে পরে, (অনুচ্ছেদ-১৩.৫.১৩.৬ ও ২১.৪);

২২.৩। তীর প্রতিরক্ষা কাজের River side-এ বাজার বসাতে গিয়ে যাতে প্রতিরক্ষা কাজ ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে উপস্থাপন করে ব্যবস্থা নেয়া যেতে পারে, (অনুচ্ছেদ-১৩.৩ ও ২১.৩);

২২.৪। প্রকল্পটির উপর দ্রুত **External Audit** সম্পাদন করতে হবে; এবং

২২.৫। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা আইএমইডিকে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদী ড্রেজিং প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৮)

১। প্রকল্পের নাম : **বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদী ড্রেজিং প্রকল্প।**

২। প্রকল্পের অবস্থান : কুমারখালী, কুষ্টিয়া।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৭৭.৪৫	২৫১১.৪৯	১৯২৫.৭৩	মার্চ, ২০১৭ থেকে জুন, ২০১৮	--	মার্চ, ২০১৭ থেকে জুন, ২০১৮	সংশোধান করে ব্যয় বৃদ্ধি করা হলেও প্রকৃত ব্যয় মুল অনুমোদিত ব্যয়ের চেয়ে কম হয়েছে।	--

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(ক)	**রাজস্ব ব্যয়ঃ**					
(১)	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১ দফা	৪.০০	১ দফা	৩.৯৯ (১০০%)
(২)	মুদ্রন ও প্রকাশনা	থোক	১ দফা	১.০০	১ দফা	১.০০ (১০০%)
(৩)	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১ দফা	২.০০	১ দফা	২.০০ (১০০%)
(৪)	জরীপ ও অনুসন্ধান	থোক	১ দফা	১০.০০	১ দফা	৬.০০ (৬০%)
(৫)	সম্মানীভাতা (পিএসসি/ পিআসি/ টিইসি/ মিটিং)	থোক	১ দফা	৩.০০	১ দফা	২.৪২ (৮০.৬৭%)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(৬)	মধ্যবর্তী মূল্যায়নের সম্মানী ভাতা	থোক	১ দফা	১০.০০	১ দফা	১০.০০ (১০০%)
(৭)	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	১ দফা	২.০০	১ দফা	১.৬০ (৮০%)
উপ-মোট (রাজস্ব ব্যায়)				৩২.০০		২৭.০১ (৮৪.৪১%)
(খ)	মূলধনী ব্যায়					
(৮)	ফটোকপিয়ার-১টি	সংখ্যা	১টি	২.০০	২টি	১.৫০ (১০০%)
(৯)	কম্পিউটার লেজার প্রিন্টারসহ	সংখ্যা	১টি	১.০০	১টি	১.০০ (১০০%)
(১০)	প্রজেক্টর	সংখ্যা	১টি	১.২৫	১টি	১.২৫ (১০০%)
(১১)	ভিডিও ক্যামেরা ও স্টিল ক্যামেরা	সংখ্যা	২টি	১.০০	২টি	১.০০ (১০০%)
	নির্মান কাজঃ					
(১২)	নদীতীর অস্থায়ী প্রতিরক্ষা কাজ-৭৫০ মিটার (চেইনেজ ৪.৫০ কিঃ মিঃ হতে ৫.২৫ কিঃ মিঃ)	মিটার	৭৫০	৫৬৩.৩২	৭৫০ (১০০%)	৫০৫.৭০ (৮৯.৭৭%)
(১৩)	কুঠিবাড়ী, কুমারখালীর নিকটে পদ্মা নদীতে ড্রেজিং/চর অপসারণ-৩২০০মিটার (চেইনেজ ০.০০ কিঃ মিঃ হতে ৩.২০ কিঃ মিঃ)	মিটার (লক্ষ ঘঃমিঃ)	৩২০০ (১৪.১৯)	১৯১০.৯২	৩২০০ (১০.৬৭) (৭৫.১৯%)	১৩৮৭.৭৭ (৭২.৬২%)
উপ-মোট=				২৪৭৯.৪৯		১৮৯৮.৭২ (৭৬.৫৮%)
মোট (ক+খ)				২৫১১.৪৯		১৯২৫.৭৩ (৭৬.৬৮%)
(গ)	ফিজিক্যাল কনটিজেন্সি	থোক	--	--	--	--
(ঘ)	প্রাইজ কনটিজেন্সি	থোক	--	--	--	--
সর্বমোট (ক+খ+গ+ঘ)				**২৫১১.৪৯**		**১৯২৫.৭৩ (৭৬.৬৮%)**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ মাঠ পর্যায়ে বাস্তবতার কারনে ডিপিপি'তে নির্ধারিত ড্রেজিং এর চেয়ে কম ড্রেজিং করতে হয়েছে। এছাড়া সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই মর্মে দেখা গেল।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- পদ্মা নদীর ০.০০ কি:মি: হতে ৩.২০ কি:মি: পর্যন্ত ড্রেজিং করে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজরিত শিলাইদহ কুঠিবাড়ী ও সংলগ্ন এলাকা রক্ষার্থে চলমান নদীতীর প্রতিরক্ষা করা;
- পদ্মা নদীর ভাঙ্গনে বিপর্যস্ত কয়া ও শিলাইদহ ইউপির ভূমি পুনরুদ্ধার করে কৃষি জমির পরিমান বৃদ্ধি করা;
- স্থায়ী প্রতিরক্ষা কাজের মাধ্যমে ভাঙ্গন কবলিত এবং বর্তমান তীর রেখার উন্নতি ও স্থায়ীত্ব নিশ্চিতকরণ; এবং
- বিপুল পরিমান সরকারী/বেসরকারী সম্পত্তির সুরক্ষা নিশ্চিতকরণ।

৯.২। প্রকল্পের পটভূমিঃ কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন শিলাইদহ ইউনিয়নের কসবা মৌজায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত 'শিলাইদহ কুঠিবাড়ী' অবস্থিত। শিলাইদহ কুঠিবাড়ী থেকে মাত্র ৪৭০ (চারশত সত্তর) মিটার দুর দিয়ে বর্তমানে বয়ে যাচ্ছে প্রমত্তা পদ্মা। অথচ মাত্র ৫/৬ বৎসর আগেও পদ্মার অবস্থান ছিল শিলাইদহ কুঠিবাড়ী থেকে প্রায় ১৫০০ মিটার দূরে। 'শিলাইদহ কুঠিবাড়ী'র প্রায় ৬.০০ কিঃমিঃ উজানে সুলতানপুর থেকে শুরু করে ভাটিতে হাশিমপুর পর্যন্ত পদ্মা নদীর ডান তীরের ভাঙ্গন বর্তমানে বিস্তৃত রয়েছে। নদী ভাংগন থেকে অলৌকিকভাবে এখনও হাতির শুরাকৃতি হয়ে টিকে রয়েছে শিলাইদহ কুঠিবাড়ী। নদী ভাংগনের গতি প্রকৃতি অনুযায়ী যদি পদ্মা নদীর ডান তীর সুলতানপুর থেকে হাশিমপুর পর্যন্ত একটি সরল রেখা সৃষ্টি করে তবে শিলাইদহ কুঠিবাড়ীর কোন অস্থিত্বই থাকবে না। কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের সুলতানপুর, বেড় কালোয়া, কালোয়া, শ্রীকোল, কান্দাবাড়ী এবং শিলাইদহ ইউনিয়নের কসবা মৌজায় বসবাসরত লোকজন প্রতিনিয়ত নদী ভাংগনের ফলে ঘরবাড়ী সরিয়ে নিতে বাধ্য হচ্ছে। এরুপ ভাঙ্গন অব্যাহত থাকলে এই গ্রাম গুলো বিলীন হয়ে পদ্মা নদীর সাথে গড়াই নদী একাকার হয়ে যেতে পারে। ভাংগনের ভয়াবহতা উপলব্ধি করে গত ০৯-০৬-২০১৫ তারিখে Protection of the "Kuthibari" and adjacent areas of Great Poet Robindranath Tagore along the Right Bank of Padma River under Kushtia District. (বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষনের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর সংরক্ষণ প্রকল্প) শীর্ষক একটি প্রকল্প একনেক সভায় অনুমোদন করা হয়। একনেক সভায় গৃহীত সিদ্ধান্তটি নিম্নরূপঃ

"প্রস্তাবিত এলাকায় যে চর রয়েছে তা জরুরী ভিত্তিতে কাটার জন্য ২৫ কোটি টাকার নিম্নে প্রাক্কলিত ব্যয়ের একটি প্রকল্প অতি দ্রুত অনুমোদন করতে হবে যেন আলোচ্য প্রকল্পটির তীর সংরক্ষন কাজের পূর্বে চর কাটার কাজ ড্রেজিং এর মাধ্যমে সম্পন্ন করা যায়"। এ প্রেক্ষিতে ২৪৭৭.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত 'বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদী ড্রেজিং' প্রকল্পটি গৃহীত হয়।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদী ড্রেজিং প্রকল্পটি কগত ১৫/০৩/২০১৭ তারিখে ২৪৭৭.৪৫ লক্ষ টাকা ব্যয়ে মার্চ/২০১৭ হতে জুন/২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২২/৩/২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। পরবর্তীতে ১৭/৪/২০১৮ তারিখে ব্যয় বৃদ্ধি করত: ২৫১১.৪৯ লক্ষ টাকা ধায্য করে সংশোধন পূর্বক একই মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ২৪/১২/২০১৮ তারিখ আইএমইডি'র পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোঃ মুনিরুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া এবং নির্বাহী প্রকৌশলী পীযুষ কৃষ্ণ সহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচরীগণ উপস্থিত ছিলেন।



চিত্র-১-২: প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন

১২। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পটির মূল কার্যক্রম হলো ৩২০০.০০ মিটার নদী ড্রেজিং এবং ৭৫০.০০ মিটার অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ।

১৩। <u>প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ</u>

১৩.১। কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার কুঠিবাড়ী এলাকার নিকটে কয়া ইউনিয়নের সুলতানপুর বাজার এলাকায় পদ্মা নদীর চেইনেজ ০.০০ কি:মি: হতে ৩.২০ কি:মি: এর সম্পাদিত ড্রেজিং কাজ পরিদর্শনকালে জানা যায় প্রকল্পভূক্ত জায়গায় ৬-৭ মিটার গভীরতায় ৩০ মিটার bed widthএ ডেজিং করা হয়েছে। পরিদর্শকালে কিছু কিছু স্থানের গভীরতা যাচাইকালে ৪-৬ মিটার গভীরতা এখনো রয়েছে দেয়া যায়।

১৩.২। ড্রেজিংকৃত অংশের ভাটির দিকে প্রায় ১.০০ কি:মি: অংশের এলাইনমেন্ট পরিবর্তন হয়ে গেছে দেখা গেল এবং যে অংশ থেকে দিক পরিবর্তন হয়ে গেছে সেই ড্রেজিংকৃত শেষাংশটুকু ভরাট হয়ে আবার চরের রুপ নিয়েছে এবং চ্যানেলটি কিছুটা সরে এসে প্রবাহিত হচ্ছে।

১৩.৩। ড্রেজিংকৃত অংশের নাব্যতা এখনো রয়েছে। পরিদর্শনকালে সেই চ্যানেল দিয়ে মালামাল বোঝাই বার্জ/জাহাজ চলাচল করতে দেখা যায়।

১৩.৪। কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের সুলতানপুর বাজার সংলগ্ন সম্পদিত ৭৫০ মিটার অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ পরিদর্শনকালে জানা যায় জিও ব্যাগ ডাম্পিং এবং প্লেসিং করে অস্থায়ী প্রতিরক্ষা কাজ সম্পাদন করা হয়েছে। সম্পদিত কাজের উপর পলি/বালি জমে তীর সেটেল্ড হয়ে গেছে দেখা গেল। তাছাড়া সম্পদিত কাজসমূহ এখনো ভাল অবস্থায় রয়েছে।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে (মার্চ/২০১৭ হতে জুন/ ২০১৮ পর্যন্ত) মোট ২ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্মে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলোঃ

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	জনাব মোহাম্মদ আলী	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	খন্ডকালীন	২৭-০৪-২০১৭ হতে ০৮-১১-২০১৭
২.	জনাব এ কে এম ওয়াহেদ উদ্দিন চৌধুরী	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	খন্ডকালীন	২৮-১১-২০১৭ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত।

১৬। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, NOA এবং ওয়ার্ক অর্ডার প্রদানে বিধিমালা অনুসৃত হয়েছে। প্রকিউরমেন্ট সংক্রান্ত কিছু কাগজপত্র যাচাই করা হয়। প্রকল্প এর আওতায় বিভিন্ন প্যাকেজের তথ্যঃ

(টাকায়)

ক্রঃ নং	কাজের নাম	কাজের দৈর্ঘ্য	প্রাক্কলিত মূল্য	চুক্তিমুল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	প্রদেয় বিলের পরিমাণ
০১	২০১৭-১৮ অর্থ বছরে কুষ্টিয়া পওর বিভাগের আওতাধীন ‘‘বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর বরাবর কিঃমিঃ ৪.৫০০ হতে ৪.৯০০ পর্যন্ত অস্থায়ী প্রতিরামূলক কাজ।	০.৪০০ কিমি	৩১৬৬৪০৫৯.১০	২৮৪৯৭৬৫৩.৯০	২৫-০৬-১৮	২৫-০৬-১৮	২৮৪৯৬৯২৪.৫০
০২	২০১৭-১৮ অর্থ বছরে কুষ্টিয়া পওর বিভাগের আওতাধীন ‘‘বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর বরাবর কিঃমিঃ ৪.৯০০ হতে ৫.২৫০ পর্যন্ত অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ।	০.৩৫০ কি:মি:	২৪৬৬৭৬৬২.৯১	২২২০০৮৯৬.৬১৯	২৫-০৬-১৮	৩০-০৬-১৮	২২০৭২৬০২.৮৩
০৩	২০১৭-১৮ অর্থ বছরে কুষ্টিয়া জেলায় অবস্থিত ‘‘বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ড্রেজিং প্রকল্পের কি:মি: ০.০০ (৭১৯৭১৭.৮৯৮ই, ২৬৪৮৭৮৯.৮২০এন) হতে কিঃমিঃ ৩.২০০ (৭২২৭০৩.৭৬০ই, ২৬৪৮০০৮.৩৬০এন মোট ৩.২০০ কিঃমিঃ কাজ।	৩.২০০	১৭১২৪৯৩৬০.০০	১৭১২৪৯৩৬০.০০	১৭-১২-১৭	৩০-০৬-১৮	১৪৩৬৩২৯৮৪.০৯

১৭। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** প্রকল্পটি বাস্তবায়নের ফলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজরিত শিলাইদহ কুঠিবাড়ী ও সংলগ্ন এলাকা অনেকাংশে রক্ষা পেয়েছে। তাছাড়া ড্রেজিং এর ফলে শুষ্ক মৌসুমে নদীতে পানির গভীরতা বৃদ্ধি পেয়েছে এবং স্বাভাবিক নাব্যতা বজায় রয়েছে ও তীর ভাঙ্গন রোধ হয়েছে মর্মে জানা যায়। বিপুল পরিমান সরকারী/বেসরকারী সম্পত্তির সুরক্ষা নিশ্চিত হয়েছে।

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
➢ পদ্মা নদীর ০.০০ কি:মি: হতে ৩.২০ কি:মি: পর্যন্ত ড্রেজিং করে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজরিত শিলাইদহ কুঠিবাড়ী ও সংলগ্ন এলাকা রক্ষার্থে চলমান নদীতীর প্রতিরক্ষা করা; ➢ পদ্মা নদীর ভাঙ্গনে বিপর্যস্ত কয়া ও শিলাইদহ ইউপির ভূমি পুনরুদ্ধার করে কৃষি জমির পরিমান বৃদ্ধি করা; ➢ স্থায়ী প্রতিরক্ষা কাজের মাধ্যমে ভাঙ্গন কবলিত এবং বর্তমান তীর রেখার উন্নতি ও স্থায়ী নিশ্চিত করণ; এবং ➢ বিপুল পরিমান সরকারী/বেসরকারী সম্পত্তির সুরক্ষা নিশ্চিতকরণ।	▪ পরিকল্পনা মোতাবেক ৩.২০০ কি:মি: ড্রেজিং এবং ৭৫০ মিটার অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হয়েছে। সার্বিকভাবে প্রকল্পের উদ্দেশ্য ১০০% ভাগ অর্জিত হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

১৯। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** : আলোচ্য প্রকল্পটি একটি সফল প্রকল্প এবং শতভাগ উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২০। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

২০.১। প্রকল্পের উদ্দেশ্যে শতভাগ অর্জিত হয়েছে;

২০.২। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে;

২০.৩। ড্রেজিংকৃত অংশে নদীর নাব্যতা বৃদ্ধি পেয়েছে এবং মালামাল বোঝাই বার্জ/নৌযান স্বাভাবিক গতিতে চলাচল করতে দেখা গেছে;

২০.৪। প্রকল্পটি বাস্তবায়নের ফলে সংশ্লিষ্ট এলাকার নদী তীর প্রতিরক্ষা কাজ এবং সরকারী/বেসরকারী সম্পত্তি সুরক্ষা নিশ্চিত হয়েছে;

২০.৫। ড্রেজিং অংশের ভাটির প্রায় ১.০০ কি:মি: পুনরায় চর সৃষ্টি হলেও সংলগ্ন অংশে অটোড্রেজিং হয়ে নৌ-চলাচল অব্যহত রয়েছে;

২০.৬। ১৬ (মাস) মেয়াদী প্রকল্পে আওতায় শুধু ৭৫০ মিটার অস্থায়ী তীর সংরক্ষণ কাজ এবং ৩.২০ কি:মি: ড্রেজিং কাজ ছিল। সেই প্রেক্ষাপটে মধ্যবতী মূল্যায়নের জন্য ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা এবং তা ব্যয় করা যুক্তিযুক্ত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

২১। **<u>বাস্তবায়ন সমস্যাঃ</u>** প্রকল্পটি বাস্তবায়নে তেমন কোন সমস্যা পরিলক্ষিত হয়নি মর্মে জানা যায়। প্রত্যাশিত সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে বিধায় প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গ প্রসংশা পাওয়ার যোগ্য।

২২। <u>সুপারিশ/মতামতঃ</u>

২২.১। নদীর মূল স্রোতধারা সঠিক জায়গায় রাখতে যথাযথ মনিটরি করতে হবে। প্রয়োজন হলে সংরক্ষণ ড্রেজিং কার্যক্রম গ্রহণ হতে হবে;

২২.২। অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ সংলগ্ন নদী তীরের অবস্থা এবং স্রোতধারা অবস্থান বিবেচনায় এই মৌসুমে স্থায়ী প্রতিরক্ষা কাজের প্রয়োজন নাই মর্মে প্রতীয়মান হয়েছে;

২২.৩। স্বল্প মেয়াদী প্রকল্প এবং প্রকল্পভুক্ত কাজের বহুমাত্রিকতা না থাকলে মধ্যবর্তী মূল্যায়নের বিষয়টি নতুন প্রকল্প গ্রহণের সময় অন্তভূক্ত না করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনায় রাখতে হবে (অনুচ্ছেদ: ২০.৬);

২২.৪। প্রকল্পটির উপর দ্রুত **External Audit** সম্পাদন করতে হবে; এবং

২২.৫। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডি কে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার আলাতুলি এলাকা রক্ষা (২য় সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন/২০১৮)

১। প্রকল্পের নাম : **পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার আলাতুলি এলাকা রক্ষা (২য় সংশোধিত) প্রকল্প।**

২। প্রকল্পের অবস্থান : ইউনিয়ন-আলাতুলি, শাজাহানপুর ও দেবিনগন, উপজেলা- নবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬৫৫১.১৪	২৮০১১.৮০	২৬৬৩১.৬৩	সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৫	সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৮	সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৮	৬০.৯১ (%)	৭০.৫৯ (%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(ক)	**রাজস্ব ব্যয়:**					
(১)	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	থোক	১৭.০০	১০০%	১৭.০০ (১০০%)
(২)	প্রিন্টিং ও পাবলিকেশন	থোক	থোক	১.০০	১০০%	১.০০ (১০০%)
(৩)	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প	থোক	থোক	৩.৪০	১০০%	৩.৪০ (১০০%)
(৪)	প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যদের সম্মানী/ফি	থোক	থোক	৪.০০	৮২.৭৫%	৩.৩১ (৮২.৭৫%)
(৫)	মধ্যবর্তী মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী/ফি	থোক	থোক	৭.০০	৯৬.৪৩%	৬.৭৫ (৯৬.৪৩%)
(৬)	জরিপ ও অনুসন্ধান	থোক	থোক	২.০০	১০০%	২.০০ (১০০%)
(৭)	কম্পিউটার এ্যাকসেসরিস	থোক	থোক	১.৫০	১০০%	১.৫০ (১০০%)
(৮)	অন্যান্য ব্যয় (ফটোকপিয়ার, ফ্যাক্স)	থোক	থোক	৫.০০	১০০%	৫.০০ (১০০%)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
(৯)	বিদ্যমান যানবাহন মেরামত ও রক্ষনাবেক্ষণ (জীপ-২টি ও মোটরসাইকেল-৩টি)	থোক	থোক	৬.৬০	১০০%	৬.৬০ (১০০%)
উপ-মোট (রাজস্ব) =				**৪৭.৫০**		**৪৬.৫৬**
(খ)	**মূলধন ব্যয়:**					
(১০)	জীপ (মিটসুবিসি ''পাজেরো'' ৫ দরজা, পেট্রোল ইঞ্জিন (২৩০০-২৭০০ সিসি) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর তৈরী)।	সংখ্যা	১ টি	৬৯.২৬	১ টি (১০০%)	৬৯.২৬ (১০০%)
(১১)	মোটর সাইকেল (১২৫ সিসি)	সংখ্যা	৩ টি	৩.৯৫	৩ টি (১০০%)	৩.৯৫ (১০০%)
(১২)	লেভেলিং মেশিন	সংখ্যা	২ টি	১.৯৬	২ টি (১০০%)	১.৯৬ (১০০%)
(১৩)	কম্পিউটার (ব্রান্ড)	সংখ্যা	২ টি	১.৯৭	২ টি (১০০%)	১.৯৭ (১০০%)
(১৪)	নতুন নদী তীর সংরক্ষণ কাজ (মিটারেজ ৭৫০.০০ হতে মিটারেজ ৭৮৭০.০০ পর্যন্ত)	কিঃমিঃ	৭.১২০ কিঃমিঃ।	২৬৭৯১.৬৮	৭.১২০ কিঃমিঃ। (১০০%)	২৬৪৮৭.৯৬ (৯৮.৮৭%)
(১৫)	আলাতুলিতে পদ্মা নদী ড্রেজিং (মিটারেজ ২৪০০.০০ হতে মিটারেজ ৫৮০০.০০ পর্যন্ত) (মাটির কাজ = ৫৭৩৫৮৭.৩০ ঘনমিটার	কিঃমিঃ	২.৭০০ কিঃমিঃ	১০৭৫.৪৮	০.০০	৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত ও বাপাউবো এর টেকনিক্যাল কমিটির সুপারিশক্রমে বাস্তবায়ন করা হয়নি।
(১৬)	নির্মাণকালীন সময় পরিচালন ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	২০.০০	থোক	১৯.৯৭ (৯৯.৮৫%)
উপ-মোট (মূলধন) =				২৭৯৬৪.৩০		২৬৫৮৫.০৭
মোট (ক+খ) =				২৮০১১.৮০		২৬৬৩১.৬৩
ফিজিক্যাল কন্টিনজেন্সি(১% ক+খ)				-		০.০০
প্রাইস কন্টিনজেন্সি (২% ক+খ)				**-**		**০.০০**
সর্বমোট (ক + খ + গ + ঘ) =				**২৮০১১.৮০**	**৯৬.২৬%**	**২৬৬৩১.৬৩ (৯৫.০৭%)**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পভূক্ত নদী ড্রেজিং এর কাজটি প্রয়োজন না থাকায় প্রকল্পভুক্ত ড্রেজিং এর কাজ করা হয় নাই। এছাড়া আরডিপিপিভুক্ত সকল কাজ সম্পূর্নরূপে বাস্তবায়ন করা হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন আলাতুলি এলাকা রক্ষা করা;
- এছাড়া সরকারী এবং বেসরকারী স্থাপনা রক্ষা করে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা; এবং
- নদী ভাঙ্গন প্রতিরোধ করে পরিবেশের ভারসাম্য রক্ষা করা।

৯.২। প্রকল্পের পটভূমিঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার দক্ষিন পশ্চিম সীমান্ত এলাকা দিয়ে পদ্মা নদী বাংলাদেশে প্রবেশ করে এবং শিবগঞ্জ ও সদর উপজেলা হয়ে পুনরায় ভারতে প্রবেশ করেছে। পরবর্তীতে পদ্মা নদী চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন আলাতুলী নামক স্থানে পুনরায় বাংলাদেশে প্রবেশ করে এবং রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার সুলতানগঞ্জ নামক স্থানে মহানন্দা নদীর সাথে মিলীত হয়ে পদ্মা নদী প্রবাহমান। পদ্মা-মহানন্দার মিলিত স্থান হতে উজানে ব্যাকপক নদী ভাঙ্গন হতে ঘনবসতিপূর্ণ আলাতুলি, দেবীনগর ও শাজাহানপুর ইউনিয়নকে রক্ষার জন্য প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গঠিত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** প্রকল্পটি ১৬৫৫১.১৪ লক্ষ টাকা ব্যয়ে সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৬/১০/২০১২ তারিখে একনেকে অনুমোদিত হয়। পরবর্তিতে ২৭৪১৮.৩৯ লক্ষ টাকা ব্যয়ে সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ২১/১০/২০১৪ তারিখে একনেকে অনুমোদিত হয়। সর্বশেষ ২৮০১১.৮০ লক্ষ টাকা ব্যয়ে সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৮/১০/২০১৭ তারিখে পরিকল্পনা মন্ত্রনালয়ে অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ০২/০৪/২০১৯ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএইডি)-এর পরিচালক, জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব মোহাম্মদ আমিরুল হক ভূঞা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল; জনাব সৈয়দ সাহিদুল আলম, নির্বাহী প্রকৌশলী, নবাবগঞ্জ পওর বিভাগ; মো: আতিকুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, নবাবগঞ্জ পওর উপ-বিভাগ সহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




চিত্র-১-২: তীর সংরক্ষণ কাজসমূহ সরেজমিনে পরিদর্শন

১২। প্রকল্পের মূল কার্যক্রমঃ (লক্ষ টাকায়)

কার্যক্রমের বিবরণ	মূল অনুমোদিত		১ম সংশোধিত		২য় সংশোধিত	
	পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়	পরিমাণ	ব্যয়
নদী তীর সংরক্ষণ কাজ	৬.২২০ কিঃ মিঃ	১৫১২৪.৪১	৬.২২০ কিঃ মিঃ	২৫৬২৯.৮৪	৭.১২০ কিঃ মিঃ	২৬৭৯১.৬৮
আলাতুলি এলাকায় পদ্মা নদী ড্রেজিং	২.৭০০ কিঃ মিঃ	৭৪৫.৬৬	২.৭০০ কিঃ মিঃ	১০৭৫.৪৮	২.৭০০ কিঃ মিঃ	১০৭৫.৪৮

১৩। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। প্রকল্পটি চাপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার হাকিমপুর শেষ প্রান্ত থেকে শুরু হয়ে পদ্মা ও মহানন্দার মিলনস্থল সংলগ্ন এলাকায় বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় মূল কাজটি হলো ৭.১২০ কি:মি: নদী তীর প্রতিরক্ষা কাজ যা মোট ২৭টি প্যাকেজে ২০১৩-১৪ অর্থ-বছর হতে ২০১৭-১৮ অর্থ-বছরে বাস্তাবয়ন করা হয়েছে। যা বিবরণ নিম্নরূপ:

প্যাকেজ নাম্বার	প্যাকেজের সংখ্যা	বাস্তবায়ন সম্পন্ন
২A – ৪B	০৬	২০১৪-২০১৫
৫ – ২২	১৮	২০১৬-২০১৭
২৩ – ২৫	০৩	২০১৭-২০১৮

১৩.২। পরিদর্শনকালে বাস্তবায়িত সবগুলি প্যাকেজের কাজই সরজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কালে জানা যায় ২A – ৪B পর্যন্ত প্যাকেজের কাজের এক ধরনের জিজাইন ছিল। পরবর্তীতে মাঠ পর্যায়ের বাস্তবতার কারণে ৫ – ২৫ নং প্যাকেজের কাজের ডিজাইনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে একটু পরিবর্তন করা হয়েছে এবং সে অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে।

১৩.৩। তীর প্রতিরক্ষা কাজের স্লোপ ১:২.৫, লাঞ্চিং এপ্রোন ২৪ মিটার, ডাম্পিং ভলিউম ৪৮ cum (২৪um ব্লক ২৪cum জিও ব্যাগ)।

১৩.৪। ২A – ১০ নং প্যাকেজের কাজে ২ ধরনের জিও ব্যাগ (১৭৫ কেজি ও ১২৫ কেজি), ১১ – ২২ নং প্যাকেজে ২৫০ কেজি ও ১৭৫ কেজির জিও ব্যাগ এবং ২৩-২৫ নং প্যাকেজে ২৫০ কেজিও জিও ব্যাগ ব্যবহার করা হয়েছে। সকল প্যাকেজেই জিও ম্যাট এবং ২ ধরনের ব্লক (৪৫ X ৪৫ X ৪৫ সে:মি: এবং ৩৫ X৩৫ X ৩৫ সে:মি:) ব্লক ব্যবহার করা হয়েছে।

১৩.৫। প্রকল্প এলাকার জনগণের চাহিদার প্রেক্ষিতে মোট ১৩টি সিড়ি এবং বিভিন্ন নালা/খাল/নীচু এলাকার বৃষ্টির পানি নদীতে যাওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যাক বিভিন্ন সাইজের নালার ব্যবস্থা করা হয়েছে।



চিত্র-৩-৪: সিড়ি এবং নালা তৈরী কাজের খন্ড চিত্র

১৩.৬। **২A-৪B** প্যাকেজের এবং ৫ - ২২ নং প্যাকেজের কাজে ২/৩ বৎসরে টানা কয়েকটি বর্ষা মৌসুম পার হয়েছে। এখনো প্রায় সবটুকু অংশই ভালো রয়েছে। পরিদর্শনকালে ১৫, ১৯, ২০, ২২ নং প্যাকেজসহ অন্য কয়েকটি প্যাকেজের ডাম্পিংকৃত ব্লকের সামান্য কিছু অংশ ডেবে গেছে দেখা গেল।

১৩.৭। প্রকল্পের আওতায় দুই ধরনের ৫% ব্লক (প্রায় ৯১ হাজার) ষ্টক পাইলিং (রিজার্ভ সিসি ব্লক) মজুদ করে রাখা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তকর্তাদের নিকট থেকে জানা যায় এবং প্রকল্প এলাকায় বিভিন্ন জায়গায় রক্ষিত আছে দেখা গেল।

১৩.৮। প্রকল্পের আওতায় একটি ৫ দরজা বিশিষ্ট ২৫০০ সিসি পাজেরো জীপ এবং ৩টি ১২৫ সিসি মটর সাইকেল ক্রয় করা হয়েছে যা সংশ্লিষ্ট ওএন্ডএম-এ ব্যবহৃত হচ্ছে।

১৪। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**প্রকল্পটির ২য় সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয় ২৮০১১.৮০ লক্ষ টাকার বিপরীতে জুন/২০১৮ ইং পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৬৬৩১.৬৩ লক্ষ টাকা (৯৫.০৭%) এবং বাস্তব অগ্রগতি ৯৬.২৬%।

১৫। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে (**সেপ্টেম্বর/২০১২ হতে জুন/২০১৮** পর্যন্ত) মোট **৩(তিন) জন** পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলো:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	জনাব মোহাম্মদ শাহাবুদ্দিন	তত্তাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	১৬-০৫-২০১২ হতে ২১-০৮-২০১৪
২.	জনাব মোঃ সাজিদুর রহমান সরদার	তত্তাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	০৮-০৯-২০১৪ হতে ০৫-০৫-২০১৫
৩.	জনাব মীর মোশাররফ হোসেন	তত্তাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	০৫-০৫-২০১৫ হতে ২৯-০৭-২০১৮

১৭। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, NOA এবং ওয়ার্ক অর্ডার প্রদানে বিধিমালা অনুসৃত হয়েছে (এখানে উল্লেখ যে, চারটি (৪)টি প্যাকেজ ম্যানুয়াল টেন্ডার, ২১ টি ইজিপিতে OTM ও ১টি ম্যানুয়াল DPM পদ্ধতিতে টেন্ডার করা হয়েছে)। Procurement সংক্রান্ত কিছু কাগজপত্র যাচাই করা হয়। প্রকল্প এর আওতায় বিভিন্ন প্যাকেজের তথ্যঃ

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
১	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৭৭৭০.০০ হইতে মিটারেজ ৭৮৭০.০০ পর্যন্ত = ১০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ সহ U/S End Termination কাজ। (প্যাকেজ, ডাব্লিউ পি-২,লট-২এ)	০.১০০	৯৭১.৬৯	৮৫৯.৩৬	২৪/০১/১৫	**২০/১১/১৫**	৮৫৫.৮১	১০০.০০ %
২	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৭৫৭০.০০ হইতে মিটারেজ ৭৭৭০.০০ পর্যন্ত= ২০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ,ডাব্লিউ পি-২,লট-২বি)	০.২০০	৮৩৮.০৪	৭৫৩.১১	২৪/০১/১৫	**২০/০২/১৬**	৭৪৬.৩১	১০০.০০ %
৩	পদ্মা নদীর বাম তীরে আলাতুলী নামক স্থানে মিটারেজ ৭৪২০.০০ হইতে মিটারেজ ৭৫৭০.০০ পর্যন্ত = ১৫০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ,ডাব্লিউ পি-৩,লট-৩এ)	০.১৫০	৬২০.১৪	৫১৪.০৪	২১/০৫/১৫	**২০/০১/১৬**	৫০৯.৯০	১০০.০০ %
৪	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৭২৭০.০০ হইতে মিটারেজ ৭৪২০.০০ পর্যন্ত = ১৫০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ,ডাব্লিউ পি-৩,লট-৩বি)	০.১৫০	৬১১.৭০	৫৭৬.০৮	২৪/০১/১৫	**৩১/০৫/১৬**	৫৭৫.৪০	১০০.০০ %
৫	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৭১২০.০০ হইতে মিটারেজ ৭২৭০.০০ পর্যন্ত =	০.১৫০	৬০৬.৯৯	৫৭৮.৮৩	২৪/০১/১৫	**২৮/০৬/১৬**	৫৭৭.৮১	১০০.০০ %

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	১৫০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-৪, লট-৪এ)							
৬	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৬৯৭০.০০ হইতে মিটারেজ ৭১২০.০০ পর্যমত্ম = ১৫০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-৪, লট-৪বি)	০.১৫০	৬০৬.৬৪	৫১৫.৬৪	২৪/০১/১৫	**১৫/১১/১৫**	৫১৪.৮১	১০০.০০ %
৭	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৬৬৭০.০০ হইতে মিটারেজ ৬৯৭০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-৫)	০.৩০০	১২৩৬.২০	১১০৬.১২	০৪/০৬/১৬	**৩০/০৬/১৭**	১১০৩.৬৬	১০০.০০ %
৮	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৬৩৭০.০০ হইতে মিটারেজ ৬৬৭০.০০ পর্যমত্ম = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-৬)	০.৩০০	১২৩৮.১৭	১১০৮.৩৭	০৪/০৬/১৬	**৩০/০৬/১৭**	১১০৭.১৪	১০০.০০ %
৯	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৬১০০.০০ হইতে মিটারেজ ৬৩৭০.০০ পর্যন্ত = ২৭০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-৭)	০.২৭০	১১২২.৪৩	১০৫৩.৭৫	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১০৪৯.৭৮	১০০.০০ %
১০	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৫৮০০.০০ হইতে মিটারেজ ৬১০০.০০ পর্যন্ত= ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-৮)	০.৩০০	১২৫১.৫৯	১১৮৬.৬৫	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১১৮৬.৩৭	১০০.০০ %

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
১১	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৫৫০০.০০ হইতে মিটারেজ ৫৮০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-৯)	০.৩০০	১২১৭.৭৬	১১৩৫.৬০	০৪/০৬/১৬	**৩১/১২/১৭**	১১৩৪.৫১	১০০.০০ %
১২	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৫২০০.০০ হইতে মিটারেজ ৫৫০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-১০)	০.৩০০	১২১৪.২৭	১১৬২.৩৫	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১১৬১.২৯	১০০.০০ %
১৩	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৪৯০০.০০ হইতে মিটারেজ ৫২০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-১১)	০.৩০০	১২৩১.৭১	১১২৬.১৯	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১১১৭.৫৪	১০০.০০ %
১৪	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৪৬০০.০০ হইতে মিটারেজ ৪৯০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-১২)	০.৩০০	১২৭১.০৪	১১৮৫.১৯	০৪/০৬/১৬	**৩০/০৬/১৭**	১১৮৪.৪৮	১০০.০০ %
১৫	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৪৩০০.০০ হইতে মিটারেজ ৪৬০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-১৩)	০.৩০০	১২৭০.৮২	১১৯১.৩১	০৪/০৬/১৬	**৩০/০৬/১৭**	১১৯০.৮৬	১০০.০০ %
১৬	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৪০০০.০০ হইতে মিটারেজ ৪৩০০.০০ পর্যন্ত =	০.৩০০	১২০৫.৬৯	১১১৮.০৪	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১১১৬.০৮	১০০.০০ %

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-১৪)							
১৭	পদ্মা নদীর বাম তীরে আলাতুলী নামক স্থানে মিটারেজ ৩৭০০.০০ হইতে মিটারেজ ৪০০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-১৫)	০.৩০০	১২১১.৭৫	১১৪৬.২৯	০৪/০৬/১৬	**৩১/০৫/১৭**	১১৪৬.০৬	১০০.০০ %
১৮	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৩৪০০.০০ হইতে মিটারেজ ৩৭০০.০০ পর্যন্ত = ৩০০.০০ পর্যন্ত স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-১৬)	০.৩০০	১১৯২.৭৩	১১২২.১১	০৪/০৬/১৬	**৩০/০৬/১৭**	১১২০.৩২	১০০.০০ %
১৯	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৩১০০.০০ হইতে মিটারেজ ৩৪০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-১৭)	০.৩০০	১১১৬.৪১	১১৩০.৭৩	১৫/১২/১৫	**৩০/০৬/১৭**	১১৩০.৭২	১০০.০০ %
২০	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ২৮০০.০০ হইতে মিটারেজ ৩১০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-১৮)	০.৩০০	১১১৩.৬০	১১২৫.৯৪	১৫/১২/১৫	**৩০/০৬/১৭**	১১২৪.৩৮	১০০.০০ %
২১	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ২৫০০.০০ হইতে মিটারেজ ২৮০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-১৯)	০.৩০০	১১৭০.৬২	১১৬১.০৯	১৫/১২/১৫	**২৫/০৬/১৭**	১১৬১.০০	১০০.০০ %

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
২২	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ২২০০.০০ হইতে মিটারেজ ২৫০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-২০)	০.৩০০	১১৬৩.৬৮	১১৫৪.৭১	১৫/১২/১৫	**১৫/১০/১৭**	১১৪৯.০০	১০০.০০ %
২৩	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ১৯০০.০০ হইতে মিটারেজ ২২০০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউপি-২১)	০.৩০০	১১৬৯.৭৬	১১৪২.০১	১৫/১২/১৫	**২৫/০৬/১৭**	১১৪১.২১	১০০.০০ %
২৪	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ১৬৫০.০০ হইতে মিটারেজ ১৯০০.০০ পর্যন্ত = ২৫০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ। (প্যাকেজ-ডাব্লিউ পি-২২)	০.২৫০	৯৫৩.২১	৯৫৩.২১	১৫/১২/১৫	**১৫/১০/১৭**	৯৪৮.৯২	১০০.০০ %
২৫	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ১৩৫০.০০ হইতে মিটারেজ ১৬৫০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ সহ ৬টি সিঁড়ি/ঘাট নির্মাণ। (প্যাকেজ-ডাব্লিউপি-২৩)	০.৩০০	৮৫৫.৬০	৭৭০.০৩	২০/১২/১৭	**২৫/০৬/১৮**	৭৭০.০১	১০০.০০ %
২৬	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ১০৫০.০০ হইতে মিটারেজ ১৩৫০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর তীর সংরক্ষণ কাজ সহ ৬টি সিঁড়ি/ঘাট নির্মাণ। (প্যাকেজ-ডাব্লিউ পি-২৪)	০.৩০০	৮৫৫.০৩	৭৭১.৯৯	২০/১২/১৭	**৩০/০৬/১৮**	৭৭১.৯৫	১০০.০০ %
২৭	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ১০৫০.০০	০.৩০০	৯৮৩.৯৪	৮৯২.৪০	২০/১২/১৭	**৩০/০৬/১**	৮৯২.৩৫	১০০.০০

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের দৈর্ঘ্য (কিঃ মিঃ)	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	হইতে মিটারেজ ১৩৫০.০০ পর্যন্ত = ৩০০.০০ মিটার স্থায়ী নদী তীর সংরক্ষণ, D/S End Termination সহ ১টি সিঁড়ি/ঘাট নির্মাণ। (প্যাকেজ-ডাব্লিউ পি-২৫)					৮		%
২৮	পদ্মা নদীর বাম তীরে আলাতুলি নামক স্থানে মিটারেজ ৪০৮৪.০০ হইতে মিটারেজ ৪১৬.০০ পর্যন্ত ৩২.০০ মি. ক্ষতিগ্রস্থ স্লোপ মেরামত কাজ । (প্যাকেজ-ডাব্লিউপি-২৬)	০.০৩২	১৯.৯৭	১৯.৯৭	১০/০২/১৮	**২৮/০২/১৮**	১৯.৯৭	১০০.০০ %

১৮। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** প্রকল্পটি পরিদর্শনের সময় স্থানীয় জনগণের সাথে আলাপকালে জানা যায় প্রকল্পটি বাস্তবায়নের ফলে তারা খুবই উপকৃত হয়েছে। প্রকল্প এলাকার ভাংগন রোধ হয়েছে। এলাকার জনগণের বসতবাড়ীসহ স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষা পাওয়ায় তাদের মধ্যে নিরাপত্তা বোধ ফিরে এসেছে বিধায় তারা সন্তোষ্টি প্রকাশ করেছে।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
➢ পদ্মা নদীতে ড্রেজিং এবং নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন আলাতুলী এলাকা রক্ষা করা। ➢ এছাড়া সরকারী এবং বেসরকারী স্থাপনা রক্ষা করে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা। ➢ নদী ভাঙ্গন প্রতিরোধ করে পরিবেশের ভারসাম্য রক্ষা করা।	➢ পদ্মা নদীর ডান তীরে ৭.১২০ কি:মি: তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে পদ্মা নদীর ভাঙ্গন হতে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন শাজাহানপুর ও দেবিনগর এলাকা রক্ষা পেয়েছে। ➢ নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে সরকারী এবং বেসরকারী স্থাপনা রক্ষা হয়েছে ফলে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন হয়েছে এবং প্রকল্প এলাকার জনগণের মধ্যে নিরাপত্তাবোধ ফিরে এসেছে। ➢ নদী ভাঙ্গন রোধ হওয়ার ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা পেয়েছে।

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** আলাতুলি এলাকা রক্ষা কল্পে প্রকল্পটি গ্রহণ করা হলেও প্রকল্পটি বাস্তবায়ন শুরু করার পুর্বেই আলাতুলি এলাকা নদী গর্ভে বিলীন হয়েছে গেছে। তবে প্রকল্পের আওতাভুক্ত আরো ২টি ইউনিয়নের (শাজাহানপুর, দেবিনগর) অনেকগুলো গ্রাম/অংশ নদী ভাংগন হতে রক্ষা পেয়েছে বিধায় উদ্দেশ্য অনেকাংশেই অর্জিত হয়েছে।

২১। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

২১.১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকা তীব্র নদী ভাঙ্গন হতে রক্ষা পেয়েছে। প্রকল্প এলাকার স্থাবর-অস্থাবর সম্পত্তি, হাট-বাজার ও সরকারি-বেসরকারি স্থাপনা এবং বহু ফসলী জমি রক্ষা পেয়েছে। জনগণের মধ্যে নিরাপত্তাবোধ নিশ্চিত হয়েছে এবং প্রকল্প এলাকার জনগণের সন্তুষ্টি লক্ষ্য করা গেছে; প্রকল্পটি একটি সফল প্রকল্প বলা যায়;

২১.২। বাস্তবায়িত তীর সংরক্ষণ কাজের স্লোপ ও লাঞ্চিং এপ্রোন এখনো বেশ সুরক্ষিত আছে। অধিকাংশ জায়াগায় ডাম্পিং জোন সেটেল হয়ে স্থায়ী আকার ধারণ করেছে। ডাম্পিং জোনের উপর পলি দৃষ্টিগোচর হয়েছে। প্রকল্পের বাস্তবায়িত সকল কাজ বাহ্যিক দৃষ্টিতে মোটামুটি সন্তোষজনক প্রতীয়মান হয়েছে;

২১.৩। কয়েকটি প্যাকেজের সামান্য কিছু অংশে ডাম্পিংকৃত ব্লক ডেবে যাওয়ার বিষয়টি দৃষ্টিগোচর হলেও বাস্তবায়িত সকল অংশ ভালো অবস্থায় আছে;

২১.৪। আলাতুলি এলাকা রক্ষা কল্পে প্রকল্পটি গ্রহণ করা হলেও প্রকল্পটি বাস্তবায়ন শুরু করার পুর্বেই আলাতুলি এলাকা নদী গর্ভে বিলীন হয়েছে গেছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে জানা যায়, তবে অন্যান্য অংশ রক্ষা পেয়েছে;

২১.৫। প্রকল্পের শুরু সংলগ্ন উজানে হাকিমপুরের শেষ প্রান্তে তীর ভাংগন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে। এই অংশে নদী ভাংগন দ্রুত রোধ করার উদ্যোগ গ্রহণ করা না হলে সংশ্লিষ্ট এলাকা নদী গর্ভে বিলীন হওয়া সহ বাস্তবায়িত কাজ মারত্বকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা রয়েছে;

২১.৬। বাস্তবায়িত প্রকল্পের উজানে "শাজাহানপুর ইউনিয়েনের হাকিমপুর নামক স্থান হতে ইন্দোবাংলা সীমান্ত পর্যন্ত তীর সংরক্ষণ" নামে একটি প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে জানা গেছে;

২২। **বাস্তবায়ন সমস্যাঃ** প্রকল্পটি বাস্তবায়নে ২ বার ডিপিপি সংশোধন করে ব্যয়সহ মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। ফলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ও ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং জনগণের সুবিধা প্রাপ্তিতে বিলম্ব হয়েছে। এ ছাড়া উল্লেখযোগ্য কোন সমস্যা পরিলক্ষিত হয়নি।

২৩। <u>সুপারিশ/মতামতঃ</u>

২৩.১। ১৫, ১৯, ২০ ও ২২ নং প্যাকেজ সহ অন্যান্য প্যাকেজের যে সকল স্থানে ডাম্পিং ব্লক ডেবে গেছে তাতে স্টক পাইল থেকে ব্লক দিয়ে মেরামত করে দিতে হবে (অনুচ্ছেদ-১৩.৬ ও ২১.৩);

২৩.২। বাস্তবায়িত প্রকল্পের সংলগ্ন উজানে অর্থাৎ ৭৮৭০ মিটারে হাকিমপুরের শেষ প্রান্তের তীব্র ভাংগন প্রবণতা রোধকল্পে জরুরী ব্যবস্থা নিতে হবে। আগত বর্ষা মৌসুমের জন্য ভাংগন রোধের ব্যবস্থা রাখতে হবে (অনুচ্ছেদ-২১.৫);

২৩.৩। বাস্তবায়িত প্রকল্পের উজানে "শাহাজানপুর ইউনিয়নের হাকিমপুর নামক স্থান হতে ইন্দোবাংলা সীমান্ত পর্যন্ত তীর সংরক্ষণ" নামে যে নতুন প্রকল্পটির প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে তা দ্রুত অনুমোদনের উদ্যোগসহ বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে হবে। কারণ প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করা না হলে বর্তমান প্রকল্পের আওতায় বাস্তবায়িত নদী তীর সংরক্ষণ কার্যক্রম পুনরায় ভাংগনের কবলে পড়ার আশংকা রয়েছে (অনুচ্ছেদ-২১.৫ ও ২১.৬);

২৩.৪। লাঞ্চিং এপ্রোন নিয়মিত তদারকি করতে হবে, যাতে বড় ধরনের ক্ষতি হওয়ার পূর্বেই ব্যবস্থা নেয়া যায়;

২৩.৫। বাস্তবায়িত কাজ রুটিন মেরামতের ব্যবস্থা করতে হবে;

২৩.৬। প্রকল্পের আওতায় ক্রয়কৃত ১টি পাজেরো জীপ এবং ৩টি মটর সাইকেল প্রয়োজনীয়তা নিরিখি পানি উন্নয়ন বোর্ডের টিওএন্ডই ভূক্ত করতে হবে এবং ব্যবহারের জন্য প্রকল্প এলাকার সংশ্লিষ্ট ওএন্ডএম অঞ্চলে দেয়া যেতে পারে (অনুচ্ছেদ-১৩.৮);

২৩.৭। সংরক্ষিত নদী তীরে এলাকার জনগণ যাতে নৌকা ভিড়ানোর সময় খুটি গেড়ে বা এ্যাংকর বসিয়ে নদী তীর ক্ষতিগ্রস্ত না করে সে বিষয়ে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিকে সম্পৃক্ত করে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২৩.৮। প্রকল্পটির উপর দ্রুত **External Audit** সম্পাদন করতে হবে;

২৩.৯। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডিকে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

ইমার্জেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেষ্টোরেশন প্রজেক্ট(ইসিআরআরপি:পাউবো অংশ)(৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন/২০১৮)

১। প্রকল্পের নাম : **ইমার্জেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেষ্টোরেশন প্রজেক্ট (ইসিআরআরপি:পাউবো অংশ)(৩য় সংশোধিত)।**

২। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা	পোল্ডার নাম
বরিশাল	বরগুনা	বরগুনা সদর ,আমতলি, তালতলি, বামনা, পাথরঘাটা, বেতাগী।	৩৯/২এ, ৩৯/১ডি, ৩৯/১এ, ৪০/১, ৪১/৬বি, ৪১/৭বি, ৪১/৪, ৪৩/১, ৪১/৫, ৪৫,৪২, ৪৪বি
	পটুয়াখালী	গলাচিপা, দশমিনা, কলাপাড়া, রাঙ্গাবালী।	৪৪/পি, ৪৬, ৪৭/১, ৪৭/৪, ৪৭/৫, ৫৪/এ, ৫৫/১, ৫৫/২সি, ৫৫/২বি, ৫০/৫১, ৫২/৫৩বি, ৫৫/৪, ৫৫/২ডি, ৫৫/৩, ৫২/৫৩এ
	পিরোজপুর	ভান্ডারিয়া, মঠবাড়ীয়।	৩৯/১সি, ৩৯/১বি

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র:সা:)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট (প্র:সা:)	সর্বশেষ সংশোধিত মোট (প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৮০৬৪.৯০ (১৮০৬৪.৯০)	৭৫০৫০.০০ (৭৪৯৪২.৪৯)	৬৮১২২.৪২ (৬৮০৫৬.৭২)	৩১-০৮-২০০৮ থেকে ৩০-০৬-২০১৩	৩১-০৮-২০০৮ থেকে ৩০-০৬-২০১৮	৩১-০৮-২০০৮ থেকে ৩০-০৬-২০১৮	৫০,০৫৭.৫২ (২৭৭.১০%)	৬০ মাস (১০৩.৪৪%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরুপ:

(লক্ষ টাকায়)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ নং	১	২	৩	৪	৫	৬
(ক)	**রাজস্ব খাত:**					
১)	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	জন মাস	২৮০ জন মাস	৪৩.১১	২২৮ (৮১.৪২%)	৩৭.৩৩ (৮৬.৫৯%)
২)	অন্যান্য ভাতাদি	থোক	থোক	৮৫.০০	থোক	৫২.১৭
	সরবরাহ ও সেবা					
৩)	ভ্রমন ব্যয়	থোক	থোক	১২.০০	থোক	১২.০০
৪)	অতিরিক্ত কাজের ভাতা	থোক	থোক	৬.৪০	থোক	৫.৭৫
৫)	অন্যান্য কর (পরিবেশ কর/ফি)	থোক	থোক	১.০০	--	--
৬)	ডাক	থোক	থোক	৩.০০	থোক	১.২৫
৭)	গ্যাস ও জ্বালানী	থোক	থোক	৭.০০	থোক	৬.৯২
৮)	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	থোক	৫৫.০০	থোক	৫২.৫৯
৯)	মূদ্রণ ও প্রকাশনা	থোক	থোক	১৮.০০	থোক	১৭.৯৬
১০)	ষ্টেশনারী	থোক	থোক	২৮.০০	থোক	২৭.৯৩
১১)	বিজ্ঞাপন ও প্রচার	থোক	থোক	২০.০০	থোক	১১.৩১
১২)	প্রাথমিক ক্ষয়ক্ষতি, সামাজিক জরীপ, পরিবেশগত জরীপ এবং ডাটা সংগ্রহনের জন্য Individual পরামর্শক নিয়োগ।	জন মাস	১৮ জন মাস	২৪.২২	১৮ জন মাস (১০০%)	২৪.২২ (১০০%)
	পরামর্শক খাতে ব্য (পরামর্শক প্রতিষ্ঠান/ Individual পরামর্শক) প্রকল্প ব্যবস্থাপনা, পুর্নবাসন কাজের নকসা ও তদারকি।	জন মাস	৩১৫১ জন মাস	৩৫৭৭.৩৪	৩১৫১ জন মাস (১০০%)	৩৩৯৯.২৮ (৯৫.০২%)
	প্রকল্প পরিচালককে সাহায্যের জন্য সিনিয়র Individual পরামর্শক নিয়োগ।	জন মাস	৬০ জন মাস	৬৫.০০	৬০ জন মাস (১০০%)	৫৫.৯৮ (৮৬.১২)
	ডিজাইন ইঞ্জিনিয়ার হিসেবে ৩ (তিন) জন সিনিয়র পরামর্শক নিয়োগ।	জন মাস	২৪ জন মাস	২০.৫১	২৪ জন মাস (১০০%)	২০.৫১ (১০০%)
১৩)	পরামর্শক খাতে (পরামর্শক প্রতিষ্ঠান / Individual পরামর্শক) ব্যয় (নদী তীর উন্নয়ন কা র্যক্রম ও উপকূলীয় বাধঁ উন্নয়ন কা র্যক্রমের কারীগরি সমীক্ষা	জন মাস	১৪৭২.৫০ জন মাস	৭৪২২.০০	১৪৭২.৫০ জন মাস (১০০%)	৭৩৪৭.৯৭ (৯৯.০২%)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ নং	১	২	৩	৪	৫	৬
	এবং বিস্তারিত নকসা)					
১৪)	টেকনিক্যাল কমিটি ও ষ্টিয়ারিং কমিটির সদস্যদের সম্মানী	থোক	থোক	২০.০০	থোক (১০০%)	১১.৬৮ (৫৮.৪০%)
১৫	জরীপ ও অনুসন্ধান কাজ	থোক	থোক	১০০.০০	থোক	১০০.০০
১৬)	অন্যান্য ব্যয়	থোক	থোক	৭.০০	থোক	৪.৩৮
মেরামত, সংরক্ষন ও পুর্নবাসন :						
১৭)	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	২৪.০০	থোক	২৩.৬৯
১৮)	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	৮.০০	থোক (১০০%)	৭.৮৮ (৯৮.৫০%)
২০)	অফিস ভবন রক্ষণাবেক্ষণ	থোক	থোক	২২.০০	থোক (১০০%)	২১.৯৬ (৯৯.৮১%)
২১)	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	৮.০০	থোক (১০০%)	৮.০০ (১০০%)
উপমোট রাজস্ব খাত (ক)=				**১১৫৭৬.৫**		**১১২৫০.৭৬**
(খ) মূলধন খাত :						
সম্পদ সংগ্রহ/ক্রয় :						
২২)	মোটর যান ক্রয়	সংখ্যা	৬টি	৩২৭.৭১	৬টি	৩২৭.৭১
২৩)	মোটর সাইকেল ক্রয়	সংখ্যা	২৫টি	৩০.৯৯	২৫টি	২৯.৯৯
২৪)	জলযান ও আনুষাঙ্গিক এক্সেসরিজ	সংখ্যা	৪টি	৮০.০০	২টি	২৯.৮৮
২৫)	প্রকৌশল সরঞ্জাম	থোক	থোক	২০.০০	থোক	১৯.৯৯
২৬)	ডেস্কটপ, ল্যাপটপ কম্পিউটার, ইউপিএস, (ব্রান্ড/ক্লোন), ইউপিএস, কম্পিউটার টেবির ও অন্যান্য এক্সেসরিজ	সেট	২৫ সেট	২৫.০০	২৫ সেট (১০০%)	২৩.৮৫ (৯৫.৪০%)

ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ নং	১	২	৩	৪	৫	৬
২৭)	অফিস সরঞ্জাম ক্রয় (৬৮১৯) (ফটোকপি -৮ টি, ফ্যাক্স -৬ টি, স্ক্যানার এ ৩ সাইজ - ৫ টি, স্পাইরাল বাইন্ডিং মেশিন - ৬ টি, ক্যালকুলেটার- ৬টি, গ্যাস্টেটনার- ৪টি, প্লটার-৬টি, রঙ্গিন ও সাদা-কালো প্রিন্টার-৬টি, আইপিএস -৫ টি, এয়ার কন্ডিশনার -২ টি।	থোক	থোক	১৮.০০	থোক (১০০%)	১৮.০০ (১০০%)
২৮)	আসবাবপত্র	থোক	থোক	১০.০০	থোক	৯.৭১
২৯)	বাধেঁর ক্ষয়রোধের জন্য গাছ লাগানো	কি:মি:	২ কি:মি:	২০.০০	২ কি:মি: (১০০%)	২০.০০ (১০০%)
৩০)	ভূমি অধিগ্রহন ও অন্যান্য ক্ষতিপূরণ	হেক্টর	৯৫ হেক্টর	৩০৬১.০০	৮৯.৩৮ (৯৪.০৮%)	৩০৬১.০০ (১০০%)
	নির্মাণ ও পূর্ত					
৩১)	বাধঁ নির্মাণ (With vegetative cover over slope)	কি: মি:	৫১৪.২৪ (নতুন ৩৫.৪৩ কিঃ মিঃ মেরামত ৪৭৮.৮১ কিঃমিঃ)	১৯৭৫৭.৪৪	৫১৩.০৪ (নতুন ৩৪.২৩ কিঃমিঃ মেরামত ৪৭৮.৮১ কিঃমিঃ) (৯৯.৭৬%)	১৪৪০৭.৭৭ (৭২.৯২%)
৩২)	পানি নিয়ন্ত্রন অবকাঠামো	সংখ্যা	৩৬৫ টি (নতুন ১৭৪ টি	১২১৫৪.০৫	৩৫৮টি * (নতুন ১৬৭ টি	১১৯০৫.৫৭ (৯৭.৯৫%)
৩৩)	নদী তীর সংরক্ষণ কাজ	কি: মি:	১৯.৭৭	২৭৯০৮.৭৪	১৮.৪০৫ (৯৩.০৯%)	২৬৯৫৭.৬৪ (৯৬.৫৯%)
৩৪)	গাড়ী ক্রয়ের জন্য ট্যাক্স ও ভ্যাট	থোক		৬০.৪৯	থোক	৬০.৪৯
উপ-মোট মূলধন খাত (খ) =				**৬৩৪৭৩.৪**		**৫৬৮৭১.৬১**
সর্বমোট (ক+খ) =				**৭৫০৫০.০**	**(৯৮%)**	**৬৮১২২.৪২**

* **মন্তব্যঃ** নতুন ০৭ (সাত) টি অবকাঠামো ভূমি অধিগ্রহন জটিলতার জন্য সম্পন্ন করা যায় নি (৪১/৬বি তে ০১ টি নতুন ইনলেট, ৫৫/৩ তে চর কাজল এ ২ টি নতুন সুইচ ও ২ টি নতুন ইনলেট /বক্স আউটলেট, ৩৯/১ সি ভুলমারা নামক স্থানে একটি নতুন সুইচ ও ১টি ইনলেট/বক্স আউটলেট)।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** জমির মূল্য বৃদ্ধি ও ক্ষতিগ্রস্থ জনগণের পূর্ণবাসন সংক্রান্ত জটিলতার কারণে প্রকল্পের আওতায় ৫.৬২ হেক্টর জমি অধিগ্রহণ করা যায়নি। ফলে প্রকল্পভুক্ত ১.২০ কি:মি: বাধ নির্মাণ, ৭টি নতুন অবকাঠামো নির্মাণ এবং ১.৩৬৫ কি:মি: নদীর তীর সংরক্ষণ কাজ অসমাপ্ত রয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য বেশ কিছু স্থান সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভেগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- ঘুর্ণিঝড় সিডর এবং আইলাতে ক্ষতিগ্রস্ত পানি উন্নয়ন বোর্ডের ২৯টি ক্ষতিগ্রস্ত পোল্ডার এর পুনর্বাসনের মাধ্যমে উপকূলীয় ৩টি জেলার ১২টি উপজেলায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো পূর্বাবস্থায় পুনরুদ্ধার এবং উপ -প্রকল্পের কাঙ্খিত সুবিধা নিশ্চিত করণ; এবং

<u>সমীক্ষাঃ</u>

- উপকূলীয় বাঁধ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন , সমুদ্র উচ্চতা এবং বৈশ্বিক উষ্ণতা বিবেচনা করে অর্থনৈতিক গুরুত্বপূর্ণ উপ-প্রকল্প/পোল্ডারের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন;
- নদী তীর উন্নয়ন প্রোগ্রাম এর কারিগরী সমীক্ষা প্রণয়ন এবং টেন্ডার ডকুমেন্ট ও ডিপিপি প্রস্তুত;
- বাংলাদেশ নদীর তীর উন্নয়ন এবং সংরক্ষণ প্রকল্পের পরামর্শক সেবা (BRIC); ও
- গড়াই নদী রেষ্টোরেশন প্রকল্পের পরিবেশ এবং সামাজিক সমীক্ষার নিমিত্তে পরামর্শক সেবা প্রদান।

৯.২। প্রকল্পের পটভূমিঃ ২০০৭ সালের নভেম্বর মাসের ১৫ তারিখ ঘূর্ণিঝড় ''সিডর'' বাংলাদেশের উপকূলবর্তী এলাকায় প্রচন্ড শক্তিতে আঘাত হানে। ঘূর্ণিঝড়ে উপকূলবর্তী ৩০টি জেলা বিভিন্ন মাত্রায় ক্ষতিগ্রস্থ হয়। তন্মধ্যে পিরোজপুর , বরগুনা, পটুয়াখালী ও বাগেরহাট জেলা সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়। ঘূর্ণিঝড়ে প্রায় ৩২০০ মানুষ মারা যায় এবং ২২ ,২৪,৪৬২ টি পরিবার, ১,১২,৮৭৯ হেক্টর জমির ফসল সম্পূর্ণ এবং ১৩ ,৯৯,৯৯৯ হেক্টর ক্ষেতের ফসল আংশিক ক্ষতিগ্রস্থ হয়। এতে মোট ১২ ,৯৫,৩১৫ মেট্রিক টন ফসল ক্ষতিগ্রস্থ হয়। সিডরের ক্ষয়ক্ষতির পরিমান নিরুপনের নিমিত্ত বিশ্বব্যাংক ও অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার সমন্বয়ে যৌথ মিশন Joint Damage Loss and Needs Assessment (JDLNA) বিষয়ক একটি জরিপ পরিচালকনা করে। ক্ষয়ক্ষতি জরিপের ভিত্তিতে বিশ্বব্যাংক প্রয়োজনীয় ঋণ সহায়তা প্রদানের নিশ্চয়তা দেয়। উক্ত যৌথমিশন Joint Damage Loss and Needs Assessment (JDLNA) অনুসরণে এই প্রকল্প বাস্তবায়নের কাজ হাতে নেয়া হয়। পরবর্তীতে ২০০৯ সালের মে মাসে সংগঠিত ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো পুনর্বাসনের কাজ প্রকল্পে অর্ন্তভূক্ত হয়। প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ১৮০৬৪.৯০ লক্ষ টাকা এবং সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৭৫০৫০.০০ লক্ষ টাকা (জিওবি অনুদান ১০৭.৫১ লক্ষ) টাকা, বিশ্বব্যাংকের প্রকল্প ঋণ সহায়তা ৭৪৯৪২.৪৯ লক্ষ টাকা।

১০। **প্রকল্পের অনুমোদনঃ**

	মেয়াদ	ব্যয় (জিওবি)	হ্রাস/ বৃদ্ধি	অনুমদোনের তারিখ
মূল:	আগষ্ট, ২০০৮ হতে জুন, ২০১৩	১৮০৬৪.৯০ (০.০০)	-	২৩ অক্টোবর, ২০০৮
১ম সংশোধিত:	আগষ্ট, ২০০৮ হতে জুন, ২০১৪	৩৩৯২৩.৪০ (০.০০)	১৫৮৫৮.৫০ (০.০০)	২৩ আগস্ট, ২০১১
প্রকল্পের ১ম আন্তঃ খাত সমন্বয়:	আগষ্ট, ২০০৮ হতে জুন, ২০১৪	৩৩৯২৩.৪০ (০.০০)	১৫৮৫৮.৫০ (০.০০)	৭ আগস্ট, ২০১২
২য় সংশোধিত:	আগষ্ট, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৭	৭০৩১০.০০ (০.০০)	৩৬৩৮৬.৬০ (০.০০)	৩ জুন, ২০১৪
৩য় সংশোধিত:	আগষ্ট, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৭	৭৫০৫০.০০ (১০৭.৫১)	৪৭৪০.০০ (১০৭.৫১)	৩১ মে, ২০১৬
প্রকল্প ব্যয় বৃদ্ধির ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি :	আগষ্ট, ২০০৮ হতে জুন, ২০১৮	৭৫০৫০.০০ (১০৭.৫১)	৪৭৪০.০০ (১০৭.৫১)	৭ মার্চ, ২০১৮

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** প্রকল্পটি ৩টি জেলার ১২টি উপজেলায় বাস্তবায়িত হয়েছে। গত ৬ ও ৭ এপ্রিল/২০১৯ তারিখ আইএমইডি এর পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী জনাব মোঃ হাবিবুর রহমানসহ সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।








চিত্র: ১-৪: মূল্যায়নের জন্য প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের খন্ড চিত্র।

১২। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- পরামর্শক সেবা;
- জরীপ ও অনুসন্ধান কাজ
- ৯৫ হেক্টর ভূমি অধিগ্রহন ও অন্যান্য ক্ষতিপূরণ;
- ৫১৪.২৪ কি:মি: বাধঁ নির্মাণ ও মেরামত কাজ (নতুন ৩৫.৪৩ কি:মি: এবং মেরামত ৪৭৮.৮১ কি:মি:) ;
- ৩৬৫টি পানি নিয়ন্ত্রন অবকাঠামো নির্মাণ ও মেরামত কাজ (নতুন ১৭৪টি এবং মেরামত ১৯১টি) ;
- ১৯.৭৭ কি:মি: নদী তীর সংরক্ষণ কাজ ;
- ২ কি:মি: বাধেঁর ক্ষয়রোধের জন্য গাছ লাগানো;
- ৬টি জীপ গাড়ী ক্রয়;
- ২৫টি মোটর সাইকেল ক্রয়;
- জলযান ও আনুষাঙ্গিক এক্সেসরিজ এবং প্রকৌশল সরঞ্জাম ক্রয়;
- অফিস সরঞ্জাম, ডেস্কটপ, ল্যাপটপ কম্পিউটার এবং আসবাবপত্র ক্রয়, ইত্যাদি।

১৩। প্রকল্পের বাস্তবায়নোত্তর কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। প্রকল্পটির আওতায় পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার পোল্ডার নং-৫৫/৩ এর চরকাদল ও চরবিশ্বস এলাকায় প্যাকেজ-১৯ এর আওতায় বাস্তবায়িত বাঁধ মেরামত/নির্মাণ, নদীর তীর সংরক্ষণ এবং স্লুইস গেট/রেগুলেটর নির্মাণ কাজ পরিদর্শন কালে দেখা যায় বাস্তবায়িত কাজগুলো এখনো ভালো আছে। তবে বেশ কয়েকটি রেগুলেটরেরর গেইট কাজ করছে না মর্মে জানা যায়।

১৩.২। পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার পোল্ডার নং-৫৫/২ডি-এর হাজির হাট এলাকায় বাস্তবায়িত বাঁধ নির্মাণ/মেরামত কাজ ভালো অবস্থায় আছে দেখা গেল। আওলিয়াপুর এলাকার ১টি ১ ভেন্ট রেগুলেটরটি ভালো অবস্থায় রয়েছে। বাঁধের কোন কোন জায়গায় রেইনকাট হয়ে ক্ষতিগ্রস্থ হওয়ার বিয়ষটিও দৃষ্টিগোচর হয়েছে।

১৩.৩। পোল্ডার নং-৫৫/৩ এর বাঁধ/মেরামতকৃত বাঁধের ডালে বনবিভাগ কর্তৃক ২০১৭ ফলে বিভিন্ন প্রজাতির বনজ গাছ লাগনো হয়েছে। তবে ফলদ এবং ওষধি গাছ দৃষ্টিগোচর হয়নি।

১৩.৪। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ৪৭/৪ নং পোল্ডারটি উপজেলার ৪টি ইউনিয়নকে ক্ষতির হাত থেকে সুরক্ষা দিচ্ছে। এই পোল্ডারের মিঠাগঞ্জ-জয়বাংলা বাজার এলাকার সোনাতলা নদীর ২০০ মিটার তীর প্রতিরক্ষা কাজ ২০১২-২০১৩ সালে হার্ডরক দ্বারা বাস্তবায়ন করা হয়েছে। তীর প্রতিরক্ষা কাজের বাস্তবায়িত কাজটুকু ভালো রয়েছে। কিন্তু

তীর প্রতিরক্ষা কাজের উজান ও ভাটিতে ভাঙ্গন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে। নির্মিত বাঁধ/মেরামতকৃত বাঁধ রেইনকাট হয়ে বিভিন্ন পয়েন্টে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই পোল্ডারের ১৯ কি:মি: এলাকায় টাফিং ভালো অবস্থায় আছে দেখা যায়।

১৩.৫। কলাপাড়া উপজেলার ৪৪/পি নং পোল্ডারের ৭ কি:মি: এর বাঁধ নির্মাণ ও মেরামত কাজ ভালো অবস্থায় আছে দেখা গেল। এই পোল্ডারে মিঠাগঞ্জ এলাকায় সাপুরিয়া খাল সংলগ্ন একটি ২-ভেন্ট রেগুলেটর (কবিরা স্লুইস) নতুন নির্মাণ করা হয়েছে। রেগুলেটরের চাবি স্থানীয় একজনের কাছে রাখা আছে মর্মে জানা যায়।

১৩.৬। পোল্ডার ৪৪/পি এর ১৯.০১ কি:মি: বরগুনা জেলার তালতলী উপজেলার অধীন। পরিদর্শনকালে দেখা যায় এই পোল্ডাররের বাস্তবায়িত কাজ ভালো অবস্থায় রয়েছে। এই পোল্ডারের ৫টি স্লুইস নির্মাণ করা হয়েছে। স্লুইসগুলি ভালো অবস্থায় রয়েছে।

১৩.৭। প্রকল্পের আওতায় বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট বগী বাজার সংলগ্ন এলাকায় পায়রা নদীতে ১১৭৫ মিটার তীর প্রতিরক্ষা কাজ জুন/২০১৮-তে সমাপ্ত হয়েছে। এছাড়া তীর প্রতিরক্ষা কাজের ভাটিতে মাঠ পর্যায়ের বাস্তবতার নিরিখে ১.০০ কি:মি: মাটির বাঁধ নির্মাণ করা হয়েছে। বাস্তবায়িত তীর প্রতিরক্ষা কাজ এবং নির্মিত মাটির বাঁধ ভালো অবস্থায় রয়েছে। কিন্তু প্রতিরক্ষা কাজের উজানে ও ভাটিতে ভাঙ্গন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে। এলাকার লোকজন ভাংগন প্রতিরোধের দাবী জানিয়েছেন।

১৩.৮। পোল্ডার ৪৪/বি এর দৈর্ঘ্য ৮১.৫৬ কি:মি:। তন্মধ্যে ২০ কি:মি: পটুয়াখালী জেলার এবং অবশিষ্ট ৬১.৫৬ কি:মি: বরগুনা জেলায়। কাজ বাস্তবায়নের ফলে পোল্ডারটি এখনো ভালো অবস্থায় রয়েছে।

১৩.৯। বরগুনা জেলার আমতলী উপজেলায় পোল্ডার নং-৪৩/১-এর ৮১ কি:মি: এর মধ্যে ২৫ কি:মি: বাঁধ এই প্রকল্পের আওতায় মেরামত করা হয়েছে। শুবন্ধী এলাকায় একটি ২-ভেন্ট রেগুলেটর মেরামত করা হয়েছে। রেগুলেটরের চাবি স্থানীয় একটি কমিটির কাছে রাখা আছে মর্মে জানা যায়। বাঁধ এবং টাফিং ভালো অবস্থায় রয়েছে।

১৩.১০। বরগুনা সদর উপজেলার পোল্ডার নং-৪১/৬ বি এবং বামনা উপজেলায় পোল্ডার নং-৩৯/১ডি এর মেরামত/নির্মাণ কাজ ২০১৪ সালে বাস্তবায়ন করা হয়েছে। কোন কোন জায়গায় সামান্য ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে দেখা গেলেও সম্পূর্ণ কাজ মোটামুটি ভালো রয়েছে। setback-এ বনবিভাগ গাছ লাগানোর ফলে একটি green belt তৈরী হয়েছে। ফলে ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি কমেছে।

১৩.১১। পোল্ডার নং-৩৯/১ এ বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় যার দৈর্ঘ্য ৫৮ কি:মি:। বিভিন্ন কারণে এই পোল্ডারের ৮০০ মিটার মেরামত কাজ সম্পন্ন করা যায় নাই। এই পোল্ডারে কোন অবকাঠামো নাই মর্মে জানা যায়। বাঁধের ঢালে বন বিভাগ গাছ লাগিয়েছে। কাজ মোটামুটি ভালো অবস্থায় আছে। যদিও কিছু অংশে ইটভাটার জন্য ভারী ট্রাক চলাচলে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে দেখা গেছে।

১৩.১২। পাথরঘাটা উপজেলার কালোমেঘা এলাকায় ১৮৮৩ মিটার তীর প্রতিরক্ষা কাজটি জুন/২০১৮ তে সমাপ্ত হয়েছে। বাস্তবায়িত কাজগুলো ভালো অবস্থায় আছে। কিন্তু প্রতিরক্ষা কাজের উজানে ভাঙ্গন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে। প্রতিরক্ষা কাজের সংলগ্ন ভাটিতে ১টি ৩-ভেন্ট রেগুলেটর মেরামত করা হয়েছে। মেরামতকৃত রেগুলেটরটি কার্যকর অবস্থায় আছে দেখা গেল।

১৩.১৩। বামনা উপজেলায় ৩৯/২এ নং পোল্ডারের বাস্তবায়িত কাজ পরিদর্শনকালে দেখা যায় বাঁধ নির্মাণ ও মেরামত কাজ ভালো আছে। কয়েক জায়গায় রেইনকাট সহ সামান্য কিছু মেরামত কাজ ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে দেখা গেছে।

১৩.১৪। জীপ গাড়ী, মাটর সাইকেল ও জলযান সংগ্রহঃ প্রকল্পের আওতায় মোট ৬টি জীপ গাড়ী ২টি স্পীড বোড এবং ২৫টি মটর সাইকেল ক্রয়পূর্বক সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত গাড়ী, স্পীড বোড ও মোটর সাইকেলগুলি পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যবহার করছেন। তার তথ্যাদি নিম্নরূপ:

যানবাহনের নাম	পরিমান	বর্তমান অবস্থা
জীপ	৬টি	১) তত্ত্বাঃ প্রকৌঃ , রিভার মরফলজি এন্ড রিসার্চ সার্কেল , মেট্রো-ঘ-১৩-২৭৮২ (সচল) । ২) প্রধান প্রকৌশলী, বরিশাল, গাড়ী নং-ঢাকা মেট্রো-ঘ-১৩-২৮৩৩ (সচল) । ৩) অতিরিক্ত মহা পরিচালক মেরামত এবং রক্ষনাবেক্ষণ -১ (বর্তমানে অতিঃ মহা পরিচালক পূর্ব রিজিয়ন) গাড়ী নং- ঢাকা মেট্রো-ঘ-১৩-২৮৩২ (সচল) ।
		৪) তত্ত্বাঃ প্রকৌঃ , গঙ্গাব্যারেজ সমীক্ষা এবং প্রকল্প সমন্বয়ক সিইআইপি ঢাকা। গাড়ী নং- মেট্রো-ঘ-১৩-৬৯৬৭ (সচল) । ৫) উপ-প্রকল্প পরিচালক , ইসিআরআরপি/পরিচালক পরিকল্পনা -২, গাড়ী নং - ঢাকা মেট্রো-ঘ-১৩-৬৯৬৬ (সচল) । ৬) নির্বাহী প্রকৌশলী পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ (বতমানে নির্বাহী প্রকৌশলী, পটুয়াখলী ও এন্ড এম বিভাগ) গাড়ী নং - ঢাকা মেট্রো-ঘ-১৩-৬৯৬৫ (সচল) ।
স্পিডবোট	২টি	১-পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ (অচল) । ১-বরগুনা মেরামত এবং রক্ষনাবেক্ষণ বিভাগ (অচল) ।
মোটর সাইকেল	২৫টি	১- পরিচালক কার্যক্রম, ঢাকা (অচল)। ৯- পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ (অচল)। ৩- পটুয়াখালী মেরামত এবং রক্ষনাবেক্ষণ বিভাগ (অচল)। ৪- পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ (সচল)। ৮- বরগুনা পানি উন্নয়ন বিভাগ (৪-সচল, ৪-অচল) ।

১৩.১৫। ভূমি অধিগ্রহণ ও অন্যান্য ক্ষতিপুরণঃ ডিপিপি'তে ৯৫ হেক্টর ভূমি অধিগ্রহণ সহ অন্যান্য ক্ষতিপূরণ বাবদ ৩০৬১.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। কিন্তু জমির মূল্য বৃদ্ধি সহ পুনর্বাসন জটিলতার কারণে ৫.৬২ হেক্টর জমি অধিগ্রহণ করা যায়নি। ৮৯.৩৮ হেক্টর জমি অধিগ্রহণ সহ ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কাজে মোট ৩০৬১.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে মর্মে জানা যায়।

১৩.১৬। **অন্যান্য সরঞ্জামাদি:** প্রকল্পের আওতায় ১৮টি ডেস্কটপ কম্পিউটার, ৯টি ল্যাপটপ ও ১০ ফটোকপিয়ার মেশিনসহ অন্যান্য ইলেকট্রনিক্স সরঞ্জামাদি ক্রয় পূর্বক সংগ্রহ করা হয়। সংগৃহীত সরঞ্জামাদির ব্যবহার সম্পর্কিত তথ্যাদি নিম্নরূপ:

সরঞ্জামাদির নাম	পরিমান	বর্তমান অবস্থা
ডেস্কটপ কম্পিউটার	১৮ টি	৩টি=ডিজাইন সার্কেল-২, ১টি=পরিচালক সিপিসি, ১টি=পটুয়াখলী, ১টি=ডিজি দপ্তর, ১টি= এডিজি পশ্চিম, ১টি=রিভার ব্যাংক, ১টি= ম্যাপিং সেল, ১টি=এফ এফ ডব্লিউ দপ্তর, ১টি =প্রকাশনা, ৩টি =নিলাম ও ৪টি =পিডি দপ্তর

সরঞ্জামাদির নাম	পরিমান	বর্তমান অবস্থা
ল্যাপটপ কম্পিউটার	৯টি	২টি=উপ-প্রকল্প পরিচালক সমীক্ষা, ১টি=প্রকল্প পরিচালক, ১টি=উপ - সহকারী প্রকৌশলী, ১টি= ম্যাপিং সেল, ১টি= সচিবালয় অর্থ, ও ৩টি= নিলাম
নোট প্যাড	১টি	পিডি ইসিআরআরপি
প্রিন্টার	১১টি	২টি= ডিজাইন সার্কেল-২; ২টি=পানি সম্পদ মন্ত্রণালয়, ২ টি=ডিজি দপ্তর, ১টি= রিভার ব্যাংক, ১টি= ম্যাপিং সেল, ২টি=নিলাম ও ১টি= পিডি দপ্তর
ফটোকপিয়ার মেশিন	১০টি	১টি=বরগুনা পওর বিভাগ, ১টি= তত্বাবধায়ক প্রকৌঃ বরিশাল, ১টি= পিডি দপ্তর, ১টি=সংসদিয় কমিটি, ১টি=পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, ১টি= পরিচালক পওর বিভাগ ঢাকা, ১টি= পরিচালক প্রোগ্রাম ঢাকা, ১টি=পিরোজপুর পওর বিভাগ, ১টি= পটুয়াখালী পানি উন্নয়ন ও ১টি= নিলাম
ফ্যাক্স মেশিন	৩টি	১টি=পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, ১টি=নিলাম, ১টি=পিডি দপ্তর
স্ক্যানার	৫টি	১টি=সিপিসি, ১টি=ডিপিডি -স্টাডি, ১টি= পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, ১টি= পিডি দপ্তর, ১টি= পানি সম্পদ মন্ত্রণালয়
জিপিএস	২টি	২টি= ঢাকা বিভাগ-২
এসি	২টি	২টি= পিপি দপ্তর
আইপিএস	৩টি	১টি= ম্যাপিং সেল ও ২টি= পিডি দপ্তর।
সার্ভে যন্ত্রপাতি টোটাল স্টেশন	৩টি	১টি= পিরোজপুর পওর বিভাগ, ১টি= পটুয়াখালী পওর বিভাগ ও ১টি - নিলাম
সার্ভে যন্ত্রপাতির (লেভেল যন্ত্রাংশ সহ টেপ)	৮টি	৩টি=বরগুনা পওর বিভাগ, ১টি= পিরোজপুর পওর বিভাগ, ১টি=পটুয়াখালী পওর বিভাগ ও ৩টি=পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ

১৪। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ প্রকল্পটির ৩য় সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয় ৭৫০৫০.০০ লক্ষ টাকার বিপরীতে আর্থিক অগ্রগতি ৬৮১২২.৪২ লক্ষ টাকা (৯০.৭৭%) এবং বাস্তব অগ্রগতি প্রায় ৯৮%।

১৫। প্রকল্পের জনবল নিয়োগ: সংস্থাপন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং সম/সওব্য/টিম-৪(২)-উঃ প্রঃ নিঃ/৪৭/৯৭-১৮৮, তারিখ ২৯-০৮-৯ এবং ডিপিপির সংস্থান মোতাবেক এবং প্রকল্প পরিচালক এর স্মারক নং- প্রঃপ্র/ ইসিআরআরপি/ নিয়োগ/২৯৩, তারিখঃ ১০-০৪-১৩ নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ০১ জন উর্দ্ধতন হিসাব সহকারী, ০৩ জন ডাটা এন্ট্রি অপারেটর, ০৩ জন গাড়ীচালক, ০৩ জন এম.এল.এস.এস এর জন্য Financial Express এবং সময়কাল পত্রিকায় গত ১২-০৪-১৩ খ্রিঃ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এখানে উল্লেখ্য যে ০১ জন উর্দ্ধতন হিসাব সহকারীর কোন আবেদন পত্র জমা পড়ে নাই এবং যোগ্য প্রার্থি না পাওয়ায় ০৩ জন ডাটা এন্ট্রি অপারেটর পরিবর্তীতে ২জন এবং মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থি না পাওয়ায় ৩ জন গাড়ীচালকের পরিবর্তে ০২ জন এবং মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থি না পাওয়ায় ৩ জন এম.এল.এস.এস এর পরিবর্তে ০২ জন এম.এল.এস.এস নিয়োগের জন্য সিলেকশন কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের আলোকে নিম্ন লিখিত কর্মচারীগণকে অস্থায়ী ভাবে প্রকল্পে নিয়োগ করা হয়:

ক্র: নং	কর্মচারীর নাম	পদবি	সময়কাল	
			যেগাদান	সর্বশেষ মেয়াদ
১.	জনাব গৌরাঙ্গ দাস লহিড়ী	ডাটা এন্ট্রি অপারেটর	০১-০৭-১৪	৩০-০৬-১৮
২.	মোঃ বিল্লাল হোসেন	ডাটা এন্ট্রি অপারেটর	১৪-০৭-১৪	৩০-০৬-১৪
৩.	সুমন ইসলাম ইমণ	গাড়ীচালক	০১-০৭-১৪	৩০-০৬-১৮
৪.	মোঃ জসীম উদ্দিন	গাড়ীচালক	০৭-০৭-১৪	২৯-১০-১৫
৫.	রমেশ চন্দ্র রবিদাস	এম. এল. এস. এস	১০-০৭-১৪	৩০-০৬-১৮
৬.	মোঃ জুয়েল হোসেন	এম. এল. এস. এস	১৩-০৭-১৪	৩০-৬-১৮

উল্লেখ্য, প্রকল্পটি সমাপ্ত হওয়ায় তাদের অস্থায়ী নিয়োগেরও অবসান হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে **(৩১-০৮-২০০৮** হতে**৩০-০৬-২০১৮** পর্যন্ত) মোট **৪ (চার) জন** পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে প্রকল্প পরিচালকদের তথ্য দেয়া হলো:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল	
				যেগাদান	বদলী
১.	মো: আব্দুল জলিল	তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পিডি	পূর্ণকালীন	১২-০২-০৯	৩০-১০-১০
২.	মো: আব্দুল জলিল	অতি: প্রধান প্রকৌশলী/ পিডি	,,	৩০-১০-১১	২১-১১-১০
৩.	মো: ইকবাল হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পিডি	,,	২১-১১-১০	০৯-০১-১৩
৪.	মো: সিরাজুল ইসলাম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পিডি	,,	০৯-০১-১৩	২৬-০১-১৫
৫.	মো: সিরাজুল ইসলাম	অতি: প্রধান প্রকৌশলী/ পিডি	,,	২৬-০১-১৫	৩১-০৫-১৫
৬.	মো: হাবিবুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পিডি	,,	৩১-০৫-১৫	৩০-১২-১৫
৭.	মো: হাবিবুর রহমান	অতি: প্রধান প্রকৌশলী/ পিডি	,,	৩০-১২-১৫	২২-১১-১৭
৮.	মো: হাবিবুর রহমান	প্রধান প্রকৌশলী/ পিডি	,,	২২-১১-১৭	৩০-০৬-১৮

১৭। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** ডিপিপি/আরডিপিপিভূক্ত পণ্যের (**Goods**)-২৩টি প্যাকেজ, মেরামত **(Service)**-৪২টি এবং কাজের **(Works)**-১২টি প্যাকেজের মাধ্যেমে বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, **NOA** এবং ওয়ার্ক অর্ডার প্রদানে বিধিমালা অনুসৃত হয়েছে। প্রক্রিয়মেন্ট সংক্রান্ত কিছু কাগজপত্র যাচাই করা হয়। প্রকল্প এর আওতায় কাজের **(Works)**-১২টি প্যাকেজের তথ্য নিম্নে দেয়া হলোঃ

(কোটি টাকা)

ক্র: নং	কাজের নাম ও প্যাকেজ নাম্বার	কাজের দৈর্ঘ্য/সংখ্যা	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
১	পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৪৭/৫ এবং ৫৫/৫৩বি এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং-	বাঁধ (নতুন) ১.৩০ কিঃ মিঃ বাঁধ (মেরামত) ১৬.৬০ কিঃ মিঃ পানি অবকাঠামো	১৪.৪১	১৪.৪১ (মূল) ১২.৯২ (সংশোধিত)	০৫-০৫-১২	৩১-০৩-১৩	১২.৯২	১০০ %

(কোটি টাকা)

ক্র: নং	কাজের নাম ও প্যাকেজ নাম্বার	কাজের দৈর্ঘ্য/সংখ্যা	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	ECRRP/ BWDB /W০১)	(নির্মাণ)-২ টি পানি অবকাঠামো (মেরামত)- ৩ টি নদীর তীর সংরক্ষণ কাজ -৯০ মিঃ						
২	বরগুনা জেলার পোল্ডার নাম্বার ৪১/৬বি এবং ৪১/৭বি এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W০২)	বাঁধ (নতুন) ৫৮.১২ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) – ১২ টি পানি অবকাঠামো (মেরামত)- ৫ টি	১২.৭৩	১২.৭২ (মূল) ১১.২৪ (সংশোধিত)	২৪-০৫-১২	৩০-০৪-১৩	৮.৬৫	৯০ %
৩	বরগুনা জেলার পোল্ডার নাম্বার ৩৯/২এ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W০৩)	বাঁধ (মেরামত) ১৪.৫০ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) - ১৭ টি পানি অবকাঠামো (মেরামত)- ৯ টি	৬.২৮	৬.২৭ (মূল) ৫.৬৭ (সংশোধিত)	০২-০৮-১২	৩০-০৬-১৩	৩.৯৯	৮৫ %
৪	পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৫৫/২সি, ৫৫/৪ এবং ৫৫/১ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W০৪)	বাঁধ (মেরামত) ৫০.৫৮ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) - ১ টি পানি অবকাঠামো (মেরামত)- ১০টি	১৮.৮১	১৮.৮০	০৮-০৬-১২	১৫-০২-১৩	১৮.৫০	১০০ %
৫	পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৪৬, ৫২/৫৩এ, ৫৪/এ এবং ৪৭/১ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/BW DB/W০৫)	বাঁধ (মেরামত) ৩১.৩৬ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ)- ৪ টি পানি অবকাঠামো (মেরামত)- ১০টি নদীর তীর সংরক্ষণ কাজ -৮০০ মিঃ	১৮.৭২	১৮.৭১ (মূল) ১৮.৬৭ (সংশোধিত)	২২-০১-১৩	১৫-০৪-১৩	১৮.১৬	১০০ %
৬	পটুয়াখালী জেলার	বাঁধ (মেরামত) ২৬.৪৫	২৩.৮	২৩.৮৪	২০-০২-	২০-০২-	২০.৫৪	১০০

(কোটি টাকা)

ক্র: নং	কাজের নাম ও প্যাকেজ নাম্বার	কাজের দৈর্ঘ্য/সংখ্যা	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	পোল্ডার নাম্বার ৪৪(পি), এবং ৪৭/৪ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W০৬)	কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) - ৯ টি পানি অবকাঠামো (মেরামত)- ১৮টি নদীর তীর সংরক্ষণ কাজ -৭০০ মিঃ	৪	(মূল) ২৩.৪৪ (সংশোধিত)	১৩	১৩		%
৭	বরগুনা জেলার পোল্ডার নাম্বার ৪২ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP /BWDB/W০৭)	পানি অবকাঠামো (নির্মাণ)- ৭ টি পানি অবকাঠামো (মেরামত)- ১১টি	৮.২২	৭.৮৯ (মূল) ৮.২২ (সংশোধিত)	১৮-০১-১৩	১৫-০৩-১৩	৮.১৭	১০০ %
৮	বরগুনা জেলার পোল্ডার নাম্বার ৩৯/১ডি এবং ৪০/১ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W১০)	বাঁধ (মেরামত) ২৫.৮০ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) - ১৬ টি পানি অবকাঠামো (মেরামত)- ৬টি	১৭.৫২	১৪.৫১ (মূল) ৯.০৭ (সংশোধিত)	২৯-১০-১২	২৬-১২-১২	৮.২৩	১০০ %
৯	পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৫৫/২বি এবং ৫০/৫১ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/ BWDB/W১৪)	বাঁধ (নতুন) ২.৫৫ কিঃ মিঃ বাঁধ (মেরামত) ২৮.১৭ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ)- ১ টি পানি অবকাঠামো (মেরামত- ৫টি	১৪.১৯	১০.০৭	২০-০২-১৩	৩০-০৪-১৩	৯.৬৭	১০০ %
১০	বরগুনা ও পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৪১/৬বি, ৪১/৭বি, ৩৯/২এ এবং ৫২/৫৩বি এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/BW	বাঁধ (মেরামত) ৩৫.১৮ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) – ৫টি পানি অবকাঠামো (মেরামত)- ১৫টি ইনলেট (নির্মাণ) – ২০ টি	১০৩.১৬	৬৯.৪৮ (মূল) ১০৩.১৬ (সংশোধিত)	২৬-০৮-১৫	৩০-০৬-১৮	১০১.২৩	৯৮ %

(কোটি টাকা)

ক্র: নং	কাজের নাম ও প্যাকেজ নাম্বার	কাজের দৈর্ঘ্য/সংখ্যা	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান	মন্তব্য
	DB /W১৮)	ইনলেট (মেরামত) – ১৩ টি নদীর তীর সংরক্ষণ কাজ -৫৯৮০ মিঃ						
১১	বরগুনা ও পটুয়াখালী জেলার পোল্ডার নাম্বার ৪৪(বি), ৪১/৪, ৪১/৫, ৫৫/২ ডি, ৪৫, ৪৩/১, এবং ৫৫/৩ এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/BW DB/W১৯)	বাঁধ (মেরামত) - ১৩৯.২৮ কিঃ মিঃ বাঁধ (নতুন) ২৬.০৮ কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) – ৫৬টি পানি অবকাঠামো (মেরামত)- ৪৭টি নদীর তীর সংরক্ষণ কাজ -৬২৮৫মিঃ	২৩৯.১১	২৩৯.১১	০২-০৯-১৬	৩০-০৬-১৮	২১৩.৭৯	৯৬ %
১২	বরগুনা ও পিরোজপুর জেলার পোল্ডার নাম্বার ৩৯/১এ, ৩৯/১বি এবং ৩৯/১ সি এর পুর্ন:বাসন কাজ (প্যাকেজ নং- ECRRP/BW DB/W২০)	বাঁধ (মেরামত) – ৩৬.৩১ কিঃ মিঃ বাঁধ (নতুন)- ৫.৫০কিঃ মিঃ পানি অবকাঠামো (নির্মাণ) – ৪টি পানি অবকাঠামো (মেরামত)- ২৪টি ইনলেট (নির্মাণ) – ১৭ টি ইনলেট (মেরামত) – ৩২ টি নদীর তীর সংরক্ষণ কাজ -৫৯১০ মিঃ	১৪৫.৭৫	১৩২.৩৯	৩০-০৯-১৭	৩০-০৬-১৮	১০৯.৯৪	৯৫ %

১৮। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** প্রকল্পটি পরিদর্শনের সময় স্থানীয় জনগণের সাথে আলাপকালে জানা যায় প্রকল্পটি বাস্তবায়নের ফলে তারা খুবই উপকৃত হয়েছে। সংশ্লিষ্ট এলাকার ভাঙ্গন রোধ হয়েছে। এলাকার জনগণের বসতবাড়ীসহ স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষা পাওয়ায় তাদের মধ্যে নিরাপত্তা বোধ ফিরে এসেছে বিধায় তারা সন্তোষ্টি প্রকাশ করেছেন। শস্যের নিবীড়তা ও বহুমুখিতা বৃদ্ধি পেয়েছে মর্মেও জনগণ জানান। প্রকল্পটি একটি জনবান্ধব কর্মউদ্যোগ হিসেবে জনগণের স্বীকৃতি লাভ করেছে।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
সিডর সাইক্লোন ১৫ নভেম্বর /২০০৭ এবং আইলা সাইক্লোন ২৫ মে/২০০৯ এর আঘাতে উপকুলীয় ৩টি জেলায় ১২টি উপজেলার বাপাউবো 'র আওতায় ২৯টি ক্ষতিগ্রস্ত পোল্ডার এবং বিভিন্ন অবকাঠামো পূর্ণবাসন কাজ বাস্তবায়নের মাধ্যমে পূর্বাবস্থায় পুনরুদ্ধার করে উপ-প্রকল্পের সুবিধা নিশ্চিত করণ	উপকুলীয় ৩টি জেলায় ১২ টি উপজেলার ২৯টি পোল্ডারের ৩৪.২৩ কি:মি: নতুন বাঁধ নির্মাণ করা হয়েছে। ৪৭৮.৮১ কি:মি: বাঁধ মেরামত করা হয়েছে, নতুন ১৬৭টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ করা হয়েছে, ১৯১টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো মেরামত করা হয়েছে এবং ১৮.৪০৫ কি:মি: তীর সংরক্ষণ কাজ করা হয়েছে।
৪টি পৃথক সমীক্ষাঃ ক) উপকূলীয় বাঁধ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন , সমুদ্র উচ্চতা এবং বৈশ্বিক উষ্ণতা বিবেচনা করে অর্থনৈতিক গুরুত্বপূর্ণ উপ -প্রকল্প/পোল্ডারের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে সমীক্ষা ।	উপকূলীয় বাঁধ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, সমুদ্র উচ্চতা এবং বৈশ্বিক উষ্ণতা বিবেচনা করে অর্থনৈতিক গুরুত্বপূর্ণ উপ -প্রকল্প/পোল্ডারের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে CES (India) Pvt. Ltd পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সমীক্ষা সম্পন্ন হয়। উক্ত সমীক্ষার আলোকে ৪০০ মিলিয়ন ইউএসডি (৩২৮০০০.০০ লক্ষ) টাকার সিইআইপি ফেজ-১ নামে একটি বিনিয়োগ প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে । প্রকল্পটি বর্তমানে চলমান আছে।
খ) নদী তীর উন্নয়ন প্রোগ্রাম এর কারিগরী সমীক্ষা প্রণয়ন এবং টেন্ডার ডকুমেন্ট ও ডিপিপি প্রস্তুত ।	Joint Venture (JV) of Fichtner GmbH & Co KG (Germany) and North West Hydraulic Consultants Ltd. (Canda) কর্তৃক নদী তীর উন্নয়ন প্রোগ্রাম এর কারিগরী সমীক্ষা সম্পন্ন হয়। উক্ত সমীক্ষার আলোকে ৬৫০ মিলিয়ন ইউএসডি (৫২০০০০.০০ লক্ষ) টাকার আরএমআইপি-১ প্রথম পর্যায় প্রকল্পটি ২৯ অক্টোবর /২০১৫ একনেকে উপস্থাপন করা হয় । একনেক উক্ত প্রকল্পটির ড্রেজিং এর টাকা বৃদ্ধি করে পরামর্শক এর টাকা কমিয়ে পুনরায় একনেকে উপস্থাপনের জন্য পরামর্শ দেয়া হয় । সে অনুযায়ী প্রকল্পটি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে দাখিল করা হয়। পরিকল্পনা কমিশনে উক্ত পুর্নগঠিত ডিপিপির উপর পুনরায় পিইসির সভাও অনুষ্ঠিত হয়েছে।
গ) বাংলাদেশ নদীর তীর উন্নয়ন এবং সংরক্ষণ প্রকল্পের পরামর্শক সেবা (BRIC)।	"Modernization and integration of Hydrological Monitoring Network of Bangladesh and Environmental & Social Impact Assesment on Gorai River Restoration" শীর্ষক কারিগরি প্রকল্পটি মাননীয় পরিকল্পনামন্ত্রী কর্তৃক ২৯ -১২-২০১০ তারিখে অনুমোদিত হয়েছে (সূত্র: পরিকল্পনা কমিশিন কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ , সেচ উইং স্মারক নং - ২০.৩৫৮.০১৪.০১.০৫.৫০৭.২০১০.২৩৪, তারিখ ৩০-১২-২০১০ খ্রিঃ)। পানি সম্পদ মন্ত্রণালয় হইতে
ঘ) গড়াই নদী রেষ্টোরেশন প্রকল্পের পরিবেশ এবং সামাজিক সমীক্ষার নিমিত্তে পরামর্শক সেবা প্রদান।	

পরিকল্পিত	অর্জিত
	প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে (সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয় স্মারক নং - ৪২.০৪০.০১৪.০১.০০.০১১.২০১০-১৬, তারিখ ১২ -০১-২০১১ খ্রিঃ) প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ডিসেম্বর, ২০১০ থেকে নভেম্বর, ২০১১ পর্যন্ত নিধারিত ছিল। দাতা সংস্থা বিশ্বব্যাংকের মতামত গ্রহণ করে পরামশক নিয়োগে বিলম্ব হওয়ায় প্রকল্পটির কাজ শুরু করতে দেরি হয়। পরবর্তীতে পরামর্শক নিয়োগ চুড়ান্ত করে বিশ্বব্যাংক ও বাপাউবোর মাঝে অনুষ্ঠিত আলোচনায় ঐক্যমতের ভিত্তিতে জুন ২০১২ এ প্রকল্প সমীক্ষা কাজ সম্পন্ন করা হয়। BRIC Program এর বাস্তবায়নের জন্য ECRRP প্রকল্পের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ECRRP's Sub-component D২: Preparation of River Bank and coastal Embankment Improvement Program এ অর্ন্তভূক্ত করা হয়। ইআরডি বিশ্বব্যাংকের এ প্রস্তাব গ্রহন করে। বিশ্বব্যাংক ECRRP প্রকল্পের মাধ্যমে Assignment Overall এবং Assignment C সম্পন্ন করে ড্রাফট ফাইনাল রির্পোট দাখিল করেছে।

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** : প্রকল্পের আওতায় প্রায় সবটুকু কাজই বাস্তবায়নের ফলে প্রকল্পভূক্ত এলাকা দূর্যোগের ক্ষতি থেকে রক্ষা পেয়েছে। তাই প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২১। সাধারণ পর্যবেক্ষণঃ

২১.১। নতুন নির্মিত এবং মেরামতকৃত বাঁধের বিভিন্ন জায়গায় কিছু রেইনকাটসহ ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি দৃষ্টিগোচর হলেও বেশিরভাগ জায়গা ভালো রয়েছে।

২১.২। যেখানেই তীর প্রতিরক্ষা কাজ করা হয়েছে তার উজানে বা ভাটিতে বা উভয় জায়গাতেই ভাঙ্গন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে।

২১.৩। মাত্র ২টি পোল্ডারের (পোল্ডার নং-৩৯/১বি এবং ৩৯/১সি) কিছু অংশের বাস্তবায়নযোগ্য অর্থাৎ ১.২০ কি:মি: বাঁধ নির্মাণ কাজ ভূমি অধিগ্রহণ জটিলতার জন্য করা সম্ভব হয়নি। অন্য ২৭টি পোল্ডারের প্রয়োজনীয় কাজটুকু করা সম্ভব হয়েছে।

২১.৪। প্রকল্পভূক্ত ২৯টি পোল্ডারের মধ্যে ১৫টি পোল্ডারের প্রয়োজনীয় কাজ ২০১৪ সালের মধ্যে সমাপ্ত হয় এবং ১৪টি পোল্ডারের কাজ সহ প্রকল্পভূক্ত সকল পোল্ডারের বাস্তবায়িত কাজের প্রয়োজনীয় মেরামত কাজ জুন/২০১৮ তে সম্পন্ন করা হয়েছে।

২১.৫। মাঠ পর্যায়ের বাস্তবতার কারণে এবং প্রকল্প মেয়াদে উপকুলীয় আবহাওয়া জনিত (মহাসেন-২০১০, মোরা-২০১৭) বিভিন্ন প্রেক্ষাপটে বাস্তবায়িতব্য পোল্ডারের কিছু অংশে উচ্চ জোয়ারের করণে বিলুপ্ত/ক্ষতিগ্রস্ত হয়ে যাওয়ায় পোল্ডারের নতুন এলাইনমেন্ট ঠিক করতে হয়েছে। ফলে প্রকল্পের মেয়াদ ও খরচ উভয়েই বৃদ্ধি পেয়েছে।

২১.৬। কয়েকটি পোল্ডারের **setback** এ গাছ লাগিয়ে **green belt** তৈরী করায় পোল্ডারসহ বাঁধগুলি ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুকি কমেছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২১.৭। বিশ্ব ব্যাংকের প্রকল্প ত্রাণ সহায়তা কর্মসূচির আওতায় প্রকল্পের কাজ চলাকালে মনিটরিং এবং মূল্যায়নের জন্য প্রকল্পের মধ্যেই কনসালটেন্ট নিয়োগের বিধান রাখা হয়েছিল।

২১.৮। **ECRRP** (বাপাউবো অংশ) এর প্রকল্প ব্যবস্থাপনা, পুর্নবাসন কাজের ডিজাইন প্রণয়ন ও তদারকির নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োজিত করা হয়েছিল। পরামর্শক কার্য্য ও পণ্য ক্রয়ে সহায়তা, সকল কাজের **ToR** প্রণয়ন, দরপত্র ডকুমেন্ট প্রস্তুত এবং চুক্তি ব্যবস্থাপনা সহ অন্যান্য কাজে প্রকল্প পরিচালককে সহায়তা করেছে। প্রকল্প পরিচালকের সাথে আলোচনাকালে জানা যায় চুক্তি সংশোধন বা চুক্তির মেয়াদ বৃদ্ধি ইত্যাদি চুক্তি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়াদি প্রকল্প ব্যবস্থাপনা পরামর্শক যাচাই-বাছাই করে বাপাউবোর নিকট/প্রকল্প পরিচালকের নিকট সুপারিশ করে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প ব্যবস্থাপনার কাজ এবং পুনর্বাসনের কাজের ডিজাইন প্রণয়ন ও তদারকির সাথে অনেকক্ষেত্রে সংঘর্ষিক হিসেবে দেখা দিয়েছে মর্মে জানা যায়।

২১.৯। চুক্তিতে পরামর্শক প্রতিষ্ঠানের দলনেতাকে 'ইঞ্জিনিয়ার' হিসেবে মনোনীত করা হয়েছে। দরপত্রের চুক্তিতে ইঞ্জিনিয়ারকে নতুন বা ভেরিয়েশন আইটেমের দর নির্ধারণ, শর্তাধীনে ভেরিয়েশন অর্ডার অনুমোদন, নকশা অনুমোদন ইত্যাদির ক্ষমতা প্রদান করা হয়েছিল। বিষয়গুলো ক্রয়কারী কর্তৃপক্ষের স্বার্থ সংশ্লিষ্ট বিধায় ইঞ্জিনিয়ার ক্রয়কারীর মধ্যে হতে মনোনীত হওয়া উচিৎ বলে প্রতীয়মান হয়েছে। অন্যথায় ক্রয়কারীর স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশংকা থেকে যেতে পারে।

২১.১০। প্রকল্পটি বিস্তীন এলাকায় বাস্তবায়িত হয়েছে। বেশ কয়েকটি পোল্ডার দূর্গম এলাকায় হওয়া এবং সময়ের সীমাবদ্ধতার কারণে প্রকল্পভূক্ত সকল পোল্ডারের সকল অংশের কাজের অবস্থা দেখা সম্ভব হয়নি।

২১.১১। ২০১৭-১৮ অর্থবছর ব্যতীত প্রকল্পের আওতাভূক্ত সকল অর্থ বছরের অর্ডিট সম্পন্ন হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান এবং কোন অডিট আপত্তি অনিষ্পন্ন নাই মর্মে প্রকল্প পরিচালক দাবী করেন।

২২। বাস্তবায়ন সমস্যাঃ

২২.১। ভূমি অধিগ্রহণ জটিলতা এবং উপকুলীয় আবহাওয়াগত বিরুপ পরিস্থিতির কারণে প্রকল্প বাস্তবায়ন মন্থর হয়েছে এবং বিলম্ব হয়েছে। ফলশ্রুতিতে প্রকল্পটির মেয়াদ ও ব্যয় বৃদ্ধি পেয়েছে।

২২.২। প্রকল্প ব্যবস্থাপনা পরামর্শক একই পরামর্শক প্রতিষ্ঠান থেকে হওয়ায় কাজ বাস্তবায়নে অনেক ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়েছে মর্মে জানা যায়।

২২.৩। পরামর্শক প্রতিষ্ঠানের দলনেতাকে 'ইঞ্জিনিয়ার' হিসেবে মনোনীত করায় এবং নতুন বা ভেরিয়েশন আইটেমের দর নির্ধারণ ও অনুমোদনের ক্ষমতা প্রদান করায় অনেক ক্ষেত্রে ক্রয়কারী কর্তৃপক্ষের স্বার্থ বিরোধী হয়েছে মর্মে জানা যায়।

২৩। সুপারিশ/মতামতঃ

২৩.১। বাস্তবায়িত তীর প্রতিরক্ষা কাজের উজানে ও ভাটিতে ভাংগন প্রবণতা রোধ করতে অন্তত: ১ (এক) কি:মি: করে ব্লক ডাম্পিং বা অন্য কোন উপযুক্ত পদ্ধতি/উপায় বের করার বিষটি বাপাউবো'র ডিজাইন শাখাকে বিবেচনায় নিতে হবে (অনুচ্ছেদ: ১৩.৪, ১৩.৭ ও ২১.২,);

২৩.২। পোল্ডারের setback -এ উপযুক্ত প্রজাতির গাছ লাগিয়ে green belt তৈরীর বিষয়টি ভবিষ্যৎ-এ সক্রিয়ভাবে বিবেচনায় রাখা যেতে পারে (অনুচ্ছেদ: ১৩.১০ ও ২১.৬);

২৩.৩। প্রকল্পের ভূমি অধিগ্রহন জটিলতার জন্য প্রকল্প বাস্তবায়ন বিলম্ব হয় ফলে প্রকল্পের সম্ভব্যতা যাচাই কালে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করা গেলে প্রকল্পের অনাকাঙ্খিত বিলম্ব হ্রাস করা যাবে এবং প্রকল্প বাস্তবায়ন সহজ হবে (অনুচ্ছেদ: ১৩.১৫);

২৩.৪। উপকূলী এলাকায় ৩/৪ বৎসর মেয়াদী প্রকল্প বাস্তবায়নে প্রকল্প চলাকালীন মেরামত এবং রক্ষনাবেক্ষণ কাজের বরাদ্দ থাকা প্রয়োজন। প্রকল্প চলাকালীন প্রাকৃতিক দূর্যোগ যেমন -বৃষ্টি, সাইক্লোন, বন্যা, ইত্যাদির ফলে রুটিন মেরামতের জন্য বরাদ্দ রাখার বিষয়টি বিবেচনার দাবী রাখে;

২৩.৫। প্রকল্পের আওতায় সংগৃহীত মোটর যান/জলযান এবং সরঞ্জামাদি টিওএন্ডই/রেজিষ্টার ভূক্ত করে প্রাধিকার অনুযায়ী ব্যবহার নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ: ১৩.১৪ ও ১৩.১৬);

২৩.৬। মাঠ পর্যায়ে নিয়োগকর্তার (Employer's) জনবল দ্বারা প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। পরামর্শক প্রতিষ্ঠান কাজের গুনগত মান ও পরিমান যাচাই করতে পারে। ইহাতে পরামর্শক খাতে ব্যয় হ্রাস করা যাবে (অনুচ্ছেদ: ২১.৮ ও ২২.২);

২৩.৭। প্রকল্পের ইঞ্জিনিয়ার অবশ্যই নিয়োগকর্তার (Employer's) পক্ষ থেকে নিযুক্ত হতে হবে। ভবিষ্যতে নতুন প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহয়োগী সাথে আর্থিক চুক্তির সময় বিষয়টি বিবেচনায় নেয়া প্রয়োজন (অনুচ্ছেদ: ২১.৯ ও ২২.৩);

২৩.৮। Supervision Consultancy service এর ক্ষেত্রে Supervision এবং Project Management Support অবশ্যই পৃথক থাকা প্রয়োজন। এক্ষেত্রে Project Management Support পরামর্শক প্রকল্প পরিচালকের নিয়ন্ত্রনাধীন থাকা উচিত (অনুচ্ছেদ: ২১.৮ ও ২২.২);

২৩.৯। প্রকল্পটির উপর দ্রুত ২০১৮-১৮ অর্থ বছরের External Audit সম্পাদন করতে হবে (অনুচ্ছেদ:২১.১১); এবং

২৩.১০। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডিকে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

তিস্তা ব্যারেজ প্রকল্প (২য় পর্যায়) ১ম ইউনিট (৩য় সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন/২০১৮)

১। প্রকল্পের নাম : **তিস্তা ব্যারেজ প্রকল্প (২য় পর্যায়) ১ম ইউনিট (৩য় সংশোধিত)।**

২। প্রকল্পের অবস্থান : **৩টি জেলার ৮টি উপজেলায়**

(রংপুর জেলার বদরগঞ্জ, তারাগঞ্জ, মিঠাপুকুর উপজেলা। নীলফামারী জেলার সৈয়দপুর, কিশোরগঞ্জ উপজেলা এবং দিনাজপুর জেলার পাবর্তীপুর, ফুলবাড়ী, চিবির বন্দর)।

৩। বাস্তবায়নকারী সংস্থা : **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : **পানি সম্পদ মন্ত্রণালয়**

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৭২১.০০	৪১৩৩২.৫৭	৩৬০১৮.৪৬	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১০	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৮	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৮	১৫৮.৫২%	৩০০%

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরুপ:

(লক্ষ টাকায়)

ক্র: নং-	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
(ক)	**রাজস্ব ব্যয়:**					
১)	জরীপ ও অনুসন্ধান	-	থোক	৬৫.০০	১০০%	৬৪.৯৯
২)	গাণিতিক মডেল ষ্টাডি, গ্রাউন্ড ওয়াটার ষ্টাডি ও টপোগ্রাফিক সার্ভে	-	থোক	২৬০.০০	১০০%	২৪৫.৪৪
৩)	যানবাহনের জ্বালানী	-	থোক	৬০.০০	১০০%	৫৯.৮০
৪)	কনটিনজেন্সী	-	থোক	১৫০.০০	১০০%	১৪৯.৭৪
৫)	প্রশিক্ষণ ও প্রদর্শনী	-	থোক	৩.৫০	১০০%	৩.৫০
৬)	মধ্যবর্তী মুল্যায়ন ও সম্মানী	-	থোক	১৫.০০	১০০%	১১.৯৭
	উপ-মোট (রাজস্ব)=	**-**	**-**	**৫৫৩.৫০**	**-**	**৫৩৫.৪৪**
(খ)	**মুলধন ব্যয়:**					
৭)	কলকব্জা ও যন্ত্রপাতিঃ নির্মাণ যন্ত্রপাতি (ওয়েইং (Weighing)	-	থোক	২৬৩.২৭	১০০%	২৬৩.২৬

ক্র: নং-	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
	মেশিন এবং অফিস যন্ত্রপাতি সহ					
৮)	তিস্তা ব্যারেজ কন্ট্রোল সিষ্টেমের মাইক্রোপ্রসেস ভিত্তিক কম্পিউটরাইজড সিষ্টেম সহাপন		থোক	৬৩০.৭০	১০০%	৬১৪.০০
৯)	বনায়ন	-	থোক	২০.০০	১০০%	১৫.৩০
১০)	যানবাহনঃ মটর সাইকেল	সংখ্যা	১০ টি	১৩.০৫	১০ টি	১৩.০৫
১১)	জমি অধিগ্রহন	হেক্টর	২৬৬.৬৩	১৮৬১৬.০৯	২১৩.৩৮ হেঃ (৮০.০৩%)	১৮০৩৫.৯২
১২)	রেজিষ্টেশন ফিস ও অন্যান্য	-	থোক	১০০.০০	-	-
১৩)	বৈদ্যুতিক সঞ্চালন লাইন	কিমিঃ	৩৮.০০	৭০০.০০	৩৮.০০ কিমিঃ (১০০%)	৬৭৬.৭০
১৪)	টেলিকমিউনিকেশন, ভিপিএন, কম্পিউটার ইত্যাদি।	-	থোক	২৪.৮০	১০০%	২৪.৮০
১৫)	সেচখাল নির্মাণ ও খননঃ মেজর সেকেন্ডারী খাল	কিমিঃ	২৭.৯৩	২৫৬৯.০৪	২৭.৯৩ কিমিঃ (১০০%)	২৪৫৭.৩০
১৬)	সেকেন্ডারী খাল	কিমিঃ	২৭.৮৮	১৫৮৫.০০	১০.৩৮ কিমিঃ (৩৭.২৩%)	৬৫২.৮৬
১৭)	টারশিয়ারী খাল	কিমিঃ	৩১.০৩	১২৭৫.০০	৪.০৩ কিমিঃ (১২.৯৯%)	১৩১.২০
১৮)	**সেচ খালের অবকাঠামোঃ** মেজর হাইড্রোলিক ষ্ট্রাকচার		৩৬ টি	৭৫২৬.৫৮	৩৫ টি (৯৭.২২%)	৭৩৩৪.৮৭
১৯)	মাইনর হাইড্রোলিক ষ্ট্রাকচার	সংখ্যা	১১০ টি	১৫৭৪.৫০	২৩ টি (২০.৯১%)	৩২৩.১৮
২০)	রেলওয়ে ক্রসিং ষ্ট্রাকচার	সংখ্যা	১ টি	৯৭৯.২০	১ টি (১০০%)	৯৭৯.২০
২১)	**ব্রীজ/কালভার্টঃ** ব্রীজ	সংখ্যা	১৯ টি	২১৭৪.০৪	১৯ টি (১০০%)	২০৩৯.৪২
২২)	কালভাট	সংখ্যা	৮৮ টি	৮৮৭.০০	২৯টি (৩২.৯৫%)	৩০৭.৭৫
২৩)	টার্ন-আউট	সংখ্যা	১০০ টি	৬০.০০	৪০ টি (৪০%)	১৭.৫১
২৪)	আনুসাংগিক কাজঃ	-	থোক	২২০.০০	থোক	১৭৭.৭৩

ক্র: নং-	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
২৫)	পরিদর্শন রাস্তা	কিমিঃ	৪৯.৫০	১৩৯০.৮০	৪৬.৩০ (৯৩.৫৪%)	১৩৬৫.২৫
২৬)	নির্মাণ কালীন পরিচালনা ও রক্ষনাবেক্ষণ।	-	থোক	৭০.০০	১০০%	৫৩.৭৯
	উপ-মোট (মুলধন)=			**৪০৬৭৯.০৭**	**-**	**৩৫৪৮৩.০২**
গ)	ফিজিক্যাল কনটিনেজন্সী (১% ক্যাপিট্যাল)	-	-	-	-	-
ঘ)	প্রাইস কনটিনেজন্সী	-	থোক	১০০.০০	-	-
	সর্বমোট = (ক+খ+গ+ঘ) =			**৪১৩৩২.৫৭**		**৩৬০১৮.৪৬ (৮৭.১৪%)**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পটি ৩ টি জেলার ৮ টি উপজেলার বিভিন্ন স্থানে বাস্তবায়িত হয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে সর্বশেষ অনুমোদিত আরডিপিপি-তে ২৬৬.৬৩ হেঃ জমি অধিগ্রহণের জন্য ১৮৬১৬.০৯ লক্ষ টাকার সংস্থান ছিল। জমি অধিগ্রহণ বাবদ ২১৩.৩৮ হেঃ জমির জন্য ব্যয় হয়েছে ১৮০৩৫.৯২ লক্ষ টাকা। সংস্থানকৃত অবশিষ্ট ৫৮০.১৭ লক্ষ টাকা দ্বারা অবশিষ্ট ৫৩.২৫ হেঃ জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি। জমির মুল্য অস্বাভাবিক বৃদ্ধি এবং অধিগ্রহন প্রক্রিয়ায় মামলা, জটিলতা ও সময় সাপেক্ষ ছিল। ফলে ১৫১টি প্যাকেজের মধ্যে (৬টি সেকেন্ডারী সেচখাল খননের ৬টি প্যাকেজ, ৯টি টারশিয়ারী সেচখাল খননের ৯টি প্যাকেজ, কালভার্ট নির্মাণের ১৯টি প্যাকেজ, সাইফুন নির্মাণের ২০টি প্যাকেজ ও টার্নআউট নির্মাণের ১টি প্যাকেজ) = মোট ৫৫টি প্যাকেজ দরপত্র আহবান করা হয়নি। এতদপ্রেক্ষিতে ৬টি সেকেন্ডারী সেচখাল ১৭.৪৬ কিঃমিঃ ও ৯টি টারশিয়ারী সেচখাল ২৭.০ কিঃমিঃ খনন ও নির্মান কাজ সম্ভব হয়নি। সেকেন্ডারী ও টারশিয়ারী সেচখালের পাশাপাশি ৮৭টি মাইনর হাইড্রোলিক স্ট্রাকচার (সাইফুন) ও ৫৯ টি কালভাট নির্মাণের কাজও সম্ভব হয়নি।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা ;
- প্রকল্পের PEC/ECNEC সভার কার্যবিবরণী পর্যালোচনা ;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের পিসিআর/বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য বেশ কিছু স্থান সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভেগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো প্রকল্প এলাকার প্রায় ২০,০০০ হেক্টর আবাদী জমিতে গ্রাভিটি পদ্ধতিতে সেচ সুবিধা প্রদানের মাধ্যমে শস্য/ধান উৎপাদন বৃদ্ধি করা। প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রতিবছর ধান উৎপাদন প্রায় ৭৭,৪৯৪ মে: টন ধান বৃদ্ধি পাবে। প্রকল্পের মুল কর্মসূচী অনুযায়ী প্রকল্প এলাকার বিদ্যমান সেচ ব্যবস্থাপনার উন্নয়নের মাধ্যমে সামগ্রিকভাবে প্রকল্পের পুর্ণাঙ্গ সুবিধাদি অর্জন করত: জাতীয় অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখা প্রকল্পটির সুদুর প্রসারী উদ্দেশ্য। এছাড়া গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন ও প্রাকৃতিক পরিবেশের উন্নয়নও প্রকল্পটির অন্যতম লক্ষ্যমাত্রা রূপে বিবেচিত।

৯.২। প্রকল্পের পটভূমিঃ উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় সেচের পানির অভাবে শস্যহানি একটি দীর্ঘদিনের সমস্যা। শুস্ক মৌসুম ছাড়াও প্রাক-বর্ষা ও বর্ষাত্তোরকালে এ অঞ্চলে খরার প্রাদুর্ভাব দেখা যায়। প্রকল্প এলাকায় সেচের পানির প্রাপ্যতাও খুব সীমিত। খরাজনিত কারণে ভূগর্ভসহ পানির প্রাপ্যতাও সীমিত। ফলে এলাকার খরিফ-২ মৌসুমের একমাত্র ফসল আমন ধান বিনস্ট হলে ফি-বছর এলাকার খাদ্যাভাব দেখা দেয় এবং ক্রমবর্ধমান বেকারত্বের কারণে সংশ্লিষ্ট এলাকাবাসির আর্থ সামাজিক অবস্থার অবনতি ঘটে। এ ভয়াবহ অবস্থা হতে উত্তোরণের জন্য ভূ-উপরিস্থ পানিকে সেচ কাজের ব্যবহারের উদ্দেশ্যে তিস্তা নদীতে একটি ব্যারেজ নির্মাণের পরিকল্পনাসহ মূল তিস্তা ব্যারেজের প্রকল্প পরিকল্পনা গৃহিত হয়। সমন্বিত তিস্তা ব্যারেজ প্রকল্পটি রংপুর, বগুড়া, দিনাজপুর, নীলফামারী ও জয়পুরহাট জেলার মোট ২২টি উপ-জেলায় বিস্তৃত। পরবর্তীতে সমন্বিত প্রকল্পের ব্যয় অত্যাধিক হওয়ায় যথা সময়ে অর্থ প্রাপ্তিতে অনিশ্চয়তা এবং দ্রুত সেচ সুবিধা প্রাপ্তির সুবিধার্থে সুবৃহৎ প্রকল্পটিকে ১ম পর্যায় ও ২য় পর্যায় এ দু'ভাগে বিভক্ত করে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। সে মোতাবেক তিস্তা ব্যারেজ প্রকল্পের নির্মাণ কাজ ১৯৭৯ সালে এবং ক্যানেল সিস্টেম নির্মাণ কাজ ১৯৮৪-৮৫ সালে হাতে নেয়া হয়। দ্রুত সুফল পাওয়ার জন্য সম্পুর্ণ প্রকল্পটিকে দুটি পর্যায়ে ভাগ করা হয়। ১ম পর্যায়ের মোট এলাকা ১৫৪২৫০ হেঃ (বাস্তবায়িত ১২৬৩১০ হেঃ) এবং সেচযোগ্য এলাকা ১১১৪০৬ হেঃ (বাস্তবায়িত ৯১২২৬ হেঃ)। ২য় পর্যায়ে মোট এলাকা ৫৯৫৭৫০ হেঃ এবং সেচযোগ্য এলাকা ৪২৮৫৯৪ হেঃ। ২য় পর্যায়ের প্রকল্প এলাকাটি ৩টি ইউনিটে বিভক্ত করা হয়। এই ৩টি ইউনিটের মধ্যে ইউনিট-১ এ সেচযোগ্য এলাকা ৯৬৫৭৫ হেঃ, ইউনিট-২ এ সেচযোগ্য এলাকা ১,৭৬,৬০৩ হেঃ এবং ইউনিট-৩ এ সেচযোগ্য এলাকা ১,৭৫,৫৯৬ হেঃ। সর্বমোট এলাকা ৭,৫০,০০০ হেঃ এবং সেচযোগ্য এলাকা ৫,৪০,০০০ হেঃ। ৯৬২.৫২ কোটি টাকা ব্যায়ে ১ম পর্যায়ের ভৌতকার্যক্রম ১৯৯৮ সালের জুন মাসে শেষ হয়। এরপর প্রায় ৮৭.০০ কোটি টাকা ব্যয়ে ১৯৯৮-৯৯ সালে কমান্ড এরিয়া ডেভেলপমেন্ট প্রকল্প গ্রহন পুর্বক ২০০৪ সালে সমাপ্ত করা হয়। সর্বশেষে ২০০৬ সালে সেচ যোগ্য এলাকা বৃদ্ধির লক্ষ্যে তিস্তা ব্যারেজ প্রকল্প ২য় পর্যায় ইউনিট-১ প্রকল্পের কার্যক্রম শুরু করা হয়।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** তিস্তা ব্যারেজ প্রকল্প (২য় পর্যায়) ১ম ইউনিট শীর্ষক প্রকল্পটি ১২/০৭/২০০৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ২২৭২১.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই/২০০৬ হতে জন্ু/২০১০ মেয়াদের বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। অত:পর অঙ্গভিত্তিক কাজের ব্যয় বৃদ্ধি ও প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পটি ১ম সংশোধন করা হয় এবং ২৪৮৬২.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০০৬ হতে জুন/২০১২ মেয়াদে বাস্তবায়েনের জন্য অনুমোদিত হয়। পুনরায় আন্ত:মন্ত্রণালয় কমিটির সুপারিশ এবং সিইজিআইএস-এর সমীক্ষার আলোকে প্রকল্পের মূল কার্যক্রম নির্ধারণ করে ২৯৪৭৫.৭৫ লক্ষ টাকা ব্যয় এবং জুলাই/২০০৬ হতে জুন/২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ২য় সংশোধিত প্রকল্প অনুমোদিত হয়। পরবর্তীতে বাস্তবতার কারণে প্রকল্প ব্যয় বৃদ্ধি করা হয়, তাতে প্রক্কলিত ব্যয় দাঁড়ায় ৪১৩৩২.৫৭ লক্ষ টাকা এবং জুলাই/২০০৬ হতে জুন/২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ৩য় সংশোধিত আরডিপিপি অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** প্রকল্পটি ৩টি জেলার ৮টি উপজেলায় বাস্তবায়িত হয়েছে। গত ১৮ ও ১৯ নভেম্বর/২০১৮ তারিখ আইএমইডি এর পরিচালক জনাব মোঃ আফজল হোসেন কর্তৃক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব জ্যোতি প্রসাদ ঘোষ, নির্বাহী প্রকৌশলী জনাব কৃষ্ণ কমল চন্দ্র সরকার এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন । পরিদর্শনকালে তিস্তা ব্যারেজের কন্ট্রোল হাউজের অটোমেশন কার্যক্রম, মেজর সেকেন্ডারী খাল, সেকেন্ডারী খাল, টারশিয়ারী খাল, মেজর হাইড্রোলিক স্ট্রাকচার, মাইনর হাইড্রোলিক স্টাকচার, ব্রীজ, কালভাট, টার্ন আউট, পরিদর্শন রাস্তার বিভিন্ন অংশ পরিদর্শন করা হয়।







চিত্র: ১-২: মূল্যায়নের জন্য প্রকল্প এলাকা সরে-জমিনে পরিদর্শনের খন্ড চিত্র।

১২। <u>প্রকল্পের মুল কার্যক্রমঃ</u>

- জমি অধিগ্রহন – ২৬৬.৬৩ হেক্টর
- মেজর সেকেন্ডারী খাল -২৭.৯৩ কি:মি:
- সেকেন্ডারী খাল - ২৭.৮৮ কি:মি:
- টারশিয়ারী খাল – ৩১.০৩ কি:মি:
- মেজর হাইড্রোলিক ষ্ট্রাকচার – ৩৬টি
- মাইনর হাইড্রোলিক ষ্ট্রাকচার – ১১০টি
- রেলওয়ে ক্রসিং ষ্ট্রাকচার- ১টি
- ব্রীজ নির্মাণ- ১৯টি
- কালভাট নির্মাণ – ৮৮টি
- টার্ন-আউট নির্মাণ – ১০০টি
- পরিদর্শন রাস্তা নির্মাণ -১৫.৫ কি:মি:
- বৈদ্যুতিক সঞ্চালন লাইন- ৩৮ কি:মি:
- তিস্তা ব্যারেজ কণ্ট্রোল সিষ্টেমের মাইক্রোপ্রসেস ভিত্তিক কম্পিউটরাইজড সিষ্টেম স্থাপন ইত্যাদি।

১৩। প্রকল্পের বাস্তবায়নোত্তর কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। ভূমি অধিগ্রহন: প্রকল্পটির আওতায় ১৮৬১৯.০৯ লক্ষ টাকায় মোট ২৬৬.৬৩ হেক্টর ভূমি অধিগ্রহণ করার কথা থাকলেও ১৮০৩৫.৯২ লক্ষ টাকায় ২১৩.৩৮ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। সংস্থানকৃত অবশিষ্ট ৫৮৩.১৭ লক্ষ টাকা দ্বারা অবশিষ্ট ৫৩.২৫ হেঃ জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি। প্রকল্পের শুরুতেই জমি অধিগ্রহণ কার্যক্রম গ্রহণ না করার প্রেক্ষাপটে জমির মূল্য বৃদ্ধি পায়। অধিগ্রহণ প্রক্রিয়ায় জটিলতা সৃষ্টি হয় এবং দীর্ঘ সময় গেলে যায়। ফলশ্রুতিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন বিলম্ব হয় এবং সকল অঙ্গ বাস্তবায়ন সম্ভব হয়নি।

১৩.২। **মেজর সেকেন্ডারী খাল নির্মাণ:** প্রকল্পের আওতায় মোট ২৭.৯৩ কি:মি মেজর সেকেন্ডারী খাল নির্মাণের সংস্থান ছিল। প্রকল্পের সংস্থান মোতাবেক ২৭.৯৩ কি:মি মেজর সেকেন্ডারী খাল মোট ১২টি প্যাকেজের মাধ্যমে সম্পূর্ণ তৈরী করা হয়েছে। মেজর সেকেন্ডারী খাল সমূহের মধ্যে বগুড়া ক্যানেল নামে ১১টি প্যাকেজের মাধ্যমে ২৭.৪৩ কি:মি: এবং ১টি প্যাকেজের মাধ্যমে রংপুর ক্যানেলে ০.৫০কি:মি: খাল খনন করা হয়েছে। পরীক্ষামুলক ভাবে পানি উঠিয়ে দেখা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জানান। পরিদর্শনকালে দেখা যায় ডিজাইন মোতাবেক খাল খনন করা হয়েছে এবং বাহ্যিক দৃষ্টিতে কাজগুলো ভালো হয়েছে।

১৩.৩। **সেকেন্ডারী খাল নির্মাণ:** প্রকল্পের আওতায় মোট ২৭.৮৮ কি:মি সেকেন্ডারী খাল নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে জমি অধিগ্রহন সম্ভব না হওয়ায় ৬টি সেকেন্ডারী সেচ খালের ১৭.৪৬ কিঃমিঃ তৈরী করা সম্ভব হয়নি। ২টি সেকেন্ডারী খাল (S_2B-৩.৫২ কি:মি: এবং S_3B-৬.৫৬ কি:মি: মোট ১০.৩৮ কি:মি:) বগুড়া ক্যানেল থেকে খনন করা হয়েছে, তা পরিদর্শনকালে দেখা যায় ক্যানেলের লেফট ডাইক ২.৪৪ মিটার, রাইট ডাইক ১.৫২ মিটার, বেড ১.৫ মিটার থেকে ২.০০ মিটার এবং স্লোপ ১:২ সংরক্ষণ করা হয়েছে। সেকেন্ডারী খালসমূহের নীচেও পাকা করা হয়েছে। ক্যানেলের উভয় পাশ্বে স্লোপ ৩ ইঞ্চি পুরু বালি ও সিমেন্টের প্রলেপ দেয়া হয়েছে।

১৩.৪। **টারশিয়ারী খাল নির্মাণ:** প্রকল্পের আওতায় মোট ৩১.০৩ কি:মি টারশিয়ারী খাল নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে মাত্র ৪.০৩ কি:মি: টারশিয়ারী খাল নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় টারশিয়ারী খালের ফেফট ডাইক ১.৫২ মিটার, রাইট ডাইক ০.৯০ মিটার এবং স্লোপ ১:২ সংরক্ষণ করা হয়েছে।

১৩.৫। **মেজর হাইড্রোলিক ষ্ট্রাকচার :** প্রকল্পের আওতায় মোট ৩৬টি মেজর হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে নিম্মোক্ত ৩৫টি নির্মাণ করা হয়েছে:

ক্র:নং	স্টাকচারের বর্ণনা	সংখ্যা
S-৪৫	Construction of Jamuneswari Acquiduct over Bogra Canal at km. ৬.২৪.	১ No.
S-৪৬	Construction of R২B Cross Regulator over Bogra Canal at km. ৩.২২.	১ No.
S-৪৭	Construction of Escape (E১B) at km. ৫.২৭ & Box Syphon at km. ৫.৩৭ of Bogra Canal.	২ Nos.
S-৪৮	Construction of Escape (E২B) at km. ১৭.০০ & Box Syphon at km. ১৫.১৭ of Bogra Canal.	২ Nos.
S-৪৯	Construction of Chickly Syphon at km. ১৭.২৩ of Bogra Canal.	১ No.
S-৫০	Construction of R৩B Cross Regulator at km. ১৩.২৩	১ No.

ক্র:নং	স্টাকচারের বর্ণনা	সংখ্যা
	over Bogra Canal.	
S-৫১	Construction of Box Syphon at km. ১০.৪০ of Bogra Canal.	১ No.
S-৫২	Construction of ২ nos Box Syphon at km. ১১.৬৪ & Km. ১২.৭২ of Bogra Canal.	২ Nos.
S-৫৩	Construction of R১T১A১B Regulator of Bogra Canal at Km. ৭.০৩	১ Nos.
S-৫৫	Construction of R১S২B & R১S৩B Regulator of Bogra Canal at Km. ৬.৭৬ & ১০.৫৬.	১ Nos.
S-৫৬	Construction of R১S৪B & R১S৫B Regulator of Bogra Canal at Km. ১২.৭৪ & ১২.৭৫	২ Nos.
S-৫৭	Construction of Box Syphon at km. ১৪.২০ of Bogra Canal including link Canal.	১ No.
S-৫৮	Construction of ২ nos Box Syphon at km. ১৮.৩৮ & km. ১৯.৪৬ of Bogra Canal.	২ Nos.
N-১৬	Construction of ২ nso Box Syphon at km. ২০.৮৭ & km. ২১.৬৮ of Bogra Canal.	২ Nos.
N-১৭	Construction of Panchanala Syphon at km. ২২.৬৯ of Bogra Canal.	১ No.
N-১৮	Construction of R১CCB Regulator at km. ২২.৭৯ of Bogra Canal.	১ No.
N-১৯	Construction of Ghirnai-Kortoya Syphon at km. ২৪.৩৫ of Bogra Canal.	১ No.
S-৬১	Construction of R৪B Cross Regulator at km. ২৮.৯৫ over Bogra Canal.	১ No.
R-০৩	Construction of Syphon at km. ২৮.৮৫ of Rangpur Canal.	১ No.
S-৫৯	Const. of R১S৬B Regulator at km. ২৫.৪২ & R১T৬B Regulator at km. ২৮.৯০ of Bogra Canal.	২ Nos.
S-৫৪	Construction of R১T২B, R১T৩B Regulator of Bogra Canal	২ Nos.

ক্র:নং	স্টাকচারের বর্ণনা	সংখ্যা
S-৪৪	Construction of R১T৪B, R১T৫B Regulator of Bogra Canal	২ Nos.
S-৬০	Construction of ২ nos. Box Syphon at km. ২৫.৫৫ & ২৭.৩৫ of Bogra Canal.	২ Nos.
S-৬২	Construction of ২ nos. Box Syphon at km. ৩০.৯৫ & ৩৩.৮০ of Bogra Canal.	২ Nos.

১৩.৫.১। যমুনেশ্বরী একুইডাক্টটি (Aqueduct) (প্যাকেজ এস-৪৫) কিশোরগঞ্জ উপজেলার বাহেগিলি ইউনিয়নের বগুড়া ক্যানেলের ৬.২৪ কি:মি: এ অবস্থিত। এটি ২৬.৬৮ কোটি টাকা ব্যয়ে বিগত ২০০৯ সালে নির্মাণ করা হয়েছে। বাহ্যিক দৃষ্টিতে এর নির্মাণ কাজ ভালো হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে। তবে পরিদর্শনকালে সেচ কাজ চলমান না থাকায় এর কার্যকারিতা দেখা সম্ভব হয়নি।

১৩.৫.২। যমুনেশ্বরী একুইডাক্টটি-এর সংলগ্ন বাঁধের ২টি স্থানে বড় ধরনের রেইনকাট দৃষ্টিগোচর হয়েছে যা মেরামত করতে হবে।

১৩.৫.৩। বদরগঞ্জ উপজেলার চিকলি সাইফুনটি (প্যাকেজে-৪৯) বগুড়া ক্যানেলের ১৭.২৩ কি:মি:-এ অবস্থিত। এই সাইফুনটি ১০.৬২ কোটি টাকা ব্যয়ে ২০১১ সালে নির্মাণ করা হয়েছে। বাহ্যিক দৃষ্টিতে কাজটি ভালো অবস্থায় আছে দেখা গেল। তবে এলাকাবাসীর সাথে কথা বলে জানা যায় যে এই সাইফুনে পানি প্রবাহিত করার সময় ৩/৪টি চিদ্র দৃষ্টি গোচর হয়েছে যা দিয়ে পানি নদীতে/অন্যত্র চলে যায়।

১৩.৬। **মাইনর হাইড্রোলিক ষ্ট্রাকচার: :**প্রকল্পের আওতায় মোট ১১০টি মাইনর হাইড্রোলিক ষ্ট্রাকচার নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে নিম্মোক্ত মাত্র ২৩টি নির্মাণ করা হয়েছে:

ক্র:নং	স্টাকচারের বর্ণনা	সংখ্যা
S-34	Construction of 5 nos. Minor Hydraulic structure over S2B Secondary Canal.	5 Nos.
S-35	Construction of 6 nos. Minor Hydraulic structure over S3B Secondary Canal.	6 Nos.
S-42	Construction of 3 nos. Minor Hydraulic structure over T1A1B Tertiary Canal	3 Nos.
S-43	Construction of 5 nos. Minor Hydraulic structure overf T1S3B Tertiary Canal	5 Nos.
S-72	Construction of 6 nos. Minor Hydraulic structure over T6B Tertiary Canal	4 Nos.

বগুড়া ক্যানেলের বিভিন্ন সেকেন্ডারী ও টারশিয়ারী খালে সাইফুনসহ প্রয়োজনীয় স্ট্রাকচার পরিদর্শনকালে ভালো অবস্থায় আছে দেখা গেল। স্টাকচারগুলোর আশে-পাশে ময়লা আর্বজর্না জমে আছে যা সেচ প্রদানের পূর্বেই পরিস্কার করা হবে মর্মে উপস্থিত প্রকৌশলী জানান।

১৩.৭। **ব্রীজ নির্মাণ :** প্রকল্পের আওতায় মোট ১৯টি ব্রীজ নির্মাণের সংস্থান ছিল। সব কয়টি ব্রীজ নির্মাণ করা হয়েছে। প্রধান খালের উপর নির্মিত দুই পাড়ের সংযোগকারী ফুট ব্রীজ/ব্রীজ প্রধান খালের দুই পার্শ্বের মানুষ ও যানবাহন চলাচলের জন্য ব্যবহৃত হয়। বাস্তবে লক্ষ্য করা গেছে এ ব্রীজগুলোর কয়েকটি জনগণের প্রয়োজনীয়তার নিরিখে তৈরী করা হয়নি। যেমন নীলফামারী জেলা অংশে চন্ডিমন্ডপ এলাকায় মাত্র ৩০-৪০ মিটার কাছাকাছি ২টি ব্রীজ নির্মাণ করা হয়েছে। একই ভাবে তারাগঞ্জ বাজারের পাশ্ববর্তী স্থানে যেখানে রংপুর-সৈয়দপুর মহাসড়ক ও বগুড়া খাল পরস্পর মিলিত হয়েছে তার উজানে প্রায় ৩৫০ মিটারের মধ্যে পরপর ৩টি ব্রীজ নির্মাণ করা হয়েছে। এ ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা করা হলে সরকারি অর্থের সাশ্রয় করার সুযোগ ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

১৩.৮। **কালভার্ট নির্মাণ :** প্রকল্পের আওতায় মোট ৮৮টি ব্রীজ নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে নিম্মোক্ত ২৯টি নির্মাণ করা হয়েছে:

ক্র:নং	স্টাকচারের বর্ণনা	সংখ্যা
S-90	Construction of 3 nos. Culvert over S2B Secondary Canal	3 Nos.
S-91	Construction of 2 nos. Culvert over S3B Secondary Canal	2 Nos.
S-95	Construction of 3 nos. Culvert over T1A1B Tertiary Canal.	1 Nos.
S-96	Construction of 3 nos. Culvert over T1S3B Tertiary Canal.	3 Nos.
S-104	Construction of 4 nos. Culvert over T3S3B Tertiary Canal.	3 Nos.
S-113	Construction of 2 nos. Culvert over T6B Tertiary Canal.	2 Nos.
S-121	Construction of 4 nos. Box culvert over S2B Secondary Canal	3 Nos.
S-122	Construction of 1 nos. Culvert over T1B Secondary Canal	1 Nos.
S-123	Construction of 13 nos. Box Culvert over S3B Secondary Canal	11 Nos.

বগুড়া ক্যানেলের বিভিন্ন সেকেন্ডারী ও টারশিয়ারী ক্যানেলের বিভিন্ন স্থানের বিদ্যমান রাস্তার সাইজ অনুযায়ী বিভিন্ন সাইজের কালভাট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে বাহ্যিক দৃষ্টিতে কালভার্টগুলো ভালো অবস্থায় আছে দেখা গেল।

১৩.৯। **টার্ন-আউট নির্মাণ:** প্রকল্পের আওতায় মোট ১০০টি টার্ন-আউট নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে বগুড়া ক্যানেলের বিভিন্ন সেকেন্ডারী ও টারশিয়ারী ক্যানেলের প্রয়োজনীয় স্থানে নিম্মোক্ত ৪০টি নির্মাণ করা হয়েছে। সেসেন্ডারী ও টারশিয়ারী সেচ খালসমূহ নির্মাণ কাজ অবশিষ্ট থাকায় সবগুলো টার্ন-আউট নির্মাণ করা হয়নি।

১৩.১০। **পরিদর্শন রাস্তা নির্মাণ :** প্রকল্পের আওতায় মোট ৪৯.৫০ কি:মি: পরিদর্শন রাস্তা নির্মাণের সংস্থান ছিল। তার মধ্যে ৪৬.৩০ কি:মি: নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় বেশিরভাব রাস্তা ভালো থাকলেও কয়েকটি স্লুইচ গেইট সংলগ্ন এলাকায় অনেগুলো রেইনকাট রয়েছে। পরিদর্শন রোডের মাঝে মাঝে কিছু পিচ ঢালাইও নষ্ট হয়ে গর্তের সৃষ্টি হয়েছে।

১৩.১১। **বৈদ্যুতিক সঞ্চালন লাইন:** প্রকল্পের আওতায় মোট ৩৮:০০ কি:মি: বৈদ্যুতিক সঞ্চালন লাইন নির্মাণের সংস্থান ছিল এবং সবটুকুই করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় সঞ্চালন লাইনের মাধ্যমেই বিদ্যুৎ মুল ব্যারেজের রেগুলেটরসহ বিভিন্ন রেগুলেটর ও স্থাপনায় ব্যবহার করা হচ্ছে।

১৩.১২। **তিস্তা ব্যারেজ কন্ট্রোল সিষ্টেমের মাইক্রোপ্রসেস ভিত্তিক কম্পিউটরাইজড সিষ্টেম স্থাপন**: তিস্তা ব্যারেজের কান্ট্রোল হাউজের মাইক্রোপ্রসেসর বেইজড কম্পিউটারাইড সিস্টেমের (অটোমেশন) কাজ পরিদর্শন করা হয়। মূল ব্যারেজে ৪৪টি গেইট এবং Cannel head regulator (CHR) ৮টি গেইট রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় মূল ব্যারেজের গেইটগুলো নিয়ন্ত্রণ কক্ষ থেকে একটি সফটওয়্যারের মাধ্যেমে নিয়ন্ত্রণ (উঠানো-নামানো) করা হচ্ছে। ইতোপূর্বে যা ম্যানুয়ালি করা হতো। কাজটি অনেক দিন ট্রায়ালের পর্যায়ে ছিল। ট্রায়াল শেষে সংশ্লিষ্ট ঠিকাদার থেকে সিস্টেমটি গত জুন/২০১৮ বুঝে নেয়া হয়েছে।

১৩.১২.১। পরিদর্শনকালে জানা যায় ১৪ আক্টোবর/২০১৮ তারিখে ৩১ নং গেইটের কাছে বৈদ্যুতিক শর্টসার্কিটের ফলে মূল ব্যারেজের ২৩টি গেইটের (০১-০৭, ১১, ১২, ১৪-২১, ৩০, ৩১, ৩৩, ৩৫, ৩৮, ৪২ নং গেইট) সেন্সর কাজ করছে না। ১৩টি গেইটের (৮-১০, ১৩, ২১-২৯ এবং ৪১) ফাইবার লাইনে সমস্যা দেখা দিয়েছে। তবে ০৮টি গেইটের ক্ষেত্রে কোন সমস্যা হয়নি।

১৩.১২.২। তবে Cannel head regulator (CHR) ৮টি গেইটের মধ্যে ৬টিতে কোন সমস্যা দেখা দেয় নাই। গেইট ৪৬ এর সেন্সর এবং গেইট ৫০ এর ফাইবার লাইনে সমস্যা দেখা দেয়।

১৩.১২.৩। সেন্সর এবং ফাইবার লাইনে সমস্যা হওয়ার কারণে অটোমেশন সিস্টেম কাজ করছিল না। তবে ম্যানুয়ালি গেইটগুলি অপারেট করতে কোন সমস্যা হচ্ছে না। সংশ্লিষ্ট প্রকৌশলীগণ জানান যে বিষয়টি সরবরাহকারী প্রতিষ্ঠান এবং পরামর্শক প্রতিষ্ঠানকে জানানো হয়েছে।

১৩.১২.৪। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট হতে জানা যায় গেইটগুলি আগে অপারেট করতে বৎসরে প্রায় ২.০০ কোটি টাকার ডিজেল/জ্বালানী খরচ হতো। বিদ্যুৎ সংযোগ দেয়ার ফলে যে বিল আসছে তাতে বৎসরের ১৪-১৫ লক্ষ টাকা ব্যয় হতে পারে।

১৪। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ প্রকল্পের অনুকূলে আর্থিক অনুমোদন ছিল ৪১৩৩২.৫৭ লক্ষ টাকা এর মধ্যে আর্থিক অগ্রগতি ৩৬০১৮.৪৮ লক্ষ টাকা (৮৭.১৪%) এবং বাস্তব অগ্রগতি প্রায় ৯০%।

১৫। প্রকল্পের জনবল নিয়োগ: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৬। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পটি বাস্তবায়নকালে (জুলাই/২০০৬ হতে জুন /২০১৮ইং পর্যন্ত) ০৬ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে প্রকল্প পরিচালদের তথ্য দেয়া হলঃ

প্রকল্প পরিচালকের নাম	পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরন
জনাব মোঃ মাহাতাব উদ্দিন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	০৬/০৮/২০০৮ হতে ২৯/১২/২০০৯	অতিরিক্ত
জনাব মোঃ মোস্তাক আহমেদ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১৬/০৩/২০১০ হতে ৩০/১০/২০১১	অতিরিক্ত

জনাব আতিকুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	০২/১১/২০১১ হতে ১৭/১২/২০১৪	অতিরিক্ত
জনাব বাবুল চন্দ্র শীল	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১৮/১২/২০১৪ হতে ১৮/০৬/২০১৫	অতিরিক্ত
জনাব জ্যোতি প্রসাদ ঘোষ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	১৪/০৭/২০১৫ হতে সমাপ্ত পর্যন্ত।	অতিরিক্ত

১৭। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, NOA এবং ওয়ার্ক অর্ডার প্রদানে সরকারী বিধিমালা অনুসৃত হয়েছে।

১৮। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** এ প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় সম্পাদিত সরাসরি সেচ সুবিধাদি, প্রকল্প সংক্রন্ত বিভিন্ন ধরনের ক্যানেল, বিভিন্ন ধরনের হাইড্রোলিক স্ট্রাকচারের নির্মাণ সমাপ্ত হওয়ার পর টেস্ট ট্রায়াল ছাড়া জনগণকে সেচ সুবিধা প্রদান করা এখনো শুরু হয়নি। এই রবি মৌসুমেই সেচ সুবিধা প্রদান করার প্রস্তুতি নেয়া হয়েছে। সংশ্লিষ্ট এলাকার জনগণের মধ্যে ব্যাপক আশার সঞ্চার হয়েছে। ১ম পর্যায়ের সম্পাদিত কাজের/প্রদত্ত সেচ সুবিধাদির মাধ্যেমে সংশ্লিষ্ট এলাকার জনগণের চাষাবাদের উন্নয়নসহ পরিবেশের যে ইতিবাচক পরিবর্তনের সুচনা হয়েছে সেই প্রেক্ষাপটে ২য় পর্যায়ের সংশ্লিষ্ট এলাকার জনগণের মধ্যে বিপুল উদ্দীপনা লক্ষ্য করা গেছে। প্রকল্পটি একটি জনবন্ধব কর্মউদ্যোগ হিসেবে জনগণের স্বীকৃতি লাভ করেছে।

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	**অর্জিত**
(১) তিস্তা ব্যারেজ প্রকল্প (২য় পর্যায়) ১ম ইউনিটের প্রধান উদ্দেশ্যে হলো প্রায় ২০,০০০ হেক্টর আবাদী জমিতে গ্রাভিটি পদ্ধতিতে সেচ সুবিধা প্রদানের মাধ্যমে প্রকল্প এলাকায় শস্য উৎপাদন বৃদ্ধি করা।	প্রকল্পের আওতায় যে পরিমাণ সেচ সুবিধাদি সৃষ্টি হয়েছে তা অনুমানিক ৫০০০ হেক্টর আবাদী জমিতে গ্রাভিটি পদ্ধতিতে সেচ সুবিধা প্রদান করা সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট প্রকৌশলীগণ জানান।
(২) প্রকল্পটি (৩য় সংশোধিত) বাস্তবায়িত হলে বাৎসরিক ধান উৎপাদন প্রায় ৭৭৮৯৩.৯২ মে: টন বৃদ্ধি পাবে।	১ম পর্যায়ের সংশ্লিষ্ট এলাকায় উৎপাদন বৃদ্ধির লক্ষ্য করা গেছে। যেহেতু ২য় পর্যায়ে এখনো সেচ সুবিধা প্রদান করা হয়নি তাই বিষয়টি যাচাই করার কোন সুযোগ ছিল না।
(৩) প্রকল্প বাস্তবায়ন কালে ১১২.০০ লক্ষ জনদিবসের কর্মসংস্থান, পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট ওএন্ডএম এলাকায় ৭.০০ লক্ষ জনদিবস এবং সংশ্লিষ্ট এলাকার কৃষি সম্পর্কিত কর্মকান্ডে ২২.৪৪ লক্ষ জনবিদস কর্মসংস্থানের সৃষ্টি হবে।	এ সম্পর্কিত কোনরূপ তথ্যাদি প্রকল্প পরিচালকের দপ্তরে সংরক্ষিত না থাকায় বিষয়টি যাচাই করা যায়নি।

পরিকল্পিত	অর্জিত
(৪) প্রকল্প এলাকার বিদ্যমান সেচ ব্যবসহাপনার উন্নয়নের মাধ্যমে সামগ্রিকভাবে প্রকল্পের পুর্ণাঙ্গ সুবিধাদি অর্জন করত: জাতীয় অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখা। এছাড়া গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন সর্বোপরি প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন করা।	১ম পর্যায়ের সুবিধাদি বাস্তবায়নের ফলে ইতোমধ্যে এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন শুরু হয়েছে। ২য় পর্যায়ে বাস্তবায়িত কাজের সুফল পেতে আরো সময় লাগবে। তবে জনগণের মধ্যে আশার সঞ্চার হয়েছে। প্রকল্পটি একটি জনবন্ধব কর্মউদ্যোগ হিসেবে জনগণের স্বীকৃতি লাভ করেছে।

২০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ**: ভুমি অধিগ্রহণ সম্ভব না হওয়ায় ১৭.৫৬ কি:মি: সেকেন্ডারী সেচ খাল এবং ২৭.০০ কি:মি: টারশিয়ারী সেচ খালসহ কিছু মাইনর হাইড্রোলিক স্ট্রাকচার (মাইফুন) এবং কালভার্ট নির্মাণ করা সম্ভব হয়নি। ফলে পরিকল্পিত এলাকায় সেচ সুবিধার আওতায় একসাথে আনা সম্ভব হবে না। সেই সাথে কাঙ্খিত সুবিধা/উদ্দেশ্যও শতভাগ অর্জন হবে না। তবে নিঃসন্দেহে এটি একটি ভালো প্রকল্প।

২১। সাধারণ পর্যবেক্ষণঃ

২১.১। ৪(চার) বছর মেয়াদী প্রকল্প সমাপ্ত করতে ১২ (বার) বছর সময় লাগছে। ফলে জনগণের সুবিধা প্রাপ্তিতে বিলম্ব হয়েছে;

২১.২। ডিপিপি'র ২য় এবং ৩য় সংশোধনী প্রক্রিয়াকরণ করতে প্রতিক্ষেত্রে প্রায় ১ (এক) বছরের অধিক সময় ব্যয় হওয়া এবং সেই সমেয় প্রকল্পের কাজের অগ্রগতি স্থবির হয়ে যাওয়া;

২১.৩। মুল এবং ১ম সংশোধিত ডিপিপিতে ৩৭৭.৩৩ হেক্টর জমি অধিগ্রহণের জন্য ২১৮১.৬০ লক্ষ টাকার সংস্থান ছিল। ২য় সংশোধনীতে ২৬৬.০০ হেক্টর জমি অধিগ্রহণের জন্য ৯৫০০.৯৮ লক্ষ টাকার সংস্থান ছিল এবং ৩য় সংশোধনীতে ২৬৬.৩৩ হেক্টর জমি অধিগ্রহনের জন্য সংস্থান ছিল ১৮৬১৯.০৯ লক্ষ টাকা। প্রকৃত পক্ষে এই প্রকল্পে ২১৩.৩৮ হেক্টর জমি ১৮০৩৫.৯২ লক্ষ টাকায় অধিগ্রহণ করা হয়েছে। যদি প্রকল্পের শুরুতেই জমি অধিগ্রহণ কাজটুকু সম্পন্ন করা হতো তবে বিপুল পরিমান টাকা সাশ্রয় করা সম্ভব হতো এবং প্রকল্পভূক্ত সকল অঙ্গের কাজ সম্পন্ন করা সম্ভব হতো;

২১.৪। বগুড়া ক্যানেলের ২৪.০০ কি:মি: এবং বিলাইচন্ডি ইউনিয়েনে মুল ক্যানেলের পাশ্বে মাঠ পর্যায়ের বাস্তবতার কারণে ক্যানেলটি পূনাঙ্গারূপে তৈরী করা সম্ভব হয়নি। ফলে ক্যানেলটি ভরাট হয়ে যাওয়ার আশংকা রয়েছে।

২১.৫। বৈদ্যুৎতিক সঞ্চালন লাইন স্থাপন সহ বিদ্যুৎ সংযোগ দেওয়ায় মূল ব্যারেজের গেইটসহ অন্যান্য রেগুলেটর/ স্লুইচ গেইট পরিচালনা কর সহজ হয়েছে এবং পরিচালনা ব্যয় সাশ্রয়ী হয়েছে;

২১.৬। প্রকল্পের আওতায় ২০০৯ সালে ওয়েইং (**weighing**) মেশিন এবং টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি বসানো/ লাগানো হয়েছিল। সেগুলোর কার্যকারিত অনেক পূর্বেই লোপ পেয়েছে এবং বর্তমানে অকেজো অবস্থায় আছে;

২২.৭। অটোমেশনের কাজে যে সমস্ত সেন্সর ও ফাইবার লাইন লাগানো হয়েছে তা মানসম্পন্ন ও কারিগরিভাবে যথাস্থানে লাগানো হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

২১.৮। বেশ কিছু প্যকেজে (**S-১০, ১১, S-৪৫, S-৪৯, S-৫০, S-৬১, S-৯০, ৯১, S-৮৩,৮৮)** চুক্তিমূল্য সংশোধন (**Revised**) করে বেশি করা হয়েছে;

২১.৯। প্রকল্পের বেশ কিছু স্ট্রাকচার যেমন-যমুনেশ্বরী একুইডাক্ট-২০০৯ সালে, চিকলি সাইফুন-২০১১ সালে সমাপ্ত হয়েছে। অথচ ৯/১০ বৎসর অতিক্রন্ত হয়ে গেলেও এখনো ব্যবহার শুরু হয়নি। এটি সম্পদের অপচয় মর্মে প্রতিয়মান হয়েছে।

২১.১০।প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণে নতুন নতুন প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে এবং কিছু যন্ত্রপাতির প্রয়োজনীয়তা/ উপযোগিতা শেষ হয়ে গেছে;

২১.১১। নিলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার বাহাগিলি ইউনিয়নের সুকানডাঙ্গা এলাকায় বগুড়া ক্যানেলের ডান ডাইকসহ ক্যানেলের ডাইকে জনগণের চাষাবাদের প্রবণতা দৃষ্টগোচর হয়েছে। তাতে ডাইক ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা রয়েছে।

২২। বাস্তবায়ন সমস্যাঃ

২৩.১। প্রকল্পের শুরুতেই ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন না করায় নির্ধারিত বরাদ্দে ভূমি অধিগ্রহণ করা যায়নি। অতিরিক্ত অর্থ ব্যয় করেও প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি এবং প্রকল্পের সকল অঙ্গের বাস্তবায়নও সম্ভব হয়নি;

২২.২। প্রকল্পের ২য় এবং ৩য় সংশোধনী প্রক্রিয়ার প্রতিটিতে প্রায় ১ বৎসরের অধিক সময় ব্যয় হয়েছে ফলে ওই সময়ে বাস্তবায়ন অগ্রগতি স্থবির ছিল।

২৩। সুপারিশ/মতামতঃ

২৩.১। কোন প্রকল্পের ভূমি অধিগ্রহণ থাকলে শুরুতেই অধিগ্রহণ কার্যক্রম শুরু করতে হবে এবং সম্ভব দ্রুততম সময়ে অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ১৩.১ ও ২১.৩;

২৩.২। চিকলি সাইফুনের ছিদ্র বন্ধ করে পানি অপচয় রোধ করতে হবে (অনুচ্ছেদ: ১৩.৫.৩;

২৩.৩। বগুড়া ক্যানেলের ২৪ কি:মি:-এ এবং বিলাইচন্ডি ইউনিয়নের মূল ক্যানেলের সংরক্ষণ ও স্থায়িত্ব বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সাইফুন নির্মাণ/কোন উপযোগী ব্যবস্থা গ্রহণ করতে হবে, (অনুচ্ছেদ: ২১.৪);

২৩.৪। যে সমস্ত প্যাকেজের চুক্তিমূল্য সংশোধন (Revised) করা হয়েছে সেগুলোর প্রয়োজনীয়তা/যথার্থতা যাচাই করে দেখা যেতে পারে (অনুচ্ছেদ: ২১.৮);

২৩.৫। প্রকল্পের আওতায় পরিকল্পিত যে সমস্ত সেকেন্ডারী/টারশিয়ারী খাল খনন করা যায়নি সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করে সেচাধীন এলাকা বৃদ্ধির উদ্যোগ অব্যহত রাখতে হবে (অনুচ্ছেদ: ১৩.৩. ও ১৩.৪);

২৩.৬। পরিদর্শন রাস্তার স্থায়িত্ব বৃদ্ধির লক্ষ্যে হেভিলোডেড ট্রাক/যানবাহন চলাচল বন্ধ করার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। মাইল পোষ্ট দেওয়ার উদ্যোগ নেয়া যেতে পারে;

২৩.৭। মূল ক্যানেলের ডাইকসহ বিভিন্ন ডাইকে চাষাবাদের প্রবণতা বন্ধ করার উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ:২১.১১);

২৩.৮। যমুনেশ্বরী একুইডাক্ট সংলগ্ন বাঁধ এবং পরিদর্শন রাস্তার বিভিন্ন জায়গায় যে সমস্ত রেইনকাট রয়েছে তা মেরামতের ব্যবস্থা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ: ১৩.৫.২);

২৩.৯। অটোমেশন ফলপ্রসু করার লক্ষ্যে মূল ব্যারেজের কন্ট্রোল সিস্টেমের শর্টসার্কিটের প্রবণতাসহ শর্টসার্কিট হলে ক্ষয়ক্ষতির পরিমান কমানোর প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। সেই সাথে বর্ষা মৌসুমে সেন্সরের গায়ে পানি লেগে যাতে কর্মক্ষমতা নষ্ট হয়ে না যায় সে বিষয়টিও নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ: ১২.১২);

২৩.১০। প্রকল্পটির উপর দ্রুত External Audit সম্পাদন করতে হবে এবং

২৩.১১। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডিকে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার এবং মেঘুলা বাজার সংলগ্ন পদ্মা নদীর বামতীরে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন,২০১৮)

১। প্রকল্পের নাম : **ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার এবং মেঘুলা বাজার সংলগ্ন পদ্মা নদীর বামতীরে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ।**

২। প্রকল্পের অবস্থান : ঢাকা জেলার দোহার উপজেলা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনু: ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬৮৯.৩৮	১৯৩৪.৭৮	১৭২৯.২২	মে/২০১৫ থেকে জুন, ২০১৭	মে/২০১৫ থেকে জুন, ২০১৮	মে/২০১৫ থেকে জুন, ২০১৮	৩৯.৮৪ (২.৩৬%)	৯২.৩১%

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
ক)	**রাজস্ব খাতঃ**					
১)	ফুয়েল ও গ্যাস	থোক	১ দফা	২.০০	থোক (১০০%)	২.০০ (১০০%)
২)	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	১ দফা	২.০০	থোক (১০০%)	২.০০ (১০০%)
৩)	স্টেশনারী	থোক	১ দফা	১.০০	থোক (১০০%)	১.০০ (১০০%)
৪)	প্রিন্টিং ও পাবলিকেশন	থোক	১ দফা	১.০০	থোক (১০০%)	১.০০ (১০০%)
৫)	বিভিন্ন কমিটির সম্মানী	থোক	১ দফা	২.০০	থোক (১০০%)	২.০০ (১০০%)

ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিভিন্ন অঙ্গের নাম		একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)
ক্রঃ	১	২	৩	৪	৫	৬
৬)	জরীপ ও অনুসন্ধান	থোক	১ দফা	৫.০০	থোক (১০০%)	৫.০০ (১০০%)
৭)	বিদ্যমান যানবাহন মেরামত ও সংরক্ষণ	থোক	১ দফা	২.০০	থোক (১০০%)	২.০০ (১০০%)
	ক) রাজস্ব খাতের উপমোট=			১৫.০০		১৫.০০
খ)	**মূলধন খাতঃ**					
৮)	অস্থায়ী প্রতিরক্ষা কাজ (চেইনেজ কিঃমিঃ ২.৩১২ থেকে চেইনেজ কিঃমিঃ ৪.৬৮৭ = ২৩৭৫ মিটার)	মি:	২৩৭৫ মিটার	১৫৪৯.১৯	২৩৭৫ মিটার (১০০%)	১৪৮০.১৯ (৯৫.৫৫%)
৯)	নদী ড্রেজিং (চেইনেজ কিঃমিঃ ২.৮১২ থেকে কিঃমিঃ ৪.৬৩৩) (৩৮৪৪৬০ ঘঃমি)	মি:	১৮২১ মিটার	৩৭০.৫৯	১৮২১ মিটার (১০০%)	২৩৪.০৩ (৬৩.১৫%)
	খ) মূলধন খাতের উপমোট =			১৯১৯.৭৮		১৭১৪.২২
	সর্বমোট (ক+খ) =			**১৯৩৪.৭৮**		**১৭২৯.২২ (৮৯.৩৮%)**

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই মর্মে জানা গেল।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা; এবং
- প্রকল্প এলাকাভুক্ত সুবিধা ভোগীদের মতামত গ্রহণ।

৯। <u>সাধারণ পর্যবেক্ষণ:</u>

৯.১। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- পদ্মা নদীর ভাঙ্গন থেকে রক্ষার জন্য ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার কিঃমিঃ ৩.৪৮৭ থেকে কিঃমিঃ ৪.৬৮৭ = ১২০০ মিটার এবং মেঘুলা বাজার সংলগ্ন কিঃমিঃ ২.৩১২ থেকে কিঃমিঃ ২.৮১২ = ৫০০ মিটার এবং নারিশা বাজার ও মেঘুলা বাজার এর মধ্যবর্তী স্থানে ৬৭৫.০০ মিটার সহ সর্বমোট ২৩৭৫ মিটার পদ্মা নদীর বামতীরে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে পদ্মা নদীর তীব্র ভাংগন হতে উক্ত এলাকা সহ ঢাকা দক্ষিণ-পশ্চিম প্রকল্পের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কাম পাকা রাস্তা রক্ষাকরণ।
- প্রকল্পটির অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের ফলে অনেক মূল্যবান সম্পদ, বাজার-ঘাট, স্কুল, বসত-ভিটা, রাস্তা-ঘাট, ফসলী জমি, বনায়ন, বৃক্ষরাজী নদীর ভাঙ্গন হতে রক্ষা করা।

৯.২। প্রকল্পের পটভূমিঃ পদ্মা নদী বাংলাদেশের অন্যতম বড় নদী। ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার ও মেঘুলা বাজার সংলগ্ন এলাকা পদ্মা নদীর বামতীরে অবস্থিত। উক্ত এলাকা হতে ৬০০ মিটার দুরে বিশাল চর জাগায় এবং বামতীর বরাবর নদীর গভীরতা বেশী হওয়ায় প্রবল স্রোতের কারণে নারিশা বাজার ও মেঘুলা বাজার সংলগ্ন এলাকায় প্রচন্ড ভাঙ্গন দেখা দেয়। নদী ভাঙ্গন অব্যাহত থাকার কারনে ইতোমধ্যে এ এলাকার অনেক গুরুত্বপূর্ণ স্থাপনাসহ অনেক মূল্যবান ভূমি নদীগর্তে বিলীন হয়ে গেছে। তাছাড়া ঢাকা দোহার মহাসড়ক হিসাবে ব্যবহৃত রাস্তাটিও নদী ভাঙ্গনের কারনে প্রবল হুমকীর সন্মূখীন হয়ে পড়ে। প্রকল্প এলাকাবসীর দাবী ও ভাঙ্গনের তীব্রতার প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় নির্দেশক্রমে জরুরী ভিত্তিতে প্রকল্পটি গৃহীত হয়েছিল।

১০। **প্রকল্পের অনুমোদনঃ** গত ৩১/০৫/২০১৬ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয় এবং গত ২৪/০৪/২০১৭ তারিখে প্রকল্পটি সংশোধন করা হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শনঃ** গত ২৯/১১/২০১৮ তারিখে প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল মতিন সরকার সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



চিত্র-১-২: প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের খন্ড চিত্র।

১২। প্রকল্পের মূল কার্যক্রমঃ

(ক) অস্থায়ী প্রতিরক্ষা কাজ (চেইনেজ কিঃমিঃ ২.৩১২ থেকে চেইনেজ কিঃমিঃ ৪.৬৮৭ = ২৩৭৫ মিটার)

(খ) নদী ড্রেজিং (চেইনেজ কিঃমিঃ ২.৮১২ থেকে কিঃমিঃ ৪.৬৩৩) (৩৮৪৪৬০ ঘঃমি)

১৩। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বর্তমান অবস্থাঃ

১৩.১। প্রকল্পের প্রত্যেকটি প্যাকেজের কাজ পরিদর্শন করা হয়। অস্থায়ীভাবে ভাংগন প্রতিরোধের জন্য এ প্রকল্পটি নেয়া হয়েছিল। প্রকল্পটি অস্থায়ীভাবে বাস্তবায়নের ফলেও গত ২টি বর্ষা মৌসুমে মেঘুলা বাজার এবং নারিশা বাজার সংলগ্ন এলাকার অনেক মূল্যবান সম্পদ, বাজার-ঘাট, স্কুল, বসত-ভিটা, রাস্তা-ঘাট, ফসলী জমি, বনায়ন, বৃক্ষরাজী নদীর ভাঙ্গন হতে রক্ষা পেয়েছে (চিত্র-৩-৪)।




চিত্র-৩-৪: প্রকল্প এলাকার বসতবাড়ী ও সম্পদ রক্ষার খন্ড চিত্র।

১৩.২। মেঘুলা বাজার সংলগ্ন ৫০০ মিটার কাজ পরিদর্শকালে জানা যায় ১৬ ঘন মিটার/মিটার ডিজাইনে শুধুমাত্র জিও ব্যাগ দ্বার ডাম্পিং এবং তীরে জিও ব্যাগ দেওয়া হয়েছে। দুই স্তরে জিও ব্যাগ দ্বারা অস্থায়ীভাবে কাজ করা হয়েছে। অস্থায়ীভাবে ভাংগন প্রতিরোধের জন্য এ প্রকল্পটি নেয়া হয়েছিল। নদীর গভীরতা এবং স্রোতের তীব্রতা বিবেচনায় তাই মাত্র ১৬ ঘন মিটার/মিটার ডিজাইনে কাজ করা হয়েছে।

১৩.৩। প্রকল্প এলাকা পরিদর্শনকালে জানা যায় মোট ২৩৭৫ মিটার অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ ৬টি প্যাকেজে এবং ড্রেজিং কাজ ১টি প্যাকেজের (মোট ৭টি প্যাকেজ) মাধ্যেমে সম্পন্ন করা হয়। মেঘুলা বাজার সংলগ্ন অস্থায়ী প্রতিরক্ষা কাজ (৫০০ মিটার) ২টি প্যাকেজে এবং নারিশা বাজার সংলগ্ন অস্থায়ী প্রতিরক্ষা কাজ (১২০০ মিটার) ৩টি প্যাকেজে এবং বর্ণিত দু'টি বাজারের মধ্যবর্তী ৬৭৫ মিটারের কাজ ১টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

১৩.৪ মেঘুলা বাজার ও নারিশা বাজারের মধ্যবর্তী ৬৭৫ মিটার কাজ পরিদর্শনকালে দেখা যায় ২ (দুই) স্তরের জিও ব্যাগ দ্বারা কাজ করা হয়েছে। পরিদর্শনকালে নদীর তীরের ভাংগন প্রবণতা দৃষ্টিগোচর হয়েছে।

১৩.৫। নারিশা বাজার এলাকার ১২০০ মিটার কাজ পরিদর্শনকালে জানা যায় এই অংশের কাজও ১৬ ঘন মিটার/মিটার ডিজাইনে শুধুমাত্র জিও ব্যাগ দ্বার ডাম্পিং এবং তীরে জিও ব্যাগ দেওয়া হয়েছে। দুই স্তরে জিও ব্যাগ দ্বারা অস্থায়ীভাবে কাজ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় অস্থায়ী ভাবে যে সকল স্থানে প্রতিরক্ষা কাজ করা হয়েছ সেসকল স্থানের নদী তীরে কয়েকজায়গা ইতোমধ্যে বড় ধরনের ফাটল দেখা দিয়েছে। এছাড়াও তীরের বেশ কয়েক জায়গায় ভাংগনের লক্ষণ দৃষ্টিগোচর হয়েছে।

১৩.৬। অস্থায়ী প্রতিরক্ষা কাজ পরিদর্শনকালে স্থায়ী প্রতিরক্ষা কার্যক্রম গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে অস্থায়ীভাবে তীর প্রতিরক্ষা প্রকল্প বাস্তবায়ন কালেই প্রকল্প এলাকার নদীর ভাঙ্গনের তীব্রতার অবস্থা বিবেচনা করে স্থায়ী প্রতিরক্ষা কাজের জন্য একটি প্রকল্প প্রণয়ন কাজ শুরু করা হয়েছিল এবং কারিগরি কমিটির রিপোর্ট নিয়ে 'ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর হতে নারিশা বাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বামতীর সংরক্ষণ' শীর্ষক প্রকল্প প্রণয়ন করা হয়েছে। স্থীয়ভাবে প্রতিরক্ষা কাজের জন্য বর্ণিত প্রকল্পটি ০১ অক্টোবর/২০১৮ হতে ৩০ জুন/২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৭/০৮/২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে।

১৩.৭। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপি'র সংস্থান মোতাবেক অক্ষাংশ-দ্রাঘিমাংশ ঠিক করে ১৮২১ মিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োজিত এবং কর্মরত জনবল প্রকল্প বাস্তবায়নের সরাসরি কাজ করেছেন। প্রকল্প বাস্তবায়নের জন্য নতুন কোন জনবল নিয়োগের আবশ্যক হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পটি বাস্তবায়নকালে (মে/২০১৫ হতে জুন/২০১৮ পর্যন্ত) ১ জন পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্মে প্রকল্প পরিচালকের তথ্য দেয়া হলোঃ

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১.	মোঃ আব্দুল মতিন সরকার	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা	খন্ডকালীন	১৭/০৮/২০১৬ হতে বর্তমান

১৬। Procurement of Works **এর উপর তথ্যাদিঃ** প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান এবং মূল্যায়ন, **NOA** এবং ওয়ার্ক অর্ডার প্রদানে পিপিআর-২০০৮ বিধিমালা অনুসৃত হয়েছে। প্রকল্প এর আওতায় বিভিন্ন প্যাকেজের তথ্যঃ

ক্র: নং	**প্যাকেজের নাম**	**কাজের পরিমান**	**প্রাক্কলিত মূল্য**	**চুক্তি মূল্য**	**চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ**	**প্রকৃত কাজ সমাপ্তি তারিখ**	**প্রদেয় বিলের পরিমান**
১	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ৩.৪৮৭ to km. ৩.৮৮৭ = ৪০০.০০m	৪০০.০০ m.	২৭৬.০০	২৩৫.০০	১৫.০১.১৭	৩১.০৫.১৭	২০৪.৮১
২	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ৩.৮৮৭ to km. ৪.২৮৭ = ৪০০.০০m	৪০০.০০ m.	২৭৬.০০	২৩৫.০০	১৫.০১.১৭	৩১.০৫.১৭	২০৪.৮০
৩	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ৪.২৮৭ to km. ৪.৬৮৭ = ৪০০.০০m	৪০০.০০ m.	২৭৬.০০	২৫৯.০০	০৮.০১.১৭	৩১.০৫.১৭	২১৬.৫৫
৪	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ২.৩১২ to km. ২.৫৬২ = ২৫০.০০m	২৫০.০০ m.	১৭৩.০০	১৫৫.০০	১৫.০১.১৭	৩১.০৫.১৭	১৩০.১৫

ক্র: নং	প্যাকেজের নাম	কাজের পরিমান	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি মোতাবেক কাজ সমাপ্তি তারিখ	প্রকৃত কাজ সমাপ্তি তারিখ	প্রদেয় বিলের পরিমান
৫	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ২.৫৬২ to km. ২.৮১২ = ২৫০.০০m	২৫০.০০ m.	১৭৩.০০	১৫৫.০০	২৩.০২.১৭	৩১.০৫.১৭	১৩০.১৬
৬	Temporary Bank protective work using Sand Filed, Geo Bag & Gunny Bag dumping Km. ২.৮১২ to km. ৩.৪৮৭ = ৬৭৫.০০m	৬৭৫.০০ m.	৫৯৫.০০	৫৯৫.০০	৩০.০৬.১৭	২১.০৫.১৮	৫৯৪.৪৬
৭	River Dredging work by dredger from km. ২.৮১২ to km. ৪.৬৩৩ = ১.৮২১km.	১৮২১.০০ m.	৪৯৯.০০	৪৯৯.০০	৩০.০৬.১৭	৩০.০৬.১৭	২৩৪.০৩

১৭। **প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব ও উপকারভোগীদের মতামত:** পরিদর্শন কালে প্রকল্প এলাকার জনগণের সুবিধাদির বিষয়ে কয়েক জনের সাথে আলোচনা করা হয়। তারা জানান যে, প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়নের ফলে ২০১৬ সাল থেকে ভাংগন কিছুটা রোধ হয়েছে কিন্তু তারা আগামী বর্ষা মৌসুমের জন্য খুব শংকায় আছেন। অস্থায়ীভাবে হলেও নদীতীর প্রতিরক্ষা করায় এলাকাবাসির অনেক উপকার হয়েছে। তবে স্থায়ী প্রতিরক্ষা কাজ দ্রুত বাস্তবায়নের জন্য প্রকল্প এলাকার জনগণ জোরালো দাবী জানান।

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
➢ পদ্মা নদীর ভাঙ্গন থেকে রক্ষার জন্য ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার কিঃমিঃ ৩.৪৮৭ থেকে কিঃমিঃ ৪.৬৮৭ = ১২০০ মিটার এবং মেঘুলা বাজার সংলগ্ন কিঃমিঃ ২.৩১২ থেকে কিঃমিঃ ২.৮১২ = ৫০০ মিটার এবং নারিশা বাজার ও মেঘুলা বাজার এর মধ্যবর্তী স্থানে ৬৭৫.০০ মিটার সহ সর্বমোট ২৩৭৫ মিটার পদ্মা নদীর বামতীরে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে পদ্মা নদীর তীব্র ভাংগন হতে উক্ত এলাকা সহ ঢাকা দক্ষিণ-পশ্চিম প্রকল্পের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কাম পাকা রাস্তা রক্ষাকরণ। ➢ প্রকল্পটির অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের ফলে অনেক মূল্যবান সম্পদ, বাজার-ঘাট, স্কুল, বসত-ভিটা, রাস্তা-ঘাট, ফসলী জমি, বনায়ন, বৃক্ষরাজী নদীর ভাঙ্গন হতে রক্ষা করা।	▪ উদ্দেশ্য শতভাগ অর্জিত হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতিয়মান হয়েছে।

১৯। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ** : আলোচ্য প্রকল্পটি একটি সফল প্রকল্প এবং শতভাগ উদ্দেশ্য অর্জিত হয়েছে।

২০। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

২০.১। সমাপ্ত প্রকল্পের উদ্দেশ্যে মোটামুটি শতভাগ অর্জিত হয়েছে;

২০.২। অস্থায়ী প্রতিরক্ষামুলক কাজের এলাকাসহ (সমাপ্ত প্রকল্পের) উজানে ও ভাটির এলাকা অন্তর্ভূক্ত করে স্থায়ী ভাবে তীর প্রতিরক্ষা কাজসহ অন্যান্য কাজ নিয়ে একটি নতুন প্রকল্প 'ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর হতে নারিশা বাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বামতীর সংরক্ষণ প্রকল্প ' ০১ অক্টোবর/২০১৮ হতে ৩০ জুন/২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৭/০৮/২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। কিন্তু পরিদর্শনকাল পর্যন্ত অর্থাৎ ২৯/১১/২০১৮ পর্যন্ত বর্ণিত প্রকল্পের মাঠ পর্যায়ে কোন কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে জানা যায়।

২০.৩। অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজের (সমাপ্ত) জন্য ব্যয়কৃত অর্থ খরচ একেবারে বিফলে যাবে যদি অনতিবিলম্বে/এই মৌসুমেই নতুনভাবে গৃহীত 'ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর হতে নারিশা বাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বামতীর সংরক্ষণ প্রকল্পটির কার্যক্রম শুরু করা না হয়।

২০.৪। একনেকের ০৭/০৮/২০১৮ তারিখের সভায় গৃহীত নতুন প্রকল্পটি বাস্তবায়ন কার্যক্রম এখনই শুরু করে এলাকাবাসীর স্থাবর-অস্থাবর সম্পত্তিসহ বিভিন্ন স্থাপনা রক্ষার জরুরী উদ্যোগ গ্রহণ করে এলাকাবাসীর দু:শ্চিন্তা লাঘব করা একান্ত প্রয়োজন;

২০.৫। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অস্থায়ী ভাবে হলেও পদ্মা নদীর ভাঙ্গন থেকে ঢাকা জেলার দোহার উপজেলাধীন পশ্চিম নারিশা বাজার ও মেঘুলা বাজার এলাকাসহ ঢাকা দক্ষিণ-পশ্চিম প্রকল্পের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কাম পাকা রাস্তা রক্ষাপেয়েছে এবং প্রকল্প এলাকার অনেক মূল্যবান সম্পদ, বাজার-ঘাট, স্কুল, বসত-ভিটা, রাস্তা-ঘাট, ফসলী জমি, বনায়ন, বৃক্ষরাজী নদীর ভাঙ্গন হাত থেকে অনেকাংশে রক্ষা পেয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে;

২০.৬। প্রকল্পের আওতায় ৬ (ছয়)টি প্যাকেজে ২৩৭৫ মিটার অস্থায়ী তীর প্ররিক্ষার কাজ সম্পন্ন হয়েছে অর্থাৎ বাস্তব কাজের অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ১৭২৯.২২ (৮৯.৩৮%)।

২১। **<u>বাস্তবায়ন সমস্যাঃ</u>** প্রকল্পটি বাস্তবায়নে তেমন কোন সমস্যা পরিলক্ষিত হয়নি মর্মে জানা যায়।

২২। <u>সুপারিশ/মতামতঃ</u>

২২.১। প্রকল্পের আওতায় সম্পদিত ২৩৭৫ মিটার অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ টিকিয়ে রাখাসহ ইতোমধ্যে ব্যয়কৃত সরকারী অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে এখনই নতুন ভাবে গৃহীত 'ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর হতে নারিশা বাজার হয়ে মোকসেদপুর পর্যন্ত পদ্মা নদীর ড্রেজিং ও বামতীর সংরক্ষণমূলক কাজ" প্রকল্পটির কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে জরুরী ও কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৩.৬, ২০.২, ২০.৪)

২০.২। বর্তমানে এলাকাটি যেহেতু খুবই ভাংগন প্রবণতা দেখা দিয়েছে সেহেতু স্থায়ী প্রতিরক্ষা কাজ যতদ্রুত সম্ভব বাস্তবায়ন করতে হবে;

২০.৩। সংরক্ষিত নদী তীরে এলাকার জনগণ যাতে নৌকা ভিড়ানোর সময় খুটি গেড়ে বা এ্যাংক বসিয়ে ক্ষতিগ্রস্ত না করে সে বিষয়ে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২০.৪। প্রকল্পটির উপর দ্রুত **External Audit** সম্পাদন করতে হবে; এবং

২০.৫। সুপারিশ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তা আইএমইডিকে এক মাসের মধ্যে অবহিত করতে হবে।

ফরিদপুর জেলাধীন আলফাডাঙ্গা উপজেলার দিগনগর/পবনবেগ এলাকায় মধুমতি নদীর বামতীর সংরক্ষণ ও ড্রেজিং শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত-জুন, ২০১৮)

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১. **প্রকল্পের নামঃ** ফরিদপুর জেলাধীন আলফাডাঙ্গা উপজেলার দিগনগর/পবনবেগ এলাকায় মধুমতি নদীর বামতীর সংরক্ষণ ও ড্রেজিং প্রকল্প।

২. **প্রকল্প পরিচালকের নাম ও পদবীঃ** জনাব মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী।

৩. **প্রকল্পের ধরনঃ** বিনিয়োগ প্রকল্প

৪. **উন্নয়ন সহযোগীঃ** প্রযোজ্য নয়

৫. **বাস্তবায়নকাল ও ব্যয়ঃ** বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০১৮ ও ব্যয় ২১৬৭.৮৪ লক্ষ টাকা ।

(লক্ষ টাকায়)

অনুমোদিত বয়		প্রকৃত ব্যয় টাকা প্রঃ সাঃ	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট জিওবি প্রঃ সাঃ	সংশোধিত (সর্বশেষ) মোট জিওবি প্রঃ সাঃ		মূল	সংশোধিত (সর্বশেষ)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২১৬৭.৮৪	২১৬৭.৮৪	১৪১০.৪৭	জানুয়ারী ২০১৭- জুন ২০১৮	-	০৩.১০.২০১৭ হতে ৩০.০৬.২০১৮	-	

৬.বাস্তবায়নকারী সংস্থাঃ

মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রনালয়	প্রকল্প এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোড		ঢাকা	ফরিদপুর	আলফাডাঙ্গা

৭. অনুমোদনের তারিখ, মেয়াদ বৃদ্ধিঃ

মূল	১১/১২/২০১৬
১ম বার মেয়াদ বৃদ্ধি	প্রযোজ্য নয়
১ম সংশোধিত	প্রযোজ্য নয়
আন্তঃখাত সমন্বয়	প্রযোজ্য নয়

৮. প্রকল্পের উদ্দেশ্যঃ

- নদী তীর সংরক্ষণের মাধ্যমে প্রকর্প এলাকায় বন্যা নিয়ন্ত্রণ;
- পাকা রাস্তা, হাট-বাজার ও সরকারি ও বেসরকারি মূল্যবান স্থাপনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকরন;
- নদী তীর ভাঙ্গন রোধ এবং মধুমতি নদীর প্রবাহ বৃদ্ধি করা এবং
- নদী ভাংগন রোধ করে মূল্যবান সম্পদ সংর ক্ষণ, প্রকল্প এলাকার জীবনমান উন্নয়ন, পরিবেশের ভারসাম্য রক্ষাসহ সর্বোপরি দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক অবস্থার উন্নতি করা।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৯. অঙ্গ ভিত্তিক অগ্রগতিঃ

ক্রঃ নং	অঙ্গের নাম	একক	ডিপিপি/টিপিপি অনুযায়ী প্রাক্কলন		জুন, ২০১৮ পর্যন্ত প্রকৃত অর্জন	
			আর্থিক (লাখ)	বাস্তব	আর্থিক (লাখ)	বাস্তব
০১.	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	৩.০০	১০০%	৩.০০	১০০%
০২.	স্টেশনারী, সিল ও স্ট্যাম্পস	থোক	১.০০	১০০%	০.৯৯৭	১০০%
০৩.	জরীপ ও অনুসন্ধান	থোক	২.০০	১০০%	১.৯৯৯	১০০%
০৪.	মুদ্রণ ও প্রকাশনা	থোক	০.৫০	১০০%	০.৫০	১০০%
০৫.	বিভিন্ন কমিটির সম্মানী (পিএসসি, পিআইসি, কারিগরী ইত্যাদি)	থোক	৪.০০	১০০%	১.৬২	৪০.৫০%
০৬.	মধ্যবর্তী মূল্যায়ন	থোক	৮.০০	১০০%	৮.০০	১০০%
০৭.	কম্পিউটার যন্ত্রপাতি	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
০৮.	মটর সাইকেল (১২৫সিসি)	১টি	২.০০	১০০%	১.৬২	১০০%
০৯.	ফটোকপিয়ার	১টি	১.৫০	১০০%	১.৫০	১০০%
১০.	সার্ভে মেশিনসহ সকল যন্ত্রপাতি		১.৫০	১০০%	১.৫০	১০০%
১১.	লেজার প্রিন্টারসহ ব্যানড কম্পিউটার	১সেট	০.৭৫	১০০%	০.৭৫	১০০%
১২.	বনায়ন		১.০০	১০০%	-	-

১৩.	মধুমতি নদীর বামতীর সংরক্ষণ	৫৬৫মিটার	১১৬৯.৫৫	১০০%	১০৯৯.১৩	১০০%
১৪.	মধুমতি নদী ড্রেজিং	৫০০মিটার	৯৩২.০৪	১০০%	২৮৮.৮৫	৫০%
		মোট=	**২১২৭.৮৪**	**১০০%**	**১৪১০.৪৭**	**৮৫%**

১০. বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্ক্ষিত অগ্রগতি না হলে তার কারণ ও প্রকল্প পরিচালকের ব্যাখ্যা): বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ নিম্নরূপঃ-

ক্রঃ নং	অর্থ বছর	অনুমোদিত ডিপিপি অনুযায়ী			প্রকৃত ব্যয়	অর্জিত অগ্রগতি
		বরাদ্দ		লক্ষমাত্রা		
		টাকা	প্রকল্প সাহায্য			
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
০১.	২০১৬-১৭	৪৮৩.৩২	-	২৩%	৮.৬২	০.৩৯
০২.	২০১৭-১৮	১৬৮৪.৫২		৭৭%	১৪০১.৮৫	৮৪.৬০
	সর্বমোট =	**২১৬৭.৮৪**		**১০০%**	**১৪১০.৪৭**	**৮৫%**

১১. কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গঠিত কারিগরি কমিটির মতামত/সুপারিশের পরিপ্রেক্ষিতে ২৫.৭০ মিটার আপ-স্ট্রীমের ইন্টারমিনেশন কাজ এবং ৪২৮৮২৪.৮ ঘন মিটার ড্রেজিং কাজ বাস্তবায়ন না করায় ডিপিপি অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্পের বাস্তবায়ন ব্যয় হ্রাস পেয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান।

১২. মূল্যায়ন পদ্ধতিঃ

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর);
- প্রকল্পের PEC/ECNEC সভার কার্যবিবরণী পর্যালোচনা ;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং প্রকল্প এলাকাভুক্ত সুবিধাভোগীদের মতামত গ্রহণ।

১৩. প্রকল্পের মূল কার্যক্রমঃ

